



অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা, চ্যালেঞ্জ ও করণীয়



জেবুন নাহার

অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর

সাইয়েদাতুন নেছা

যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর

আব্দুল ওয়াহেদ

যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর

মুহাম্মদ হাসান খালেদ

উপ ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

ড. জাহিদা গুলশান

প্রফেসর, এ্যাপ্লাইড স্ট্যাটিস্টিকস এন্ড ডাটা সাইন্স

আইএসআরটি, ঢাকা বিশ্ববিদ্যালয়

একটি প্রায়োগিক গবেষণা



সমবায় অধিদপ্তর

‘অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা, প্রতিবন্ধকতা ও করণীয়’

একটি প্রায়োগিক গবেষণা

গবেষণা উপদেষ্টা কমিটি

মো: শরিফুল ইসলাম

নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা

মো: আহসান কবির

অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা

মোহাম্মদ হাফিজুল হায়দার চৌধুরী

অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর, ঢাকা

গবেষণাদল

জেবুন নাহার, অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা

সাইয়েদাতুন নেছা, যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা

মো: আবদুল ওয়াহেদ, যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা

মুহাম্মদ হাসান খালেদ, উপ ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

ড: জাহিদা গুলশান, প্রফেসর, এ্যাপ্লাইড স্টাটিসটিক্স এন্ড ডাটা সাইন্স,

আইএসআরটি, ঢাকা বিশ্ববিদ্যালয়

সহযোগিতায়

খাদিজা তুল কোবরা, সহকারি নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা

মো: নাজমুল হক, সরেজমিনে তদন্তকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা

আকলিমা, সরেজমিনে তদন্তকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা

প্রকাশকাল

২৯ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

“অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা, প্রতিবন্ধকতা ও করণীয়”

একটি প্রায়োগিক গবেষণা

গবেষণার সারসংক্ষেপ

ভূমিকা

আধুনিক প্রযুক্তি-নির্ভর বিশ্ব অর্থনীতির বর্তমান যুগে প্রতিটি ক্ষেত্রেই সংশ্লিষ্ট প্রক্রিয়ায় বা কৌশলের আশ্রয় নিয়ে এগিয়ে যাওয়ার কোনো বিকল্প নেই। কারণ প্রতিটি ক্ষেত্রেই গুণ-মান, গতি ও সময় সাশ্রয়ে চ্যাম্পিয়ন হওয়ার প্রতিযোগিতা চলছে। এই প্রক্রিয়ায় সুদৃঢ়ভাবে টিকে থাকার জন্য অনুসৃত হচ্ছে- survival of the fittest নীতিমালা। এক্ষেত্রে কাউকে পিছিয়ে ফেলে রেখে যাওয়ার কোনো উদ্যোগই দেশ ও সমাজের জন্য সফল হবে না। এজন্য অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক ব্যবস্থার ওপর সর্বত্র গুরুত্ব দেওয়া। চলতি গ্লোবাল এজেন্ডাতেও যেমন এসডিজিতে অন্তর্ভুক্তিমূলক অর্থব্যবস্থার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হচ্ছে। ব্যবহারিক সংজ্ঞা অনুযায়ী অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি বলতে বোঝায় যে, ম্যাক্রো ও মাইক্রো যেকোনো পর্যায়ের এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা যেখানে বয়স, লিঙ্গ, জাতি, শিক্ষা, ব্যক্তিগত পরিচয়, শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা এবং অন্যান্য বৈশিষ্ট্য নির্বিশেষে সমাজের সব শ্রেণির মানুষের বাধাহীন অন্তর্ভুক্তি বা অংশগ্রহণকে নিশ্চিত করে। অন্যদিকে, সমবায় ব্যবস্থা হচ্ছে স্থানীয় পর্যায়ে ছোট ছোট পরিসরে অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান। অর্থাৎ অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক ব্যবস্থার প্রাথমিক সোপান হচ্ছে সমবায় ব্যবস্থা। এজন্য দেশের সর্বস্তরে এবং সকল পেশাদারদের ক্ষেত্রে যদি কার্যকর সমবায় ব্যবস্থা গড়ে উঠতে পারে তাহলে এর যোগফল হিসাবে সারাদেশে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠিত হতে পারে।

গবেষণার পটভূমি ও যৌক্তিকতা

বাংলাদেশে বর্তমানে ১ লক্ষ ৮৮ হাজার ৮৮৬ টি সমবায় সমিতি রয়েছে যার কার্যকর মূলধনের পরিমাণ প্রায় ২৫ হাজার কোটি টাকা। এ সকল সমবায় সমিতির মাধ্যমে সরাসরি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে ১১ লক্ষ ১২ হাজার ৩৩ জনের। এ সকল সমবায় সমিতির সাথে সম্পৃক্ত ব্যক্তি সদস্য সংখ্যা প্রায় ১ কোটি ২২ লক্ষ ৪১ হাজার ১৫৬ জন। ব্যক্তি সদস্যদের পরিবারের সদস্যদের হিসাব করলে প্রায় ৪ কোটিরও অধিক মানুষ সমবায়ের সাথে সম্পৃক্ত। সমবায় সমিতি ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সমবায় অধিদপ্তর সমবায়ের সাথে সম্পৃক্ত এ বিপুল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। জাতীয় অর্থনীতিতে সমবায় কৃষি, মৎস্য, পশুপালন, পোষাক, দুগ্ধ উৎপাদন, আবাসন, ক্ষুদ্র ঋণ ও সঞ্চয়, কুটির-চামড়াজাত-মৃৎশিল্প ইত্যাদি খাতের বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে উন্নয়নসহ ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীকে স্বাবলম্বী করতে বিশাল অবদান রাখছে। এর মধ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে জড়িত প্রচুর সমবায় সমিতি রয়েছে যারা স্বল্প আয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। সর্বশেষ বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন (২০২৩) অনুযায়ী বর্তমানে এধরনের সমিতির সংখ্যা ৯৩৫৫টি (কার্যকর ৫৫৭৮টি) যার ব্যক্তি সদস্য প্রায় ১০ লক্ষ ৬৪ হাজার ৯৩৯ জন (পুরুষ ৭ লক্ষ ৯০ হাজার ৭৫০ জন, মহিলা ২ লক্ষ ৭৪ হাজার ১০৯ জন), মোট শেয়ার মূলধন ১৭৩০ কোটি টাকা, সঞ্চয় আমানত ৪৫৩৪ কোটি টাকা এবং কার্যকর মূলধনের পরিমাণ ৬৯২২ কোটি টাকা। এসকল সমিতির মাধ্যমে কর্মসংস্থান হয়েছে ২ লক্ষ ৯০ হাজার ২২৫ জনের।

ক্ষুদ্রঋণ কার্যক্রমের সঙ্গে জড়িত প্রতিটি সমবায় প্রতিষ্ঠানের টার্গেট গুপ হচ্ছে সমাজে দরিদ্র ও স্বল্প পুঁজির মানুষ; যারা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় করে এবং সঞ্চিত পুঁজি খাটিয়ে স্থানীয়ভাবে এবং পরিবারের সহযোগিতা কিছু বাড়তি আয়ের উদ্দেশ্যে ঐতিহ্যবাহী বিভিন্ন

খাতে বিনিয়োগ করে থাকে। এসকল বিনিয়োগকারীগণ টেকসইমূলক বাড়তি আয় নিশ্চিত করার জন্য বিনিয়োগ বাড়াতে চায় কিন্তু বাড়তি পুঁজির অভাবে তা করতে সক্ষম হয় না। ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় প্রতিষ্ঠানগুলো প্রয়োজনীয় এই বিনিয়োগের অর্থের যোগান দিয়ে থাকে। প্রতিষ্ঠানগুলো যে অর্থের যোগান দিয়ে থাকে তা কিন্তু শতভাগই সমবায় প্রতিষ্ঠানটির সদস্যদের নিয়মিতভাবে জমা করা শেয়ার সঞ্চয়ের পুঁজিভূত তহবিল। আবার সদস্যরাই প্রতিটি ক্ষুদ্রঋণপ্রদানকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সঙ্গে জড়িত। তারাই বিচার বিশ্লেষণ করে প্রকৃত ও যোগ্য সদস্যদেরকে বিনিয়োগের ঋণের অর্থ সরবরাহ করে এবং বিনিয়োগ মনিটর করে থাকে। তারাই ঋণের অর্থের জন্য সেবামূল্য নির্ধারণ করে থাকে। এভাবে ক্রমান্বয়ে ক্ষুদ্রঋণপ্রদানকারী প্রতিষ্ঠানগুলোর পুঁজিভূত তহবিলের বৃদ্ধি পেতে থাকে এবং একই সাথে সদস্যদের আয় ও সঞ্চয় বৃদ্ধি থাকে। এভাবে সদস্যগণ বিনিয়োগ করে লাভবান হতে থাকে।

এ প্রেক্ষাপটেই দেশের অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গড়ে তোলার ক্ষেত্রে ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতিগুলো অবদান রেখে গেছে এবং চিরাচরিত পন্থায় তাদের অবদান আরও বৃদ্ধি করা সম্ভব নয় এবং যুগের চাহিদার প্রেক্ষিতে এগুলোকে উৎপাদনমুখী করে তোলার বিকল্প নেই। ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় প্রতিষ্ঠানগুলোর বর্তমান কার্যক্রমভিত্তিক চাহিদা, সমস্যা ও ঝুঁকি সম্পর্কিত কোনো পরিসংখ্যান নেই। এসকল সমিতির কার্যক্রম সেভাবে দৃশ্যমানও নয়। যেহেতু এসকল সমবায় প্রতিষ্ঠানকে আরও কার্যকরী ও টেকসইমূলক করা জরুরী এবং ঋদ্রঋণের সুফল/কুফল তুলে ধরে তাদের কার্যক্রমকে আরও স্বচ্ছ ও দৃশ্যমান করা প্রয়োজন সেহেতু বর্তমান সরকারের উন্নয়ন কর্মপরিকল্পনার অংশ হিসেবে দেশের অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতির ভূমিকা ও প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ এবং করণীয় নির্ধারণের জন্য একটি প্রায়োগিক গবেষণা পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়। উল্লেখ্য, এ জাতীয় গবেষণামূলক উদ্যোগ ইতোমধ্যে গ্রহণ করা হয়নি।

গবেষণার উদ্দেশ্য

সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত উদ্দেশ্যকে সামনে রেখে একটি প্রায়োগিক গবেষণা পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়:

১. অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে জড়িত সমবায় সমিতিসমূহের ভূমিকা ও ইতিবাচক প্রভাব ও সম্ভাবনা চিহ্নিতকরণ;
২. অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণপ্রদানকারী সমিতিসমূহের প্রতিবন্ধকতাসমূহ নিরূপণ ও ভবিষ্যত করণীয় নির্ধারণ সম্পর্কে ধারণা প্রদান।

গবেষণা পদ্ধতি

নমুনায়নের নিমিত্ত গবেষণাটিতে বাংলাদেশের ৮টি বিভাগের ৬৪ট জেলার অধীন ৪৩৭টি উপজেলা হতে **Stratified 2-Stage cluster sampling** এর মাধ্যমে সমবায় সমিতি নির্বাচন করা হয়েছে। বর্তমানে বাংলাদেশে কার্যকর ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতির সংখ্যা ৫৫৭৮টি। প্রথম ধাপে সব সমিতিগুলিকে বিভাগ অনুযায়ী **stratification** করে প্রতিটি বিভাগ থেকে সমিতি সংখ্যার অনুপাতে দৈবচয়নের মাধ্যমে মোট ২৪০টি সমিতি এবং দ্বিতীয় ধাপে প্রতিটি নির্বাচিত সমিতি থেকে দৈবচয়নের মাধ্যমে ৩ জন করে মোট ৭২০ জন সদস্যকে সাক্ষাতকারের জন্য নির্বাচন করা হয়। ৭২০ জন সাধারণ সদস্যের নিকট থেকে প্রাপ্ত উত্তরসমূহের মধ্যে ত্রুটিযুক্ত উত্তরসম্বলিত প্রশ্নমালাগুলি বাদ দেয়ার পর সর্বমোট ৬৭৯ জন সাধারণ সদস্যের তথ্য বিশ্লেষণে অন্তর্ভুক্ত করা হয়। এছাড়াও নির্বাচিত ২৪০ টি সমিতি হতে জরীপ প্রশ্নমালার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির ২৪০ জন সভাপতি/সাধারণ সম্পাদক হতে সংগৃহীত তথ্য গবেষণায় ব্যবহার করা হয়।

তথ্য সংগ্রহের জন্য গবেষণার উদ্দেশ্য ও লক্ষ্য অনুযায়ী প্রতিটি ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতির ব্যক্তি সদস্যের জন্য এবং ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জন্য আধা-কাঠামোগত প্রশ্নপত্র প্রণয়নপূর্বক গুণগত ও পরিমাণগত উভয়প্রকার তথ্য সংগ্রহ করা

হয়। এছাড়াও ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত বিভিন্ন দপ্তর, সংস্থা, এনজিও, ব্যাংক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও অর্থনীতিবিদসহ এতদ্বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের নিকট হতে কী-ইনফরমেন্ট সাক্ষাৎকার (Key Informant Interview (KII) গ্রহণ করা হয় এবং সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সদস্য, ঋণ আদায়ের সাথে জড়িত সমবায়ী/কর্মচারি, সমবায় বিভাগীয় কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের সমন্বয়ে Focus Group Discussion(FGD) এর আয়োজন করা হয়। পাশাপাশি মাঠ সমীক্ষা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত প্রতিবেদনের উপর সমবায় অধিদপ্তরসহ বিভিন্ন দপ্তর, সংস্থা, বিশ্ববিদ্যালয় এবং সমবায় সমিতির প্রতিনিধিদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করা হয়।

প্রাথমিক ও সেকেন্ডারী এ দুটি উৎসের মাধ্যমেই তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রাথমিক উৎসের মধ্যে ছিল প্রশ্নপত্র পূরণ ও সমবায়ী ও কর্মকর্তাদের নিকট থেকে সরাসরি তথ্য সংগ্রহ করা এবং সাক্ষাতকার গ্রহণ। সেকেন্ডারী উৎসের মধ্যে ছিল সমবায় সমিতির সংরক্ষিত রেকর্ডপত্র, অডিট নোট ও তদন্ত প্রতিবেদন। তথ্য সংগ্রহের পর গবেষণা দল কর্তৃক প্রাপ্ত তথ্য SPSS ১৬.০ সিস্টেমে কোডিং অনুযায়ী ভাগ করে এন্ট্রি, সটিং, কম্পাইলেশন এবং প্রক্রিয়াকরণ করা হয় এবং প্রাপ্ত ফলাফলসমূহ সারণী, ছক এবং লেখচিত্রের মাধ্যমে প্রকাশ ও বিশ্লেষণ করা হয়েছে। এছাড়া গবেষণার উদ্দেশ্য অনুযায়ী নির্দিষ্ট হাইপোথিসিস এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় স্ট্যাটিস্টিক্যাল টেস্ট (T test, Z test) করা হয়েছে।

ফলাফল বিশ্লেষণ ও পর্যবেক্ষণ মন্তব্য

নির্ধারিত প্রশ্নমালার মাধ্যমে প্রাপ্ত তথ্য এবং গবেষণা দল কর্তৃক গৃহীত KII, FGD ও সেকেন্ডারী উৎস হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা পূর্বক পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

- ❖ গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় জরীপে অংশগ্রহণকারী সমবায়ী সদস্যের অধিকাংশেরই বয়স ৩৬ থেকে ৪৫ এর মধ্যে এবং অধিকাংশই মোটামুটি শিক্ষিত (প্রাইমারি ও মাধ্যমিক পাশ)। গবেষণায় অংশগ্রহণকারীর পরিবারগুলো একক উপার্জনকারীর উপর নির্ভরশীল। অধিকাংশের প্রধান পেশা ব্যবসা। তবে অনেকেই এ পেশার পাশাপাশি কৃষি কাজে ও চাকুরিতে নিযুক্ত রয়েছেন। অধিকাংশ সমবায়ী সদস্যের মাথাপিছু মাসিক আয় ৫,০০০ থেকে ২৫,০০০ টাকার মধ্যে। তবে ২৫,০০০ টাকার উর্ধ্বে উপার্জনকারী সমবায়ীর সংখ্যাও কম নয়। ঋণ গ্রহীতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে অধিকাংশই ঋণ নিয়ে খুদ্র ব্যবসা ও কৃষি খাতে ব্যবহার করেছেন।
- ❖ জরীপে অংশগ্রহণকারীগণের মাধ্যমে খুদ্রঋণদানকারী সমবায় সমিতির সাংগঠনিক অবস্থা পর্যবেক্ষণ করে দেখা যায় অধিকাংশ সমিতিতে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি রয়েছে যাদের বড় অংশই নিয়মিত মাসিক সভা করে থাকে। এ সকল সমিতির নামে মোটামুটি স্থাবর সম্পত্তি (জমি, পুকুর, বাগান) রয়েছে। অধিকাংশ সমিতিরই সমবায় অধিদপ্তর কর্তৃক নিয়মিত বাৎসরিক নীরিক্ষা সম্পাদিত হয়। বেশিরভাগ সমবায় সমিতির ব্যাংক এ্যাকাউন্ট থাকলেও প্রতি ১০টি সমিতির মধ্যে ১টি সমবায় সমিতির কোন ব্যাংক এ্যাকাউন্ট নেই। এছাড়াও সমিতির ঋণ আদায় ও বিতরণ সংক্রান্ত হিসাব সংরক্ষণ করা হয় খাতাপত্রের মাধ্যমে। সফটওয়্যার এর ব্যবহার খুবই কম পাশাপাশি ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম মনিটরিং এর জন্য শক্তিশালী কোন মনিটরিং টুল নেই।
- ❖ খুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলো মূলত তাদের সদস্যদের ঋণ সহায়তার পাশাপাশি প্রশিক্ষণ ও কারিগরি/ব্যবসায়িক পরামর্শ দিয়ে সহায়তা প্রদান করে থাকেন। তবে তা খুব বেশী নয়। বেশিরভাগ সমিতি ঋণ বিতরণ ব্যতীত তেমন কোন সহায়তা প্রদান করেনা। ঋণের অর্থ সদ্যব্যবহরের ক্ষেত্রে প্রয়োজনীয় সামর্থ্য সৃষ্টির জন্য যেসকল প্রশিক্ষণ দরকার তা সাধারণত সদস্যগণ পান না। কিছু কিছু ক্ষেত্রে নিয়ন্ত্রনকারী সংস্থা হিসেবে সমবায়

অধিদপ্তর প্রশিক্ষণ সহায়তা প্রদান করে থাকে যা পর্যাপ্ত নয়। সমিতির কাছ থেকে সদস্যগণ ঋণ সহায়তা পাশাপাশি প্রশিক্ষণ, উপকরণ ইত্যাদি বাবদ সহায়তা আশা করে থাকেন।

- ❖ পন্য উৎপাদন ও বাজারজাতকরণে প্রশিক্ষণলব্ধ জ্ঞান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। জরীপে অংশগ্রহণকারী অধিকাংশ সমবায়ী আয়বর্ধক খাতে প্রশিক্ষণ সহায়তা অপ্রতুল বলে জানিয়েছেন। দুই-তৃতীয়াংশ সদস্য বলেছেন তারা ঋণের অর্থ ব্যবহারের জন্য কোনপ্রকার প্রশিক্ষণ পাননি। সমবায় অধিদপ্তর সমবায়ীদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণের আয়োজন করে থাকলেও সর্বোচ্চ মুনাফা নিশ্চিত করার জন্য তা পর্যাপ্ত নয়। আরো আধুনিক প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। সমবায় অধিদপ্তরের পাশাপাশি সমবায় সমিতির তত্ত্বাবধানে সদস্যদের প্রশিক্ষণ সহায়তার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে গবেষণায় অংশগ্রহণকারীগণ মতামত দেন।
- ❖ গবেষণায় প্রাপ্ত মতামতে দেখা যায় সমবায় সমিতির কার্যক্রম পরিচালনায় প্রযুক্তির ব্যবহার খুবই কম (যেমন ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম মনিটরিং, ক্যাশলেস ট্রানজাকশন, মোবাইল ফাইন্যান্সিয়াল সিস্টেম (এমএফএস) এর ব্যবহার ইত্যাদি)। সমবায়ীগণ আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে তেমন আগ্রহী নয়।
- ❖ ঋণ, প্রযুক্তি, প্রশিক্ষণ, তথ্য ইত্যাদি উপাদানের সুফল গ্রহণ করার জন্য বিনিয়োগ প্রয়োজন। সমবায় সমিতিগুলোর পক্ষে যা সম্ভব হয়না। বিনিয়োগের সামর্থ্য সমবায় সমিতি বা এর সদস্যদের নেই। জরীপে অংশগ্রহণকারী সমবায়ী সদস্যদের মতে পর্যাপ্ত পরিমাণ ঋণের ব্যবস্থা করতে হবে। ঋদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলোকে সাংগঠনিক ও আর্থিকভাবে শক্তিশালী করা হলে সমিতিগুলো সমবায়ী সদস্যদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে সহায়ক ভূমিকা পালনে সমর্থ হবে অংশগ্রহণকারীগণ মনে করেন। এ ক্ষেত্রে ঋণ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে পারে যে কোন ব্যাংক অথবা সমবায় প্রতিষ্ঠান। পাশাপাশি বাংলাদেশ সমবায় ব্যাংক অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠানের ভূমিকা পালন করতে পারে। সরকার, বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশ সমবায় ব্যাংক এর এ বিষয়ে ভূমিকা রাখার যথেষ্ট সুযোগ রয়েছে।
- ❖ গবেষণায় অংশগ্রহণকারী সমবায়ীদের বিগত ৩ বছরের ঋণ প্রাপ্তির অভিজ্ঞতা বিশ্লেষণ করে দেখা গেছে সর্বনিম্ন ৪ হাজার টাকা থেকে শুরু করে সর্বোচ্চ ৫০ লাখ পর্যন্ত সমিতিগুলো থেকে ঋণ দেয়া হয়েছে। ঋণের সুদের হার সর্বনিম্ন ১০% হতে সর্বোচ্চ ২৪% পর্যন্ত এবং ঋণ পরিশোধের সময়সীমা ৩মাস থেকে সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত। প্রাপ্ত তথ্য মতে বেশিরভাগ সদস্যই ব্যবসার উদ্দেশ্যে সমিতি থেকে ঋণ গ্রহণ করেছেন এবং এদের মধ্যে সিংহভাগ যে উদ্দেশ্যে ঋণ নিয়েছেন সে উদ্দেশ্যেই ব্যয় করেছেন বলে মতামত দিয়েছেন। তবে অনেকেই ঋণের কিছু অংশ কিংবা অনেকক্ষেত্রে ঋণের সম্পূর্ণ অর্থ গৃহ মেরামত, সন্তানের শিক্ষা, চিকিৎসা, স্বামীর ব্যবসা এবং অন্য ঋণ পরিশোধে ব্যয় করেছেন। মহিলাদের ক্ষেত্রে দেখা গেছে এক-তৃতীয়াংশ মহিলাই ঋণ নিয়ে নিজে ব্যয় করেননি বরং তাদের অর্থ অধিকাংশই তাদের স্বামী ব্যয় করেছেন।
- ❖ জরীপে অংশগ্রহণকারীগণের স্থাবর অস্থাবর সম্পদ বিশ্লেষণ করে দেখা যায় তাদের সম্পদ অর্জনে ঋদ্রঋণের ইতিবাচক প্রভাব রয়েছে। অর্ধেকের বেশি সদস্যের স্থাবর সম্পদ ঋণ গ্রহণের পূর্ব হতে থাকলেও ঋণ গ্রহণের পূর্বে এবং পরে উভয় সময়ে এক তৃতীয়াংশ অংশগ্রহণকারীর স্থাবর সম্পদ অর্জিত হয়েছে।
- ❖ গবেষণায় দেখা গেছে অন্যান্য প্রতিষ্ঠান এর তুলনায় সমবায় সমিতি থেকে ঋণ গ্রহণের ক্ষেত্রে সমবায়ীগণ বেশি স্বাচ্ছন্দ বোধ করেন কারণ অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় সমিতি হতে দ্রুত পাওয়া যায়, পরিশোধ পদ্ধতি সহজ এবং পদ্ধতিগত জটিলতা কম তবে উল্লেখযোগ্য সংখ্যক অংশগ্রহণকারী উল্লেখ করেছেন সমবায় সমিতির ঋণের সুদের হার বেশি এবং ঋণের পরিমাণ যথেষ্ট নয়।
- ❖ ঋণ গ্রহণ ও প্রদান এবং ঋণের ঝুঁকি নিয়ে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করা হয়। ফলাফলে দেখা যায়, অংশগ্রহণকারীগণ ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রধান ঝুঁকি হিসেবে ঋণের উচ্চ সুদের হার, ঋণ গ্রহণের জন্য জামিনদার না পাওয়া এবং যে ট্রেডে ঋণ দেয়া হচ্ছে সে সম্পর্কে সঠিক জ্ঞান না থাকার কথা বলেছেন। অন্যদিকে ঋণ প্রদানের ক্ষেত্রে প্রধান ঝুঁকি হিসেবে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ বলেছেন অনেক ক্ষেত্রেই ঋণ গ্রহিতা এক কাজে ঋণ নিয়ে আরেক কাজে

ব্যবহার করে থাকেন এবং ঋণ পরিশোধে অনীহা থাকে ফলে ঋণ প্রদানের উদ্দেশ্য ব্যহত হয় এবং ঋণগ্রহীতাকে ঋণ পরিশোধ করতে গিয়ে হিমসিম খেতে হয়।

- ❖ গবেষণা থেকে দেখা গেছে ঋণ প্রদানকারী সমবায় সমিতিগুলো অনেক সময় ঋণ গ্রহীতা নির্বাচনে ভুল করে এবং গ্রাহক পর্যায়ে অনেক সময় ঋণের অর্থের অপব্যবহার হয়। যেমন ঋণগ্রহীতার বৈশিষ্ট্যগুণ হই নিম্নবিত্ত বা বিত্তহীন তাই তারা এই ঋণের অর্থ অনেক সময় মৌলিক চাহিদা মেটাতে ব্যবহার করে ফেলে আবার একই ব্যক্তির নিকট অনেক প্রতিষ্ঠানের ঋণ চলে যায় ফলে ঋণ পরিশোধ বা আদায় কষ্টসাধ্য হয়ে পড়ে এবং নিম্ন আয়ের মানুষ ঋণ চক্রে আবদ্ধ হয়ে পড়ে। এছাড়াও দেখা গেছে সঠিক ঋণ গ্রহীতা নির্বাচন ও বিনিয়োগযোগ্য ব্যবসা ও উদ্যোগকে কেন্দ্র করে উপযুক্ত অর্থায়ন না করার ফলে অনেক সময় এ অর্থ অনুপাদনশীল খাতে ব্যয় হয় ফলে ঋণ কার্যক্রমের মূল উদ্দেশ্য ব্যহত হয় এবং কাঙ্ক্ষিত ফলাফল পাওয়া যায়না।
- ❖ ঋণ পরিশোধ পদ্ধতি সংক্রান্ত প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা গেছে বেশিরভাগ ক্ষেত্রে বাড়ি বাড়ি গিয়ে ঋণ এর কিস্তি আদায় করা হয় পাশাপাশি সদস্যরা নিজে গিয়ে কিস্তি জমা দিয়ে আসেন। ব্যাংক বা মোবাইল ফাইন্যান্সিয়াল সিস্টেম ব্যবহার করে ঋণ পরিশোধের হার খুবই নগন্য এবং এটি তাদের পছন্দের ঋণ পরিশোধ প্রক্রিয়া নয়। বেশিরভাগ সদস্যের পছন্দের শীর্ষে রয়েছে সমিতি কর্তৃক বাড়ি বাড়ি গিয়ে ঋণের অর্থ আদায়। এছাড়াও সমিতি কর্তৃক ঋণ বিতরণ ও আদায়ের হিসাব ম্যানুয়াল পদ্ধতিতে খাতাপত্রের মাধ্যমে সংরক্ষণ করা হয়। সফটওয়্যারের ব্যবহার খুব কম। এ থেকে প্রতীয়মান হয় প্রযুক্তি সম্পর্কে অজ্ঞতা এবং প্রযুক্তির সীমিত ব্যবহারের কারণে সমবায়ীগণ এ প্রক্রিয়ায় লেনদেনে স্বাচ্ছন্দ্যবোধ করেন না।
- ❖ গবেষণায় প্রাপ্ত তথ্য মতে অধিকাংশ সমবায় সমিতি ঋণ গ্রহণ ও পরিশোধে লিখিত চুক্তিপত্র অনুসরণ করলেও ঋণ আদায় ও বিতরণ সংক্রান্ত সমিতির কোন সুনির্দিষ্ট ঋণ নীতিমালা নেই।
- ❖ সমিতি কর্তৃক ঋণ বিতরণ ও আদায়ের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে ৯৫% সমিতি সদস্যদের জমাকৃত শেয়ার ও সঞ্চয় আমানত থেকে ঋণ প্রদান করে থাকে। এছাড়াও সমিতির নিজস্ব তহবিল থেকেও ঋণ প্রদান করা হয়। ঋণের কিস্তি আদায়ের হার ভাল। এছাড়াও জরীপে অংশগ্রহণকারী সমিতিগুলোর বিগত ৩ বছরের নিট মুনাফা পর্যালোচনা করে দেখা যায় প্রতিবছরই মুনাফার পরিমাণ বৃদ্ধি পাচ্ছে যা সমিতির কার্যক্রমের সফলতা নির্দেশ করে।
- ❖ গবেষণায় ঋণপ্রদানকারী সমবায় সমিতিগুলোর সমস্যা এবং সমাধানে করণীয় বিষয়ে প্রাপ্ত মতামত বিশ্লেষণ করে দেখা যায় অংশগ্রহণকারীগণ তহবিল স্বল্পতা, জামানত/সম্পত্তি মর্টগেজ দেওয়া, ঋণের কঠিন শর্তাবলী, ব্যাংক হিসাবের বিপরীতে ব্ল্যাংক চেক গ্রহণ, উচ্চ সুদের হার, সঠিক ঋণ গ্রহীতা নির্বাচন না করা, ঋণের অর্থ নির্ধারিত খাতে বিনিয়োগ না হওয়া কে সমস্যা হিসেবে চিহ্নিত করেছেন। বর্ণিত এসকল সমস্যা সমাধানের জন্য সমিতি কর্তৃক সদস্যদের শেয়ার/সঞ্চয় আদায় নিশ্চিতকরণ ও সঞ্চয়ের বিপরীতে ঋণ প্রদান, কঠিন শর্তাবলী সহজ করা, ব্ল্যাংক চেক গ্রহণ পরিহার, যে কাজে ঋণ দেওয়া হয়েছে সে কাজেই ঋণের অর্থ ব্যবহার নিশ্চিত করা, ঋণ প্রদানের পূর্বে ঋণ গ্রহীতার প্রস্তাবিত প্রকল্প পরিদর্শনসহ ঋণ প্রদানের পর নির্দিষ্ট মেয়াদ অন্তর ব্যবসা/প্রকল্পের কার্যক্রম পরিদর্শন, এবং উচ্চ সুদের হার কমানোর বিষয়ে অংশগ্রহণকারীগণ সুপারিশ করেন।
- ❖ সমবায় সমিতি হতে প্রদত্ত ঋণ সঠিক ও কার্যকরভাবে ব্যবহারের ক্ষেত্রে কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের বিষয়ে গবেষণায় মতামত প্রদান করা হয়েছে। যেমন, জামিনদারকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসা, ঋণের কিস্তি পরিশোধে ঋণগ্রহীতা সদস্যকে আইনগতভাবে বাধ্য থাকার প্রবিধান সৃষ্টি এবং সমিতির সদস্যদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও উজ্জীবন সভা করার বিষয়ে গবেষণায় অংশগ্রহণকারীগণ মতামত দেন। এ সুপারিশগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা হলে ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত সম্ভব হবে এবং ঋণগ্রহীতা সমবায়ীগণ নিজের অবস্থার উন্নতি করতে পারবে বলে জরীপে অংশগ্রহণকারীগণ মনে করেন।

- ❖ জরীপ প্রশ্নমালা এবং এফজিডি হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রায় সকল অংশগ্রহণকারী মনে করেন এলাকার অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে এবং পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে খুদ্রঋণদানকারী সমবায় সমিতি ইতিবাচক প্রভাব ফেলেছে। গবেষনার নমুনা হতে Z-test হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী শতকরা ৮০ জনের অধিক সদস্য মনে করেন যে খুদ্রঋণদানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অধিকাংশই আয় বৃদ্ধি, উদ্যোক্তা তৈরী ও স্বকর্মসংস্থান সৃষ্টিতে সমিতির ভূমিকার কথা বলেছেন। এছাড়াও খুদ্রঋণ কার্যক্রম সদস্যদের আয়ের উপর কী ধরনের প্রভাব ফেলেছে তা বিশ্লেষণের জন্য Paired t-test এর মাধ্যমে ঋণ গ্রহণের পূর্বের এবং ঋণ গ্রহণের পরের আয়ের পার্থক্য পরিমাপ করা হয়। ফলাফলে দেখা গেছে ঋণ গ্রহণ এবং তার সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে সদস্যদের আয় উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।
- ❖ ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল ও কুফল বিশ্লেষণ করে দেখা যায় সুফল হিসেবে অংশগ্রহণকারীগণ আয় বৃদ্ধি, স্থায়ী সম্পদ বৃদ্ধি এবং সামাজিক মর্যাদা বৃদ্ধির কথা বলেছেন এবং খুদ্রঋণের কুফল হিসেবে ঋণ নির্ভরতা বৃদ্ধির কথা বলেছেন। এছাড়াও অধিকাংশ অংশগ্রহণকারী মনে করেন উদ্যোক্তা সৃষ্টি এবং স্বকর্মসংস্থান সৃষ্টিতে সমিতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ গবেষণায় প্রাপ্ত মতামত অনুযায়ী সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে খুদ্রঋণদানকারী সমবায় সমিতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- ❖ গবেষণায় প্রাপ্ত তথ্যমতে মহিলা ঋণ গ্রহীতার পারিবারিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে, পরিবারের অর্থনৈতিক কর্মকাণ্ডে বা গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। খুদ্র উদ্যোক্তা হিসেবে নারীদের অংশগ্রহণ উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পাচ্ছে। অর্থাৎ নারীর ক্ষমতায়নে সমবায় সমিতির খুদ্রঋণ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- ❖ অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে খুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা আরও সম্প্রসারণ ও সমবায়ীদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে এসকল সমিতির ইতিবাচক প্রভাব বৃদ্ধির জন্য সমিতিগুলোকে শক্তিশালী করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে অংশগ্রহণকারীগণ সমিতির শেয়ার, সঞ্চয় ও সদস্য সংখ্যা বৃদ্ধি, নির্দিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান, সমিতির হিসাব পদ্ধতি আধুনিকায়ন, সমিতির জন্য প্রকল্প গ্রহণ এবং সমিতি হতে সদস্যদের জন্য আয়বর্ধক কর্মসূচী/প্রকল্প গ্রহণ, সুনির্দিষ্ট ঋণ নীতিমালা প্রণয়ন, বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বল্প সুদে ঋণ সহায়তা প্রদান এবং সমিতিকে আইনগত সহায়তা প্রদানের সুপারিশ করেছেন।
- ❖ খুদ্রঋণ সেবার সাথে ঋণগ্রহীতার অভিজ্ঞতা অনুযায়ী তাদের সন্তুষ্টির মাত্রা বিশ্লেষণ করে দেখা যায় বেশিরভাগ অংশগ্রহণকারী সন্তুষ্টি প্রকাশ করেছেন যেহেতু সমিতি হতে ঋণ নিয়ে তারা উপকৃত হয়েছেন। বিশেষ করে খুদ্র ব্যবসার সাথে জড়িত সমবায়ীগণ একাধিকবার ঋণ নিয়ে তাদের ব্যবসা সম্প্রসারণ করতে পেরেছেন। খুদ্রঋণের গুরুত্ব অনুধাবন করে প্রায় সকলেই মনে করেন পরিবার/আত্মীয়স্বজন বা প্রতিবেশীদেরকে খুদ্রঋণ সেবা গ্রহণের জন্য সুপারিশ করবেন যা তাদের সন্তুষ্টিরই বহিঃপ্রকাশ।

সুপারিশ

গবেষণার ফলাফল বিশ্লেষণ করে দেখা যায় প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে সমবায়ের মাধ্যমে খুদ্র ঋণের ব্যাপক ভূমিকা রয়েছে। তবে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে বিভিন্ন শ্রেণি ও পেশার জনগোষ্ঠীর অধিকতর অংশগ্রহণ নিশ্চিতকল্পে সমবায়ের অবদান বৃদ্ধির ক্ষেত্রে কিছু প্রাতিষ্ঠানিক দুর্বলতা, প্রতিবন্ধকতা ও ঝুঁকি রয়েছে যা গবেষণা হতে বের হয়ে এসেছে এবং এতদ্বিষয়ে করণীয় সংক্রান্ত সুপারিশ পাওয়া গিয়েছে যা নিম্নরূপ:

- সমবায় অধিদপ্তর কর্তৃক সমন্বিত আমানত, বিনিয়োগ ও ঋণ নীতিমালা প্রণয়নসহ সকল সমবায় সমিতির জন্য তা অনুসরণ বাধ্যতামূলক করা;

- ঋণের সুদের হার যৌক্তিককরণ;
- সুদের হার ও মুনাফার সর্বোচ্চ সীমা নির্ধারণ;
- সমবায় ঋণের সিলিং অনুযায়ী মর্টগেজ পদ্ধতির প্রচলন;
- সমিতির ঋণ কার্যক্রম পরিচালনার জন্য একটি সমন্বিত একাউন্টিং ও রিপোর্টিং সফটওয়্যার তৈরী ও সকল সমিতির জন্য তা ব্যবহার নিশ্চিত করা;
- ঋণ কার্যক্রম তদারকির জন্য শক্তিশালী মনিটরিং ব্যবস্থা চালুকরণ;
- যে কাজে ঋণ দেয়া হচ্ছে সে কাজেই ব্যয় হচ্ছে কিনা তা ঋণদানকারী সমবায় সমিতি কর্তৃক যাচাই করা;
- ঋণ প্রদানের পূর্বে সমিতি কর্তৃক ঋণের আবেদনকারীর অন্য কোন অপরিশোধিত প্রাতিষ্ঠানিক ঋণ রয়েছে কিনা তা যাচাই করা;
- ঋণ গ্রহণের উদ্দেশ্য, ঋণ গ্রহীতার আয়ের উৎস ইত্যাদি বিবেচনায় এনে সমিতি কর্তৃক ঋণের কিস্তি/সার্ভিস চার্জ/পরিশোধের সময়সীমা নির্ধারণ;
- ঋণপ্রদানকারী সমবায় সমিতির ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য স্মার্ট প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ এবং সঠিক ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণের অর্থ প্রদান, ঋণের অর্থ ব্যবহার, কিস্তি পরিশোধ পদ্ধতি প্রযুক্তি নির্ভর করা;
- সমবায় সমিতি কর্তৃক প্রদত্ত ঋণের অর্থ আয়বর্ধক খাতে বিনিয়োগ নিশ্চিত করা;
- সমবায় অধিদপ্তর কর্তৃক সৃষ্ট আইন ও ভারসাম্যপূর্ণ নিয়ন্ত্রণ ব্যবস্থা তৈরীর মাধ্যমে খুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতিগুলোর স্বচ্ছতা, স্থিতিশীলতা ও সদস্যদের সুরক্ষা নিশ্চিত করা এবং এ খাতে আর্থিক অনিয়ম ও অসম প্রতিযোগিতা রোধ করা;
- ঋণ পরিচালনাকারী সমবায় সমিতির ব্যবস্থাপনার সাথে জড়িত সদস্যদের জন্য নিয়মিত বিশেষায়িত প্রশিক্ষণ এবং ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণগ্রহীতার জন্য ট্রেডভিত্তিক ও ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধিকর জন্য সমবায়ভিত্তিক প্রকল্প গ্রহণ;
- বাংলাদেশ ব্যাংক, তফসিলি ব্যাংক, পিকেএসএফসহ দেশি বিদেশি উন্নয়ন সংস্থা হতে খুদ্রঋণ বিতরণকারী সমবায় সমিতির জন্য সহজ শর্তে মূলধন সরবরাহ নিশ্চিত করা;
- সমবায় সমিতিকে অর্থায়নের নিমিত্তে সমবায় ব্যাংককে শক্তিশালীকরণ ও সক্ষমতা বৃদ্ধি;
- সমবায় অধিদপ্তরের নিয়ন্ত্রণে আমানত সুরক্ষা তহবিল গঠন করে উক্ত তহবিল হতে সমিতিকে চাহিত মূলধন সরবরাহের ব্যবস্থা করা;
- একক ব্যক্তি সদস্য কর্তৃক খুদ্র ঋণের অর্থ দ্বারা স্বীয় অবস্থার উন্নয়নের সুযোগ সীমিত বিধায় সমিতির সদস্যদের মধ্য থেকে গ্রুপ তৈরী করে স্থানীয় চাহিদার ভিত্তিতে তাদেরকে যৌথ ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে ঋণ বিতরণ। অর্থাৎ মাইক্রো ক্রেডিটিং এর পরিবর্তে মাইক্রো ফাইন্যান্সিং এর ব্যবস্থা গ্রহণ;
- ঋণ আদায়ে আইনী সহায়তা প্রদান ও ডিসপুট মামলা উৎসাহিতকরণ;
- ঋণ প্রদানে প্রাকৃতিক দুর্যোগ ও মৃত্যুবুঁকি বিবেচনা করা;
- নগদ তহবিল উদ্বৃত্ত রয়েছে এমন সমবায় সমিতিসমূহ হতে নগদ তহবিল ঘাটতি রয়েছে এমন সমিতিসমূহে স্বল্প সার্ভিস চার্জে কল মানি সরবরাহ করা;
- ঋণ গ্রহীতাকে তাঁর সঞ্চয়ের ৪০ এর পরিবর্তে ৮০ বা ১০০ গুণ ঋণ দেয়ার ব্যবস্থা করা;
- সঞ্চয়ের বিপরীতে বাধ্যতামূলকভাবে নির্ধারিত হারে তারল্য সংরক্ষণ;
- সংরক্ষিত তহবিল গঠন;

- উপজেলা পর্যায়ে স্বল্পসুদে ঘূর্ণায়মান তহবিল দেয়া;
- ঋণের তহবিল বৃদ্ধির জন্য সরকার, ব্যাংক বা অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে আর্থিক সংস্থান
- ত্রিপক্ষীয় চুক্তি (ব্যাংক, সমিতি ও সরকার) করে সমিতিকে ঋণ দেয়া;
- ঋদ্রঋণদানকারী সমবায় সমিতির দক্ষতা বৃদ্ধি ও প্রযুক্তি ব্যবহার করে পরিচালনা ব্যয় হ্রাস;
- ঋদ্রঋণদানকারী সমবায় সমিতির আর্থিক পরিষেবা বহুমুখীকরণ;
- সমবায় সমিতির সুবিধা তুলে ধরে প্রচারণা বৃদ্ধি করা;
- ঋণগ্রহীতার আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনের বিষয়ে পিরিওডিক্যাল মূল্যায়ন;
- সকল ঋণ প্রদানকারী সমবায় সমিতির পারফরমেন্স অডিট নিশ্চিত করা;
- ঋদ্রঋণদানকারী সমবায় সমিতি কর্তৃক সাধারণ মানুষের তহবিল তছরুপের বিষয়ে সমবায় সমিতি আইন ও বিধির প্রয়োগ নিশ্চিত করা;
- ঋদ্রঋণদানকারী সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধন প্রদান প্রক্রিয়া অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করা যাতে উইফোড স্বার্থাশ্বেষী সমবায় সমিতি গড়ে উঠতে না পারে;
- সমিতির ক্যাটাগরি পুনর্বিদ্যাসকরণের মাধ্যমে একই কর্ম এলাকায় একই ক্যাটাগরির একাধিক সমিতির মধ্যে অশুভ প্রতিযোগিতা বন্ধ করা।

পরিশেষে বলা যায় স্বল্প আয়ের মানুষদেরকে অর্থনৈতিক ও সামাজিকভাবে ক্ষমতায়নের ক্ষেত্রে ঋদ্রঋণদানকারী প্রতিষ্ঠান একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠিত এবং প্রান্তিক পর্যায়ে সাধারণ উদ্যোক্তাদের প্রয়োজন অনুযায়ী স্থিতিশীল ও সহজলভ্য অর্থ প্রবাহের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ঋদ্রঋণদানকারী প্রতিষ্ঠানসমূহের ইতিবাচক ভূমিকা অনস্বীকার্য। গবেষণায় প্রাপ্ত ফলাফলে দেখা গেছে ঋদ্রঋণদানকারী সমবায় সমিতির মাধ্যমে ঋণগ্রহীতা সদস্যদের শেয়ার, সঞ্চয়, আয় ও বিনিয়োগ ক্রমান্বয়ে বাড়তে থাকে এবং ঋণের অর্থের সঠিক বিনিয়োগের মাধ্যমে ঋণগ্রহীতার ব্যবসা প্রসারিত হয়, পুঁজি বৃদ্ধি পায়, ঋণগ্রহীতার দারিদ্র্য দূর হয় এবং দরিদ্র ও স্বল্পপুঁজির মানুষেরা ছোট ছোট উদ্যোক্তায় পরিণত হয়। গবেষণায় প্রাপ্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ, সংস্কার, কর্মসূচি, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হলে সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের পাশাপাশি ঋদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলো দেশের সামগ্রিক অর্থনীতিতে অধিকতর ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হবে।

সূচীপত্র

ক্রঃ নং	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
১.১	ভূমিকা	১
১.২	গবেষণার পটভূমি ও যৌক্তিকতা	২
১.৩	গবেষণার উদ্দেশ্য	৩
১.৪	গবেষণার সুফলভোগী	৩
১.৫	গবেষণার সীমাবদ্ধতা	৩
১.৬	গবেষণা পদ্ধতি	৩-৯
১.৬.১	গবেষণা দল	৪
১.৬.২	গবেষণার সময়ভিত্তিক পর্যায়সমূহ	৫
১.৬.৩	নমুনায়ন	৬
১.৭	তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণ	৬
১.৭.১	গবেষণা প্রশ্নমালা (Questionnaire):	৭
১.৭.২	তথ্যের উৎস	৭
১.৭.৩	তথ্য সংগ্রহের পদ্ধতি	৮
১.৭.৪	তথ্য প্রক্রিয়াকরণ	৮
১.৭.৫	তথ্য বিশ্লেষণ	৯
২.০	সাহিত্য পর্যালোচনা	৯-১৩
৩.০	ফলাফল বিশ্লেষণ	১৪-১০৬
৩.১.০	সমবায় সমিতির সাধারণ সদস্য হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ	১৪-৪২
৩.১.১	সদস্য উত্তরদাতার সাধারণ তথ্য	১৪
৩.১.১.১	লিঙ্গ ও বয়স	১৫
৩.১.১.২	শিক্ষাগত যোগ্যতা	১৫
৩.১.১.৩	বৈবাহিক অবস্থা	১৬
৩.১.১.৪	পেশা	১৬
৩.১.১.৫	মাসিক আয়	১৭
৩.১.১.৬	আয়ের উৎস	১৮
৩.১.১.৭	সদস্যদের স্থাবর অস্থাবর সম্পদ	১৮
৩.১.১.৮	ব্যাংক একাউন্ট	১৯
৩.১.২	সঞ্চয় ঋণদানকারী সমবায় সমিতির পরিচিতি ও সাধারণ সদস্যদের সমিতি সংক্রান্ত তথ্যাবলী	১৯
৩.১.২.১	সদস্যদের উন্নয়নে সমিতির ভূমিকা	১৯
৩.১.২.২	ঋণ প্রাপ্তির অভিজ্ঞতা	২০
৩.১.২.৩	বিগত ৩ বছরের ঋণের তথ্য	২০
৩.১.২.৪	ঋণগ্রহণের প্রাথমিক উদ্দেশ্য	২১
৩.১.২.৫	যে উদ্দেশ্যে ঋণ নিয়েছেন সে উদ্দেশ্যে ঋণের পুরো অর্থ ব্যয় করেছেন কিনা	২১
৩.১.২.৬	যে কাজে ঋণ নিয়েছে সে কাজে ব্যয়িত সময়	২২

ক্রঃ নং	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
৩.১.২.৭	ঋণের অবশিষ্ট অর্থ যে কাজে ব্যয় করেছেন	২২
৩.১.২.৮	ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কে ধারণা	২২
৩.১.২.৯	অন্যান্য প্রতিষ্ঠানের ঋণের তুলনায় সমবায় সমিতির ঋণের সুবিধাসমূহ	২৩
৩.১.২.১০	অন্যান্য প্রতিষ্ঠানের ঋণের তুলনায় সমবায় সমিতি ঋণের অসুবিধাসমূহ	২৪
৩.১.২.১১	মহিলাদের ঋণের ব্যবহার	২৪
৩.১.৩	সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিগুলোর ভূমিকা	২৫
৩.১.৩.১	সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা	২৫
৩.১.৩.২	প্রশিক্ষণ	২৬
৩.১.৪	ঋণ প্রাপ্তি ও পরিশোধ	২৭
৩.১.৪.১	ঋণগ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা/ ঝুঁকি	২৭
৩.১.৪.২	ঋণ পরিশোধের পদ্ধতি	২৮
৩.১.৪.৩	ঋণ পরিশোধের ক্ষেত্রে পছেদের প্রক্রিয়া	২৯
৩.১.৪.৪	ঋণ পরিশোধের উৎস	২৯
৩.১.৪.৫	ঋণগ্রহণ ও পরিশোধে আইন/বিধি/নীতিমালা/পদ্ধতি/চুক্তিপত্রের অনুসরণ	৩০
৩.১.৪.৬	একটি প্রতিষ্ঠান/ ব্যক্তি থেকে ঋণ নিয়ে অন্য প্রতিষ্ঠানের/ ব্যক্তির ঋণ পরিশোধ	৩০
৩.১.৪.৭	ঋণের সুদ নির্ধারণ	৩১
৩.১.৪.৮	ঋণের কিস্তি প্রদান	৩২
৩.১.৪.৯	ঋণ পরিশোধের সমস্যা	৩২
৩.১.৪.১০	ঋণ প্রদান ও পরিশোধ প্রক্রিয়া মনিটরিং	৩৩
৩.১.৫	ক্ষুদ্র ঋণের প্রভাব	৩৪
৩.১.৫.১	এলাকার অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে/পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ক্ষুদ্র ঋণের প্রভাব	৩৪
৩.১.৫.২	ঋণগ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল	৩৪
৩.১.৫.৩	ঋণগ্রহণের মাধ্যমে প্রাপ্ত কুফল	৩৫
৩.১.৫.৪	ঋণগ্রহণের পূর্বে এবং ঋণ গ্রহণের পরে আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন	৩৬
৩.১.৬	ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলোর সমস্যা	৩৭
৩.১.৭	ক্ষুদ্রঋণদানকারী সমিতিগুলো এ সমস্যা সমাধানে যে ধরনের ভূমিকা পালন করতে পারে	৩৮
৩.১.৮	প্রকল্প থেকে সহায়তা প্রাপ্তি	৩৮
৩.১.৯	সার্বিক ধারণা	৩৯
৩.১.১০	ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিতে শক্তিশালী করার উপায়	৪০
৩.১.১১	উন্নতির জন্য পরামর্শ	৪১
৩.১.১২	ক্ষুদ্রঋণ সেবা সম্পর্কে সন্তুষ্টি	৪১
৩.১.১৩	ক্ষুদ্রঋণ সেবা গ্রহণের সুপারিশ	৪২
৩.১.১৪	স্ট্যাটিসটিক্যাল টেস্ট (T-test, Z-test)	৪২
৩.২	সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ	৪৬-৬১
৩.২.০	সাংগঠনিক তথ্য	৪৬
৩.২.১	সমবায় সমিতির সদস্য সংখ্যা	৪৬

ক্রঃ নং	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
৩.২.২	সমবায় সমিতি ব্যবস্থাপনা	৪৬
৩.২.৩	সমিতিতে নিয়মিত মাসিক ও বার্ষিক সভা অনুষ্ঠান	৪৭
৩.২.৪	সমিতিতে নিয়মিত অডিট সম্পাদন	৪৭
৩.২.৫	তদন্ত ও মামলা	৪৭
৩.২.৬	সমিতির ব্যাংক একাউন্ট	৪৭
৩.২.৭	কর্মসংস্থান	৪৭
৩.২.৮	কর্মসংস্থানের ধরণ	৪৮
৩.২.৯	ঋণ প্রদান ও পরিশোধে আইন বিধির অনুসরণ	৪৯
৩.২.১০	ঋণ প্রদান ও আদায়ে ক্ষেত্রে প্রতিবন্ধকতা/ঝুঁকি	৪৯
৩.২.১১	ঋণের কিস্তি পরিশোধ	৪৯
৩.২.১২	ঋণের সঠিক ও কার্যকর ব্যবহারে ক্ষেত্রে সুপারিশ	৫০
৩.২.১৩	সদস্যদের আর্থিক উন্নয়নের ক্ষেত্রে সমবায় সমিতির প্রভাব	৫১
৩.২.১৪	সমিতি কর্তৃক সদস্যদের জন্য গৃহীত প্রকল্প	৫১
৩.২.১৫	কাজের ক্ষেত্রে প্রতিবন্ধকতা	৫২
৩.২.১৬	বাজারজাতকরণ	৫৩
৩.২.১৭	ঋণ সহায়তা প্রাপ্তি ও ব্যবহার	৫৩
৩.২.১৮	ঋণ আদায়/বিতরণ কার্যক্রম মনিটরিং পদ্ধতি	৫৪
৩.২.১৯	ঋণ গ্রহণের উদ্দেশ্য ও ঋণের ব্যবহার	৫৪
৩.২.২০	সমিতি হতে ঋণগ্রহণের সংখ্যা	৫৪
৩.২.২১	অন্য প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ	৫৪
৩.২.২২	সমিতি কর্তৃক ঋণ বিতরণ ও আদায়ের তথ্য	৫৫
৩.২.২৩	ঋণের সুদের হার নির্ধারণ	৫৫
৩.২.২৪	আমানত সংগ্রহ	৫৬
৩.২.২৫	সমিতির সম্পদ	৫৬
৩.২.২৬	বিগত ৩ বছরের সমিতির নীট মুনাফার ও নীট ক্ষতির পরিমাণ	৫৭
৩.২.২৭	বিগত ৩ বছরের সমিতির নীট ক্ষতির পরিমাণ	৫৭
৩.২.২৮	ক্ষমতায়ন	৫৮
৩.২.২৯	ক্ষমতায়নের ধরণ	৫৮
৩.২.৩০	সমিতি কর্তৃক প্রকল্প গ্রহণ	৫৯
৩.২.৩১	সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে আর্থসামাজিক অবস্থার উন্নয়ন	৫৯
৩.২.৩২	প্রযুক্তির ব্যবহার	৫৯
৩.২.৩৩	প্রশিক্ষণ	৬০
৩.২.৩৪	প্রশিক্ষণের ধরণ	৬০
৩.২.৩৫	প্রত্যাশা	৬১
৩.৩	ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) এর মাধ্যমে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ	৬২-৬৪
৩.৪	কী-ইনফর্মেন্ট সাক্ষাৎকার (KII) এর মাধ্যমে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ	৬৫-৭০
৩.৫	SWOT Analysis: অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা, প্রতিবন্ধকতা ও করণীয়	৭১-৭২

ক্রঃ নং	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
৪.০	সার্বিক পর্যবেক্ষণ	৭৩-৭৮
৫.০	সুপারিশ	৭৯-৮১
৬.০	উপসংহার	৮১
	গ্রন্থপুঞ্জি	৮২
পরিশিষ্ট -১	দ্বৈবচয়নের ভিত্তিতে নির্বাচিত উপজেলার তালিকা	৮৪-৯৩
পরিশিষ্ট -২	সমবায় সমিতির সদস্যদের জন্য প্রণীত জরীপ প্রশ্নমালা	৯৪-৯৯
পরিশিষ্ট -৩	সমবায় সমিতির ব্যবস্থাপনা কমটির সদস্যদের জন্য প্রণীত জরীপ প্রশ্নমালা	১০০-১০৫
পরিশিষ্ট -৪	Key Informant Interview (KII) চেকলিস্ট	১০৬
পরিশিষ্ট -৫	এক নজরে সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির উপজেলা, জেলা ও বিভাগওয়ারী সার্বিক তথ্য (৩০-০১-২০২৪খ্রি. পর্যন্ত)	১০৭-১৫৩
পরিশিষ্ট -৬	মাঠ সমীক্ষা কার্যক্রমের চিত্র	১৫৪-১৫৮

লেখচিত্র নং	লেখচিত্রের তালিকা	পৃষ্ঠা নং
লেখচিত্র-১	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যের সংখ্যা	১৪
লেখচিত্র-২	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের বয়স	১৪
লেখচিত্র-৩	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের শিক্ষাগত যোগ্যতা	১৫
লেখচিত্র-৪	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের বৈবাহিক অবস্থা	১৫
লেখচিত্র-৫	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের পেশা	১৬
লেখচিত্র-৬	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের মাসিক আয় (ঋণ গ্রহণের পূর্বে ও পরে)	১৭
লেখচিত্র-৭	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের আয়ের উৎস	১৭
লেখচিত্র-৮	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের সম্পদ	১৮
লেখচিত্র-৯	সদস্যদের জন্য সমিতি যে ধরনের কাজ করে থাকে	১৯
লেখচিত্র-১০	সদস্যদের ঋণ প্রাপ্তির উৎস	২০
লেখচিত্র-১১	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের ঋণ গ্রহণের প্রাথমিক উদ্দেশ্য	২১
লেখচিত্র-১২	যে উদ্দেশ্যে ঋণ নেয়া হয়েছে সে উদ্দেশ্যে ঋণের পুরো অর্থ ব্যয় হয়েছে কিনা	২১
লেখচিত্র-১৩	ঋণের অবশিষ্ট অর্থ যে কাজে ব্যয় করা হয়েছে	২২
লেখচিত্র-১৪	ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কে ধারণা প্রাপ্তি	২৩
লেখচিত্র-১৫	সমবায় সমিতির ঋণের সুবিধা	২৩
লেখচিত্র-১৬	সমবায় সমিতির ঋণের অসুবিধা	২৪
লেখচিত্র-১৭	মহিলাদের ঋণের অর্থের ব্যবহার	২৪
লেখচিত্র-১৮	সঞ্চয় ও ঋণদানকারী সমিতিগুলোর ভূমিকা	২৫
লেখচিত্র-১৯	সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে সমিতির ভূমিকা	২৬
লেখচিত্র-২০	প্রশিক্ষণ প্রাপ্তি	২৬
লেখচিত্র-২১	সদস্যদের ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা/ঝুঁকি রয়েছে কিনা	২৭
লেখচিত্র-২২	সদস্যদের ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ	২৭
লেখচিত্র-২৩	সদস্যদের ঋণ পরিশোধের পদ্ধতি	২৮
লেখচিত্র-২৪	ঋণ পরিশোধের ক্ষেত্রে পছন্দের প্রক্রিয়া	২৯
লেখচিত্র-২৫	ঋণ গ্রহণ ও পরিশোধে আইন/বিধি/নীতিমালা/পদ্ধতি/চুক্তিপত্র অনুসরণ	৩০
লেখচিত্র-২৬	এক উৎস হতে ঋণ নিয়ে অন্য উৎসের ঋণ পরিশোধ	৩১
লেখচিত্র- ২৭	বার্ষিক সভায় সমিতির ঋণের সুদ নির্ধারণ	৩১
লেখচিত্র-২৮	ঋণের কিস্তি প্রদান	৩২
লেখচিত্র-২৯	সদস্যদের ঋণ পরিশোধে সমস্যা	৩২
লেখচিত্র-৩০	সদস্যদের ঋণ কার্যক্রম মনিটরিং হয় কি না	৩৩
লেখচিত্র-৩১	সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল	৩৫
লেখচিত্র-৩২	ঋণ গ্রহণের ফলে আর্থসামাজিক অবস্থার পরিবর্তন হয়েছে কিনা	৩৬
লেখচিত্র ৩৩	ঋণ গ্রহণের ফলে আর্থসামাজিক অবস্থার পরিবর্তন	৩৬
লেখচিত্র-৩৪	প্রকল্প ঋণ কার্যক্রম থেকে সহায়তা	৩৮
লেখচিত্র-৩৫	প্রকল্প কার্যক্রম থেকে প্রাপ্ত সহায়তা	৩৯
লেখচিত্র-৩৬	অর্থনৈতিক উন্নয়নে ক্রেডিট ইউনিয়ান ও ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা	৩৯
লেখচিত্র-৩৭	ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির নিকট সদস্যদের চাহিদা	৪১
লেখচিত্র-৩৮	ক্ষুদ্রঋণ সেবা সম্পর্কে সন্তুষ্টির মাত্রা	৪১
লেখচিত্র-৩৯	ক্ষুদ্রঋণ গ্রহণে অন্যকে সুপারিশ	৪২

লেখচিত্র-৪০	ব্যবস্থাপনা কমিটির ধরণ	৪৭
লেখচিত্র-৪১	কর্মসংস্থানের ধরণ	৪৮
লেখচিত্র-৪২	ঋণ ঝুঁকির ধরণ	৪৯
লেখচিত্র-৪৩	প্রদত্ত ঋণ সঠিক ও কার্যকরভাবে ব্যবহারের ক্ষেত্রে সুপারিশ	৫০
লেখচিত্র-৪৪	সদস্যদের আর্থিক উন্নয়নের ক্ষেত্রে সমবায় সমিতির প্রভাব	৫১
লেখচিত্র-৪৫	সমবায়ের মাধ্যমে ব্যবসায় বাধা	৫২
লেখচিত্র-৪৬	সমিতি থেকে গৃহীত ঋণের ব্যবহার	৫৩
লেখচিত্র-৪৭	ঋণ আদায়/বিতরণ মনিটরিং	৫৩
লেখচিত্র-৪৮	যে সকল সংস্থা হতে ঋণ গ্রহণ করা হয়েছে	৫৪
লেখচিত্র-৪৯	ঋণের সুদ নির্ধারণ	৫৫
লেখচিত্র-৫০	ঋণের পূঁজির উৎস	৫৬
লেখচিত্র-৫১	সমিতির নীট লাভ ও ক্ষতির পরিমাণ	৫৭
লেখচিত্র-৫২	ক্ষমতায়নের ধরণ	৫৮
লেখচিত্র-৫৩	প্রযুক্তির ব্যবহারের ধরণ	৫৯
লেখচিত্র-৫৪	প্রশিক্ষণের ধরণ	৬০
লেখচিত্র-৫৫	প্রশিক্ষণ প্রদানকারী দপ্তর/ সংস্থা	৬০
সারণীর নং	সারণীর তালিকা	পৃষ্ঠা নং
সারণী-১	গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের বিগত তিন বছরের ঋণের তথ্য	২০
সারণী-২	সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা	২৫
সারণী-৩	সদস্যদের ঋণ পরিশোধের পদ্ধতি	২৮
সারণী-৪	ঋণ পরিশোধের উৎস	২৯
সারণী-৫	সমিতি ঋণ প্রদান ও পরিশোধ মনিটরিং পদ্ধতি	৩৩
সারণী-৬	আর্থসামাজিক অবস্থার উন্নয়নে ক্ষুদ্র ঋণ প্রাপ্তির প্রভাব	৩৪
সারণী-৭	সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল	৩৪
সারণী-৮	সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত কুফল	৩৫
সারণী-৯	ক্ষুদ্রঋণ গ্রহণ ও পরিশোধের ক্ষেত্রে প্রধান সমস্যা	৩৭
সারণী-১০	ক্ষুদ্রঋণদানকারী সমিতি গুলো এ সমস্যা সমাধানে যে ধরণের ভূমিকা পালন করতে পারে	৩৮
সারণী-১১	ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতিতে শক্তিশালী করার উপায়	৪০
সারণী-১২	সমবায় সমিতির সংখ্যা	৪৬
সারণী-১৩	সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির ধরণ	৪৬
সারণী-১৪	কর্মসংস্থান	৪৮
সারণী-১৫	কর্মসংস্থানের ধরণ	৪৮
সারণী-১৬	ঋণ আদায় ও বিতরণ	৫৫
সারণী-১৭	সমিতির সম্পদ	৫৬
সারণী-১৮	সমিতির ৩ বছরের নীট লাভের পরিমাণ	৫৭
সারণী-১৯	সমিতির নীট ক্ষতির পরিমাণ	৫৭

“অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা, প্রতিবন্ধকতা ও করণীয়”

একটি প্রায়োগিক গবেষণা

১.১ ভূমিকা

আধুনিক প্রযুক্তি-নির্ভর বিশ্ব অর্থনীতির বর্তমান যুগে প্রতিটি ক্ষেত্রেই সংশ্লিষ্ট প্রক্রিয়ায় বা কৌশলের আশ্রয় নিয়ে এগিয়ে যাওয়ার কোনো বিকল্প নেই। কারণ প্রতিটি ক্ষেত্রেই গুণ-মান, গতি ও সময় সাশ্রয়ে চ্যাম্পিয়ন হওয়ার প্রতিযোগিতা চলছে। এই প্রক্রিয়ায় সুদৃঢ়ভাবে টিকে থাকার জন্য অনুসৃত হচ্ছে- survival of the fittest নীতিমালা। এক্ষেত্রে কাউকে পিছিয়ে ফেলে রেখে যাওয়ার কোনো উদ্যোগই দেশ ও সমাজের জন্য সফল হবে না। এজন্য অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক ব্যবস্থার ওপর সর্বত্র গুরুত্ব দেওয়া। চলতি গ্লোবাল এজেন্ডা অর্থাৎ এসডিজিতে অন্তর্ভুক্তিমূলক অর্থব্যবস্থার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হচ্ছে। এভাবে গুরুত্বারোপের কৌশল হচ্ছে টেকসই অর্থনৈতিক উন্নয়নের সকল অলি-গলিতে প্রবেশে ও অবস্থানের সমান সুযোগ নিশ্চিত করা। এতে সকলের যার বা শক্তি-সামর্থ্য আছে তা নিয়েই যুক্ত ও অগ্রসর হতে পারবে।

ব্যবহারিক সংজ্ঞা অনুযায়ী অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি বলতে বোঝায় যে, ম্যাক্রো ও মাইক্রো যেকোনো পর্যায়ে এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা যেখানে বয়স, লিঙ্গ, জাতি, শিক্ষা, ব্যক্তিগত পরিচয়, শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা এবং অন্যান্য বৈশিষ্ট্য নির্বিশেষে সমাজের সব শ্রেণির মানুষের বাধাহীন অন্তর্ভুক্তি বা অংশগ্রহণকে নিশ্চিত করে। অন্যদিকে, সমবায় ব্যবস্থা হচ্ছে স্থানীয় পর্যায়ে ছোট ছোট পরিসরে অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান। অর্থাৎ অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক ব্যবস্থার প্রাথমিক সোপান হচ্ছে সমবায় ব্যবস্থা। এজন্য দেশের সর্বস্তরে এবং সকল পেশাদারদের ক্ষেত্রে কার্যকর সমবায় ব্যবস্থা গড়ে উঠতে পারে তাহলে এর যোগফল হিসাবে সারাদেশে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠিত হতে পারে।

১.২. গবেষণার পটভূমি ও যৌক্তিকতা

বাংলাদেশে বর্তমানে ১ লক্ষ ৮৮ হাজার ৮৮৬ টি সমবায় সমিতি রয়েছে যার কার্যকরি মূলধনের পরিমাণ প্রায় ২৫ হাজার কোটি টাকা। এ সকল সমবায় সমিতির মাধ্যমে সরাসরি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে ১১ লক্ষ ১২ হাজার ৩৩ জনের। এ সকল সমবায় সমিতির সাথে সম্পৃক্ত ব্যক্তি সদস্য সংখ্যা প্রায় ১ কোটি ২২ লক্ষ ৪১ হাজার ১৫৬ জন। ব্যক্তি সদস্যদের পরিবারের সদস্যদের হিসাব করলে প্রায় ৪ কোটিরও অধিক মানুষ সমবায়ের সাথে সম্পৃক্ত। সমবায় সমিতি ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সমবায় অধিদপ্তর সমবায়ের সাথে সম্পৃক্ত এ বিপুল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। জাতীয় অর্থনীতিতে সমবায় কৃষি, মৎস্য, পশুপালন, পোষাক, দুগ্ধ উৎপাদন, আবাসন, ক্ষুদ্র ঋণ ও সঞ্চয়, কুটির-চামড়াজাত-মৃৎশিল্প ইত্যাদি খাতের বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে উন্নয়নসহ ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীকে স্বাবলম্বী করতে বিশাল অবদান রাখছে। এর মধ্যে

ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে জড়িত প্রচুর সমবায় সমিতি রয়েছে যারা স্বল্প আয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। সর্বশেষ বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন অনুযায়ী বর্তমানে এধরনের সমিতির সংখ্যা ৯৩৫৫টি (কার্যকর ৫৫৭৮টি) যার ব্যক্তি সদস্য প্রায় ১০ লক্ষ ৬৪ হাজার ৯৩৯ জন (পুরুষ ৭ লক্ষ ৯০ হাজার ৭৫০ জন, মহিলা ২ লক্ষ ৭৪ হাজার ১০৯ জন), মোট শেয়ার মূলধন ১৭৩০ কোটি টাকা, সঞ্চয় আমানত ৪৫৩৪ কোটি টাকা এবং কার্যকর মূলধনের পরিমাণ ৬৯২২ কোটি টাকা। এসকল সমিতির মাধ্যমে কর্মসংস্থান হয়েছে ২লক্ষ ৯০ হাজার ২২৫ জনের।

ক্ষুদ্রঋণ কার্যক্রমের সঙ্গে জড়িত প্রতিটি সমবায় প্রতিষ্ঠানের টার্গেট গ্রুপ হচ্ছে সমাজে দরিদ্র ও স্বল্প পুঁজির মানুষ; যারা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় করে এবং সঞ্চিত পুঁজি খাটিয়ে স্থানীয়ভাবে এবং পরিবারের সহযোগিতা কিছু বাড়তি আয়ের উদ্দেশ্যে ঐতিহ্যবাহী বিভিন্ন খাতে বিনিয়োগ করে থাকে। এসকল বিনিয়োগকারীগণ টেকসইমূলক বাড়তি আয় নিশ্চিত করার জন্য বিনিয়োগ বাড়াতে চায় কিন্তু বাড়তি পুঁজির অভাবে তা করতে সক্ষম হয় না। ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় প্রতিষ্ঠানগুলো প্রয়োজনীয় এই বিনিয়োগের অর্থের যোগান দিয়ে থাকে। প্রতিষ্ঠানগুলো যে অর্থের যোগান দিয়ে থাকে তা কিন্তু শতভাগই সমবায় প্রতিষ্ঠানটির সদস্যদের নিয়মিতভাবে জমা করা শেয়ার সঞ্চয়ের পুঁজিভূত তহবিল। আবার সদস্যরাই প্রতিটি ক্ষুদ্রঋণপ্রদানকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সঙ্গে জড়িত। তারাই বিচার বিশ্লেষণ করে প্রকৃত ও যোগ্য সদস্যদেরকে বিনিয়োগের ঋণের অর্থ সরবরাহ করে এবং বিনিয়োগ মনিটর করে থাকে। তারাই ঋণের অর্থের জন্য সেবামূল্য নির্ধারণ করে থাকে। এভাবে ক্রমাগত ক্ষুদ্রঋণপ্রদানকারী প্রতিষ্ঠানগুলোর পুঁজিভূত তহবিলের বৃদ্ধি পেতে থাকে এবং একই সাথে সদস্যদের আয় ও সঞ্চয় বৃদ্ধি থাকে। এভাবে সদস্যগণ বিনিয়োগ করে লাভবান হতে থাকে।

এ প্রেক্ষাপটেই দেশের অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গড়ে তোলার ক্ষেত্রে ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতিগুলো অবদান রেখে গেছে এবং চিরাচরিত পন্থায় তাদের অবদান আরও বৃদ্ধি করা সম্ভব নয় এবং যুগের চাহিদার প্রেক্ষিতে এগুলোকে উৎপাদনমুখী করে তোলার বিকল্প নেই। ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় প্রতিষ্ঠানগুলোর বর্তমান কার্যক্রমভিত্তিক চাহিদা, সমস্যা ও ঝুঁকি সম্পর্কিত কোনো পরিসংখ্যান নেই অথচ যেহেতু এসকল সমবায় প্রতিষ্ঠানকে আরও কার্যকর ও টেকসইমূলক করা জরুরী সেহেতু সমবায় অধিদপ্তরের উদ্যোগে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতির ভূমিকা, প্রতিবন্ধকতা ও করণীয় শিরোনামে একটি প্রায়োগিক গবেষণা পরিচালনা করা হচ্ছে। উল্লেখ্য, এ জাতীয় গবেষণামূলক উদ্যোগ ইতোমধ্যে গ্রহণ করা হয়নি।

১.৩ গবেষণার উদ্দেশ্য

১. অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে জড়িত সমবায় সমিতিসমূহের ভূমিকা ও ইতিবাচক প্রভাব ও সম্ভাবনা চিহ্নিতকরণ;

২. অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণদানকারী সমিতিসমূহের প্রতিবন্ধকতাসমূহ নিরূপণ ও ভবিষ্যত করণীয় নির্ধারণ সম্পর্কে ধারণা প্রদান।

১.৪ গবেষণার সুফলভোগী

বাংলাদেশে প্রায় ১.২ কোটি সমবায়ী রয়েছে। এর মধ্যে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা ১৭ লক্ষ ২৮ হাজার ৬৫৫ জন। এছাড়া, প্রতিনিয়তই সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। ফলে ভবিষ্যতে যে সকল ব্যক্তি সমবায়ের পতাকাতলে এসে সমবেত হবেন তারাই এই গবেষণার সুফলভোগী। এ গবেষণায় প্রাপ্ত ফলাফলের মাধ্যমে দেশের সাধারণ জনগোষ্ঠী সমবায় সম্পর্কে সচেতন হওয়ার সুযোগ পাবেন এবং সমবায় আন্দোলন আরও বেগবান হবে। এছাড়াও গবেষক, লেখক, সুশীল সমাজ, গণমাধ্যমকর্মী এবং নীতিনির্ধারকগণ এ গবেষণা প্রতিবেদনের মাধ্যমে উপকৃত হবেন।

১.৫ গবেষণার সীমাবদ্ধতা

গবেষণা কার্যক্রম পরিচালনায় নানা ধরনের সীমাবদ্ধতার সম্মুখীন হতে হয়েছে। এক্ষেত্রে মূল সমস্যাটি হয়েছে তথ্য সংগ্রহ নিয়ে। সত্যিকার অর্থে গবেষণার জন্য প্রয়োজনীয় তথ্যগুলো প্রাথমিক বা সেকেন্ডারী কোন উৎস থেকেই আকাঙ্ক্ষা অনুযায়ী পাওয়া যায়নি। ফলে অনেক ক্ষেত্রেই মতামত এবং সুপারিশ প্রণয়ন করা কষ্টকর হয়েছে। মাঠ পর্যায়ে প্রশিক্ষিত জনবলের অভাব এবং কর্মকর্তাদের আলোচ্য কার্যক্রমের গুরুত্ব অনুধাবনের ব্যর্থতার ফলে নির্ধারিত সময়ে যথাযথ তথ্য প্রাপ্তি ও প্রক্রিয়াকরণে জটিলতা সৃষ্টি হয়েছে। তাছাড়া ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিসমূহের সমন্বিত কোন ডাটাবেজ না থাকায় ক্যাটাগরী ভিত্তিক তথ্যের আন্তঃতুলনা করা সম্ভব হয়নি।

১.৬ গবেষণা পদ্ধতি

১.৬.১. গবেষণা দল

আলোচ্য গবেষণার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য একটি দল গঠন করা হয় যা নিম্নরূপঃ

- | | |
|---|------------|
| ০১। জনাব জেবুন নাহার, অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), | - আহ্বায়ক |
| ০২। জনাব সাইয়েদাতুন নেছা, যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) | - সদস্য |
| ০৩। জনাব আব্দুল ওয়াহেদ, যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) | - সদস্য |
| ০৪। জনাব মুহাম্মদ হাসান খালেদ, উপ ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ | - সদস্য |
| ০৫। ড: জাহিদা গুলশান, প্রফেসর, এ্যাপ্লাইড স্টাটিসটিক্স এন্ড ডাটা সাইন্স,
আইএসআরটি, ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |

উক্ত গবেষণা কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধানের জন্য নিম্নবর্ণিতভাবে একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়ঃ

- ০১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা - উপদেষ্টা
 ০২। অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা - সদস্য
 ০৩। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা - সদস্য

১.৬.২ গবেষণার সময়ভিত্তিক পর্যায়সমূহ

ক্র: নং	কার্যক্রম	সম্পাদনের তারিখ
১.	গবেষণা কমিটি গঠন	১৮-০১-২৪
২.	মাঠ পর্যায় হতে সেকেন্ডারী তথ্য সংগ্রহ	১৩/০২/২৪ হতে ২০/০৩/২৪
৩.	প্রাপ্ত সেকেন্ডারী তথ্যের ভিত্তিতে নমুনায়ন (sampling) পদ্ধতিতে সমিতি নির্বাচন	২৫/০৩/২৪
৪.	প্রশ্নপত্র প্রণয়ন ও মুদ্রণ	২৭/০২/২৪ হতে ৩১/০৩/২৪
৫.	ফিল্ড টেস্ট	১০/০৪/২৪
৬.	মাঠ পর্যায়ে প্রশ্নমালা প্রেরণ	২৫/০৪/২৪
৭.	মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে প্রশ্নমালা পূরণ সংক্রান্ত প্রশিক্ষণ	৩০/০৪/২৪
৮.	KII চেকলিস্ট প্রণয়ন ও KII পদ্ধতিতে উপাত্ত সংগ্রহ	২২/০৪/২৪ হতে ০৫/০৫/২৪
৯.	ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) চেকলিস্ট প্রণয়ন	২০/০৫/২৪
১০.	FGD পদ্ধতিতে উপাত্ত সংগ্রহ	০৮/০৫/২৪, ১৪/০৫/২৪ ও ২৩/০৫/২৪
১১.	সংগৃহীত উপাত্ত কম্পাইলেশন	১৫/০৫/২৪ ও ১৯/০৫/২৪
১২.	সংগৃহীত উপাত্ত এন্ট্রি	২০/০৫/২৪
১৩.	উপাত্ত প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ	২৭/০৫/২৪
১৪.	খসড়া রিপোর্ট প্রণয়ন	৩০/০৫/২৪
১৫.	খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণের লক্ষ্যে আয়োজন	০৯ জুন, ২০২৪
১৬.	গবেষণা রিপোর্ট চূড়ান্তকরণ	১০/০৬/২৪ হতে ২০/০৬/২৪
১৭.	গবেষণা রিপোর্ট মুদ্রণ	২১/০৬/২৪

১.৬.৩ নমুনাগন

এ গবেষণার মূল উদ্দেশ্য হচ্ছে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে জড়িত সমবায় সমিতিসমূহের ভূমিকা ও ইতিবাচক প্রভাব ও সম্ভাবনা চিহ্নিতকরণ। নমুনাচয়নের জন্য একটি **Stratified 2-Stage cluster sampling** করা হয়েছে। প্রথম ধাপে সব সমিতিগুলিকে বিভাগ অনুযায়ী **stratification** করে প্রথম ধাপে প্রতিটি বিভাগ থেকে সমিতি সংখ্যার অনুপাতে দৈব চয়নের মাধ্যমে মোট ২৪০টি সমিতি এবং দ্বিতীয় ধাপে প্রতিটি নির্বাচিত সমিতি থেকে দৈবচয়নের মাধ্যমে ৩ জন করে মোট ৭২০ জন সদস্যকে সাক্ষাতকারের জন্য নির্বাচন করা হয়েছে।

গবেষণার জন্য নমুনা সংখ্যা, n (অর্থাৎ স্যাম্পল সাইজ) নির্ধারণের জন্য আমরা নমুনা সংখ্যা নির্ধারণের সাধারণ সূত্র ব্যবহার করেছি।

$$\text{নমুনা সংখ্যা নির্ধারণের সাধারণ সূত্র অনুযায়ী } n = \frac{n_0}{1+n_0/N} \times deff$$

$$\text{এবং } n_0 = \frac{p(1-p)z_{\alpha/2}^2}{d^2}$$


এখানে p হল নির্বাচিত বৈশিষ্ট্য সম্পর্কে প্রাক ধারণা, z হল স্ট্যান্ডার্ড নরমাল ভ্যালু যা $100\alpha\%$ ব্যাড স্যাম্পল অনুমোদন করে, d হল এরর মার্জিন, N পপুলেশন সাইজ, $deff$ হোল ডিজাইন ইফেক্ট যা মাল্টি স্টেজ কমপ্লেক্স সার্ভে এর ক্ষেত্রে ব্যবহৃত হয়।

প্রাক বা পূর্ব ধারণা না থাকলে p এর মান 0.5 ধরে কাজ করা নিরাপদ। আমরা $p=0.5$, $d= 5\%$, $Z_{\alpha/2} = 1.96$ ধরে পাই, $n_0 = 384$ । যেহেতু সদস্য সংখ্যা (পপুলেশন) প্রায় ৯ লক্ষ, এখানে ফাইনাইট পপুলেশন কারেকশন প্রয়োজন নেই। শুধুমাত্র ডিজাইন ইফেক্ট বিবেচনা করলেই হবে। বাংলাদেশে এই ধরনের অন্যান্য গবেষণা থেকে জানা যায় বাংলাদেশের জন্য ডিজাইন ইফেক্ট অন্তত 1.5 থেকে 1.9 এর মধ্যে থাকে। আমরা ডিজাইন ইফেক্ট 1.9 ধরা হলে,

$$\text{স্যাম্পল সাইজ, } n = 384 \times 1.9 = 729।$$

অর্থাৎ অন্তত 729 জন এর সাক্ষাৎকার নিতে হবে। কিছু নন রেসপন্স থাকতে পারে, এই কারণে আরও 10% স্যাম্পল সাইজ বাড়িয়ে একটি রাউন্ড ফিগার (50 এর গুণিতকে প্রকাশিত সংখ্যা) বিবেচনা করার জন্য স্যাম্পল সাইজ 920 পাওয়া যায়। উল্লেখ্য যে, এই 920 টি স্যাম্পল থেকে জরীপ প্রশ্নমালার মাধ্যমে প্রাপ্ত উত্তরসমূহের মধ্যে ত্রুটিযুক্ত উত্তরসম্বলিত প্রশ্নমালাগুলি বাদ দেয়ার পর সর্বমোট 699 জন সাধারণ সদস্যের তথ্য বিশ্লেষণে অন্তর্ভুক্ত করা হয়।

2-Stage cluster sampling



বিভাগ	কার্যকর সমবায় সমিতির সংখ্যা	নির্বাচিত সমবায় সমিতির সংখ্যা	নির্বাচিত সদস্য সংখ্যা
ঢাকা	১৩৫০	৫৮	১৭৪
চট্টগ্রাম	৭৪৫	৩২	৯৬
রাজশাহী	৪৯৩	২১	৬৩
খুলনা	৯৫০	৪১	১২৩
বরিশাল	১২৭৫	৫৫	১৬৫
সিলেট	২৬২	১১	৩৩
রংপুর	২৪৩	১১	৩৩
ময়মনসিংহ	২৬০	১১	৩৩
মোট	৫৫৭৮	২৪০	৭২০

১.৭ তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণ

১.৭.১ গবেষণা প্রশ্নমালা (Questionnaire)

গবেষণার ক্ষেত্রে গবেষণা প্রশ্ন একটি গুরুত্বপূর্ণ বিষয়। গবেষণা প্রশ্ন গবেষণার উদ্দেশ্যকে খুঁজে পেতে নির্দেশনা দেয়। সে প্রেক্ষিতে ৪ ধরনের প্রশ্নমালা ও চেকলিস্ট প্রণয়ন করা হয়েছে। একটি আধা-কাঠামোগত প্রশ্নপত্র (semi-structured questionnaire) প্রণয়ন করা হয়েছে যার মাধ্যমে গুণগত ও পরিমাণগত উভয় প্রকার

তথ্য সংগ্রহ করা সম্ভব হয়েছে। এক্ষেত্রে তথ্য সংগ্রহে open ended questionnaire এবং close ended questionnaire ব্যবহার করা হয়েছে। প্রণীত প্রশ্নমালা ফিল্ড টেস্টের মাধ্যমে অধিকতর যৌক্তিকিকরণ করা হয়।

গবেষণার উদ্দেশ্য ও লক্ষ্য অনুযায়ী প্রতিটি ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ব্যক্তি সদস্যের জন্য প্রশ্নপত্র, ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জন্য প্রশ্নপত্র, দপ্তর/সংস্থার কর্মকর্তাদের জন্য চেকলিস্ট Key Informant Interview (KII) , সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সদস্য, ঋণ আদায়ের সাথে জড়িত সমবায়ী/কর্মচারি , সমবায় বিভাগীয় কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের সমন্বয়ে Focus Group Discussion(FGD) এর আয়োজন করা হয়েছে।

১.৭.২ তথ্যের উৎস (Sources of Data)

প্রাথমিক ও সেকেন্ডারী এ দুটি উৎসের মাধ্যমেই তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রাথমিক উৎসের মধ্যে ছিল প্রশ্নপত্র পূরণ ও সমবায়ী ও কর্মকর্তাদের নিকট থেকে সরাসরি তথ্য সংগ্রহ করা এবং সাক্ষাতকার গ্রহণ। সেকেন্ডারী উৎসের মধ্যে ছিল সমবায় সমিতির সংরক্ষিত রেকর্ডপত্র, অডিট নোট ও তদন্ত প্রতিবেদন।

১.৭.৩ তথ্য সংগ্রহের পদ্ধতি (Data Collection Method)

ক) বাংলাদেশে কার্যকর ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির সংখ্যা ৫৫৭৮টি । গবেষণাটিতে বাংলাদেশের ৮টি বিভাগের ৬৪ট জেলার অধীন ৪৩৭টি উপজেলা হতে Stratified 2-Stage cluster sampling এর মাধ্যমে সমবায় সমিতি নির্বাচন করা হয়েছে। প্রথম ধাপে সব সমিতিগুলিকে বিভাগ অনুযায়ী stratification করে প্রতিটি বিভাগ থেকে সমিতি সংখ্যার অনুপাতে দৈবচয়নের মাধ্যমে মোট ২৪০টি সমিতি এবং দ্বিতীয় ধাপে প্রতিটি নির্বাচিত সমিতি থেকে দৈবচয়নের মাধ্যমে ৩ জন করে মোট ৭২০ জন সদস্যকে সাক্ষাতকারের জন্য নির্বাচন করা হয়। ৭২০ জন সাধারণ সদস্যের নিকট থেকে প্রাপ্ত উত্তরসমূহের মধ্যে ত্রুটিযুক্ত উত্তরসম্বলিত প্রশ্নমালাগুলি বাদ দেয়ার পর সর্বমোট ৬৭৯ জন সাধারণ সদস্যের তথ্য বিশ্লেষণে অন্তর্ভুক্ত করা হয়। এছাড়াও নির্বাচিত ২৪০ টি সমিতি হতে জরীপ প্রশ্নমালার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির ২৪০ জন সভাপতি/সাধারণ সম্পাদক হতে সংগৃহীত তথ্য গবেষণায় ব্যবহার করা হয়।

খ) ক্ষুদ্রঋণ কার্ক্রমের সাথে সম্পৃক্ত দপ্তর, সংস্থা, এনজিও, ব্যাংক এবং এতদ্বিষয়ে বিশেষজ্ঞ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অর্থনীতিবিদসহ ১৪ জন ব্যক্তিবর্গের নিকট হতে কী-ইনফরমেন্ট সাক্ষাতকার গ্রহণ করা হয়।

গ) ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির সাধারণ সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, ঋণ কার্যক্রমের সাথে জড়িত সমবায়ী সদস্য/ কর্মচারী এবং সরকারী কর্মকর্তা সমন্বয়ে ৩টি বিভাগে (ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল) ৩টি FGD সম্পাদন করা হয়।

তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন জেলায় প্রশ্নমালার সাথে তথ্য সংগ্রহকারীদের সংশ্লিষ্ট প্রশ্নমালার বিষয়গুলো সম্পর্কে বিস্তারিত জানার জন্য প্রয়োজনীয় নির্দেশিকাও প্রেরণ করা হয় যাতে প্রশ্নপত্র পূরণের সময় তথ্য সংগ্রহকারীর কোনরূপ দুর্বলতা বা বিভ্রান্তি দেখা না দেয়। প্রশ্নমালাসমূহ জেলা/ উপজেলা সমবায় অফিসের দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক পূরণ করা হয়েছে।

ঘ) এছাড়াও মাঠ সমীক্ষা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত প্রতিবেদনের উপর মতামত ও সুপারিশ প্রাপ্তির নিমিত্ত সমবায় অধিদপ্তরসহ বিভিন্ন দপ্তর, সংস্থা, বিশ্ববিদ্যালয় এবং সমবায় সমিতির প্রতিনিধিদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছে।

১.৭.৪ তথ্য প্রক্রিয়াকরণ (Data Processing)

তথ্য সংগ্রহের পর পূরণকৃত প্রশ্নমালার প্রশ্নক্রমিক অনুসারে একটি তথ্য সংকলন ছক তৈরী করা হয়। প্রাপ্ত তথ্যগুলোকে কোডিং অনুযায়ী ভাগ করে সেগুলোকে তথ্য সংকলন ছকে সন্নিবেশিত করা হয়। গবেষণা দল কর্তৃক প্রাপ্ত তথ্য SPSS ১৬.০ সিস্টেমে এন্ট্রি, সার্টিং, কম্পাইলেশন এবং প্রক্রিয়াকরণ করা হয়।

১.৭.৫ তথ্য বিশ্লেষণ

তথ্য সংগ্রহের পর গবেষণা দল কর্তৃক প্রাপ্ত তথ্য SPSS ১৬.০ সিস্টেমে কোডিং অনুযায়ী ভাগ করে এন্ট্রি, সার্টিং, কম্পাইলেশন এবং প্রক্রিয়াকরণ করা হয় এবং প্রাপ্ত ফলাফলসমূহ সারণী, ছক এবং লেখচিত্রের মাধ্যমে প্রকাশ ও বিশ্লেষণ করা হয়েছে। এছাড়া গবেষণার উদ্দেশ্য অনুযায়ী নির্দিষ্ট হাইপোথিসিস এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় স্ট্যাটিস্টিক্যাল টেস্ট (T test, Z test) করা হয়েছে।

২.০ সাহিত্য পর্যালোচনা

অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি, ক্ষুদ্রঋণ ও সমবায়

অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি হলো এমন একটি অর্থনীতি যেখানে সবাই অর্থনৈতিক কর্মকাণ্ডে সমানভাবে অংশগ্রহণ করতে এবং লাভবান হতে পারে। এক্ষেত্রে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি অর্থনৈতিক অন্তর্ভুক্তি বৃদ্ধিতে একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে বিবেচিত হয়েছে, বিশেষত উন্নয়নশীল ও অনুল্লত দেশগুলোতে। ক্ষুদ্রঋণ সমবায় ও ক্রেডিট সমবায়গুলো মূলত সেই জনগোষ্ঠীর জন্য কাজ করে, যারা মূলধারার ব্যাংকিং পরিষেবার বাইরে থাকে। যেমন নিম্ন আয়ের পরিবার, নারী এবং ক্ষুদ্র উদ্যোক্তা। প্রান্তিক ও নিম্নআয়ের জনগণকে এসকল সমবায় সমিতি ছোট আকারের ঋণ প্রদান করে থাকে। উদাহরণস্বরূপ বলা যায়, ভারত, কেনিয়া, এবং ব্রাজিলের মতো দেশে বিভিন্ন ক্রেডিট সমবায় সমিতি দারিদ্র্য বিমোচন এবং স্থানীয় অর্থনীতির উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে (Birchall, 2013; Ledgerwood, ২০১৩)। যেমন, ভারতে, স্বনির্ভর মহিলা সমিতি (SEWA) নারী উদ্যোক্তাদের আর্থিক পরিষেবা প্রদানের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন ঘটিয়েছে (Datta, ২০০৩)। এছাড়াও ওড়িশা রাজ্যের শ্রীক্ষেত্রিয়া কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি (SCCS) স্থানীয় কৃষক ও ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কৃষিখাতের উন্নয়ন এবং গ্রামীণ এলাকায় কর্মসংস্থান তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে (Nair, ২০১১)। কেনিয়ায়, জাম্বিরা ক্ষুদ্রঋণ সমবায় বস্তির বাসিন্দাদের ঋণ প্রদান করে তাদের জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে (Kimuyu, ২০০৭)। কেনিয়ার আরেকটি অন্যতম বৃহৎ ক্রেডিট সমবায় কেয়সকো (KUSCCO) যা ক্ষুদ্র ব্যবসায়ীদের আর্থিক সহায়তা প্রদান করে এবং তাদের উদ্যোক্তা দক্ষতা বৃদ্ধি করতে সাহায্য করে (Wanyama, ২০০৯)। এটি মূলত স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করতে এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য প্ল্যাটফর্ম তৈরি করতে কাজ করে (Wanyama, ২০০৯)। ব্রাজিলের সিকোব একটি বৃহৎ ক্রেডিট সমবায় নেটওয়ার্ক, যা গ্রামীণ এবং প্রান্তিক জনগোষ্ঠীকে সঞ্চয়, ঋণ, এবং বীমা সেবা প্রদান করে। এটি অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি আঞ্চলিক বৈষম্য হ্রাসে সহায়ক হয়েছে (Araujo & Costa, ২০১৪)।

বিশ্বব্যাংক এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার মতে, ক্ষুদ্রঋণ সমবায়গুলো সমাজের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য আর্থিক সেবা প্রদান করে, যা দারিদ্র্য হ্রাস এবং টেকসই উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে (Cull et al., ২০০৯; Ledgerwood, ২০১৩)। Armendáriz & Morduch (২০১০) এর মতে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক অন্তর্ভুক্তি এবং আর্থিক পরিষেবা প্রাপ্তি নিশ্চিত হয়। উদাহরণস্বরূপ, বাংলাদেশে গ্রামীণ ব্যাংক ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে নারীদের অর্থনৈতিক ক্ষমতায়ন এবং আয় বৃদ্ধির ক্ষেত্রে সফলতার উদাহরণ হয়ে দাঁড়িয়েছে (Yunus, ২০০৭)।

বাংলাদেশে অর্থনৈতিক অন্তর্ভুক্তি এবং দারিদ্র্য বিমোচনে গ্রামীণ ব্যাংক এবং ব্র্যাকের মতো প্রতিষ্ঠানগুলোর ভূমিকা স্বীকৃত হলেও সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত দেশের বিভিন্ন ক্ষুদ্রঋণদানকারী বা ক্রেডিট সমবায় সমিতিগুলো তুণমূল পর্যায়ে নিম্নআয়ের মানুষের অর্থনৈতিক অন্তর্ভুক্তি এবং দারিদ্র্য বিমোচনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ সমবায় সমিতিগুলো সদস্য অন্তর্ভুক্তির মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীকে ঋণ সুবিধা প্রদান করে, যা তাদের উদ্যোক্তা হওয়ার সুযোগ দেয় এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে সহায়ক হয় (Armendáriz & Morduch, ২০১০)। মর্ডাক (১৯৯৯) এর মতে, ক্ষুদ্রঋণ উদ্যোগগুলো দারিদ্র্য হ্রাস এবং গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। উদাহরণস্বরূপ, বাংলাদেশে সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি ও ক্রেডিট কোঅপারেটিভ এবং গ্রামীণ ব্যাংক নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গড়ে তোলার ক্ষেত্রে শক্তিশালী ভূমিকা পালন করেছে।

ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলো শুধুমাত্র উন্নয়নশীল দেশেই নয়, উন্নত দেশগুলোর অর্থনীতিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। উন্নত দেশগুলোতে, বিশেষত কম আয়ের জনগোষ্ঠী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ক্রেডিট সমবায়গুলো একটি নির্ভরযোগ্য বিকল্প হিসেবে কাজ করে। কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ উল্লেখ করা যেতে পারে যেমন, নেভি ফেডারেল ক্রেডিট ইউনিয়ন যুক্তরাষ্ট্রের অন্যতম বৃহত্তম একটি ক্রেডিট ইউনিয়ন যা সামরিক কর্মী ও তাদের পরিবারের জন্য সাশ্রয়ী ঋণ, সঞ্চয়, এবং বিনিয়োগ পরিষেবা প্রদান করে। এটি কম আয়ের সদস্যদের অর্থনৈতিক স্থিতিশীলতা তৈরীতে সহায়তা করে (Birchall, ২০১৩)। ডেসজারডিনস গ্রুপ কানাডার একটি বৃহত্তম ক্রেডিট ইউনিয়ন যেটি প্রধানত স্থানীয় সম্প্রদায়ের উন্নয়নে কাজ করে। এটি স্থানীয় ব্যবসা ও উদ্যোক্তাদের জন্য আর্থিক সহায়তা প্রদান করে (Chagnon, ২০১২)। Rabobank নেদারল্যান্ডের একটি বাণিজ্যিক ব্যাংক। Rabobank এর উৎপত্তি মূলত একটি কৃষি সমবায় হিসেবে। এটি কৃষকদের অর্থনৈতিকভাবে সংহত করতে এবং স্থানীয় অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করেছে। এছাড়া এটি কৃষি অর্থনীতিতে টেকসই বিনিয়োগেও কাজ করে (Nooteboom, ২০০৬)। ইন্দোনেশিয়ার BRI (Bank Rakyat Indonesia, cooperative Bank) ক্ষুদ্র ঋণ কার্যক্রম স্থানীয় অর্থনীতির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে (Robinson, ২০০১)।

অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির সম্ভাবনা

ক্ষুদ্রঋণ নিয়ে কাজ করেছেন এমন লেখক, গবেষক ও বিশেষজ্ঞের মতে ক্ষুদ্রঋণদানকারী সমবায়গুলো অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গঠনে সম্ভাবনাময় ভূমিকা রাখতে পারে। যেমন,

- আর্থিক অন্তর্ভুক্তি: ক্ষুদ্র ঋণ সুবিধা প্রদান করে আর্থিক প্রতিষ্ঠানের বাইরে থাকা জনগোষ্ঠী বা ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থনৈতিক কর্মকাণ্ডে যুক্ত করা যায় (Cull & Murdoch, ২০১৭) যা তাদের আয় বৃদ্ধি,

দারিদ্র্য বিমোচন এবং উদ্যোক্তা তৈরিতে সহায়ক। সিকোব এবং SCCS এর মতো উদাহরণগুলো দেখায় কীভাবে স্থানীয় সমবায় উদ্যোগগুলি এই লক্ষ্য অর্জনে সহায়তা করতে পারে (Birchall, ২০১৩)।

- ক্ষমতায়ন ও সামাজিক মূলধন: ক্ষুদ্রঋণ সমবায়গুলো অনেকক্ষেত্রে গোষ্ঠীভিত্তিক ঋণ প্রদান করে, এটি সামাজিক বন্ধন তৈরি করে এবং বিশেষ করে নারীর ক্ষমতায়নে সহায়ক ভূমিকা রাখে, যা পরিবার ও সমাজের উন্নয়নে দীর্ঘমেয়াদী প্রভাব ফেলে (কাবীর, ২০০১, ২০০৫)। বাংলাদেশে ক্ষুদ্রঋণদানকারী সমবায়গুলোর মাধ্যমে নারী উদ্যোক্তাদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, যা আর্থিক এবং সামাজিক ক্ষমতায়নে ভূমিকা রেখেছে (Kabeer, ২০০৫)। উদাহরণস্বরূপ, গ্রামীণ ব্যাংক এবং ব্র্যাকের মডেল থেকে অনুপ্রাণিত হয়ে ভারতের কিছু সমবায় নারীদের উদ্যোক্তা তৈরির জন্য কাজ করছে (Kabeer, ২০০৫)। এছাড়াও ভারতের সেলফ-হেল্প গ্রুপ মডেল গ্রামীণ নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে (Chowdhury, ২০০৯)।
- টেকসই অর্থনীতি: উন্নত দেশগুলোতে অনেক সমবায় সমিতি স্থানীয় সম্প্রদায়ের টেকসই উন্নয়নে বিনিয়োগ করে। উদাহরণস্বরূপ, ডেসজারডিনস গ্রুপ টেকসই উন্নয়ন প্রকল্পে বিনিয়োগ করে, যা সামাজিক দায়িত্ববোধের উদাহরণ তৈরি করে (Chagnon, ২০১২)।
- নিজস্ব মালিকানা: বাণিজ্যিক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের তুলনায় ক্ষুদ্রঋণ সমবায়গুলোর বিশেষত্ব হলো এগুলো সদস্যদের নিজস্ব মালিকানাধীন এবং নিজেদের দ্বারা পরিচালিত হয়, ফলে মুনাফা ও সুবিধাগুলো সদস্যদের মধ্যেই থাকে (Duflo & Banerjee, ২০১১)। Birchall, ২০১৩ এর মতে এধরণের সমবায় পদ্ধতি টেকসই উন্নয়নের জন্য সহায়ক।
- কৃষি ও স্থানীয় উন্নয়ন: স্থানীয় সমবায় সমিতিগুলো কৃষকদের জন্য সঠিক সময়ে ঋণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করে, যা উৎপাদনশীলতা বাড়াতে এবং স্থানীয় অর্থনীতির উন্নয়নে সহায়ক হয়েছে (Islam & Mamun, ২০০৫)।

ক্ষুদ্রঋণ পরিচালনায় সমবায়ের চ্যালেঞ্জসমূহ

সমবায় ঋণের মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে প্রান্তিক জনগোষ্ঠির অংশগ্রহণ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালনের ক্ষেত্রে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির কিছু চ্যালেঞ্জ রয়েছে। যেমন, উচ্চ সুদের হার দরিদ্র ঋণগ্রহীতার জন্য অতিরিক্ত চাপ সৃষ্টি করে (Karim, ২০১১) পাশাপাশি একই ব্যক্তি একধিক উৎস হতে ঋণ নেন। অতিরিক্ত ঋণ গ্রহণের ফলে অনেকে ঋণজালে আটকা পড়ে যা অর্থনৈতিক চাপ সৃষ্টি করে এবং ঋণ পরিশোধে অনেকসময় ব্যর্থ হয় (Guérin et al., ২০১৫)। অনেকক্ষেত্রেই ঋণদানকারী সমবায় সমিতি এবং ঋণগ্রহীতা সদস্যদের মধ্যে পর্যাপ্ত

আর্থিক জ্ঞান, প্রশিক্ষণ ও সচেতনতার অভাব থাকায় তারা ঋণ ব্যবস্থাপনা, বিনিয়োগ কৌশল ও ঋণের ব্যবহারের ক্ষেত্রে ভুল সিদ্ধান্ত গ্রহণ করে (Schicks, ২০১৪)। অনেক দেশে ক্ষুদ্রঋণ পরিচালনার জন্য সুস্পষ্ট ও শক্তিশালী নিয়ন্ত্রন কাঠামো না থাকায় দুর্বল ব্যবস্থাপনা এবং স্বচ্ছতার অভাব লক্ষ্য করা যায় (Armendáriz & Morduch, ২০১০)। আবার অনেক উন্নত দেশে ক্রেডিট সমবায়গুলিকে কঠোর নিয়ন্ত্রণ কাঠামোর অধীনে পরিচালনা করতে হয়, যা তাদের কার্যক্রমকে জটিল করে তোলে (Birchall, ২০১৩)। যেমন, ভারতে, অন্ধ প্রদেশে ঋণের উচ্চ সুদের হার ও ঋণ আদায়ের কঠোর নীতির কারণে অনেক ঋণগ্রহীতা আত্মহত্যা করেন। কেনিয়ায়, ব্যর্থতা দেখা গেছে দুর্নীতি এবং দুর্বল ব্যবস্থাপনার কারণে। আফ্রিকার দেশগুলিতে, যেমন উগান্ডা এবং নাইজেরিয়াতে, সমবায় প্রতিষ্ঠান দুর্বল সরকারী সহযোগিতার কারণে ব্যর্থ হয়েছে। রাজনৈতিক অস্থিরতা ও অর্থনৈতিক মন্দাও সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে অন্যতম একটি চ্যালেঞ্জ। যেমন স্পেনে ফ্যাগর নামে বৃহত্তম সমবায় সংস্থা ২০১৩ সালে দেউলিয়া হয়ে যায় অর্থনৈতিক মন্দার কারণে। গ্রীসে, ২০০৮ সালের অর্থনৈতিক সংকটের ফলে অনেক সমবায় প্রতিষ্ঠান বন্ধ হয়ে যায়। আর্জেন্টিনায়, প্রশাসনিক দুর্নীতি ও অর্থের অভাব অনেক সমবায় সমিতির পতনের কারণ হয়েছে। মেক্সিকোতে, অর্থনৈতিক মন্দা ও দুর্বল ব্যবস্থাপনার কারণে সমবায় সমিতির কার্যক্রম ব্যাহত হয়েছে। আফ্রিকার দেশগুলিতে, যেমন উগান্ডা এবং নাইজেরিয়াতে, সমবায় প্রতিষ্ঠান দুর্বল সরকারী সহযোগিতার কারণে ব্যর্থ হয়েছে (Birchall, ২০০৩; Shaw, ২০০৬; United Nations, ২০১৪)। ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির জন্য প্রযুক্তির দুর্বলতা আরেকটি অন্যতম চ্যালেঞ্জ। দ্রুত পরিবর্তনশীল ডিজিটাল অর্থনীতি ও প্রযুক্তির সাথে খাপ খাইয়ে নেওয়া অনেক ক্ষেত্রে ব্যয়বহুল (Birchall, ২০১৩) পাশাপাশি সমিতির ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহারে অনীহা পরিলক্ষিত হয়। এছাড়াও একটি গবেষণায় বেটম্যান (২০১০) দেখিয়েছেন, ক্ষুদ্রঋণ শুধুমাত্র স্বল্পমেয়াদী আয়ের উন্নতি করতে সক্ষম, তবে দীর্ঘমেয়াদী দারিদ্র্য বিমোচনে এর প্রভাব সীমিত।

ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা শক্তিশালীকরণে করণীয়

বিশেষজ্ঞদের মতে ক্ষুদ্রঋণের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়নে সমবায়ের পূর্ণ সম্ভাবনা কাজে লাগাতে যেসকল পদক্ষেপ প্রয়োজন তা হল আর্থিক সচেতনতা, ঋণ ব্যবস্থাপনা, উদ্যোক্তা দক্ষতা এবং সমবায় পরিচালনার উপর প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ (Ledgerwood, ২০১৩); সমিতির কার্যক্রমের স্বচ্ছতা ও কার্যকারিতা বাড়ানোর জন্য একটি সুষ্ঠু নিয়ন্ত্রণ কাঠামো প্রণয়ন (Khalily & Khaleque, ২০১৩); ক্ষুদ্রঋণ পরিচালনার জন্য সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করা যা সমিতির দক্ষতা বাড়াতে সহায়ক হবে (Birchall, ২০১৩)। এছাড়াও ডিজিটাল প্ল্যাটফর্ম এবং মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ক্ষুদ্রঋণদানকারী সমবায় প্রতিষ্ঠানের কার্যক্রমকে আরও দক্ষ এবং বিস্তৃত করা সম্ভব (Cull et al., ২০১৭)। উদাহরণস্বরূপ কেনিয়ার এম-পেসার মতো মোবাইল ব্যাংকিং সেবা ক্ষুদ্রঋণে বিপ্লব এনেছে (Jack & Suri, ২০১১)। মূলত সমবায় প্রতিষ্ঠানকে তাদের পরিষেবা উন্নত করতে এবং প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে ডিজিটাল প্রযুক্তি গ্রহণ প্রয়োজন (Goddard et

al.,২০১৪)। ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির সামাজিক ও অর্থনৈতিক প্রভাব মূল্যায়নের জন্য কার্যকর মনিটরিং ব্যবস্থা চালুকরণ এবং সর্বোপরি বিভিন্ন দেশের সফল মডেল কোঅপারেটিভ যেমন সিকোব ও কেয়সকো থেকে শিক্ষা নিয়ে বাংলাদেশের ক্ষুদ্রঋণদানকারী সমবায় প্রতিষ্ঠানকে দক্ষতার সাথে পরিচালনা করা যায়।

পরিশেষে বলা যায় ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি অর্থনৈতিক অন্তর্ভুক্তি এবং স্থানীয় উন্নয়নে শক্তিশালী ভূমিকা রাখতে পারে। তবে, বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় সঠিক নীতি, দক্ষ ব্যবস্থাপনা, আর্থিক শিক্ষা প্রচার, সদস্যদের সক্রিয় অংশগ্রহণ এবং টেকসই উন্নয়নে বিনিয়োগের মাধ্যমে সমবায় প্রতিষ্ঠান দেশের দারিদ্র্য হ্রাস ,অর্থনৈতিক ক্ষমতায়ন ও প্রবৃদ্ধি অর্জনে শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করতে সক্ষম।

৩.০ ফলাফল বিশ্লেষণ



৩.১.০ সমবায় সমিতির সাধারণ সদস্য হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ

৩.১.১ সদস্য উত্তরদাতার সাধারণ তথ্য

গবেষণা কার্যক্রম চলাকালীন সময়ে সারা বাংলাদেশের ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলো থেকে দৈবচয়ন ভিত্তিতে ৭২০ জন উত্তরদাতা নির্বাচনপূর্বক তথ্য সংগ্রহ করা হয়। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ উত্তরসমূহ বাদ দেয়ার পর ৬৭৯ জনের তথ্য বিশ্লেষণ করা হয়।

৩.১.১.১ লিঙ্গ ও বয়স

জরীপ কার্যক্রমে অংশগ্রহণকারী ব্যক্তিদের মধ্যে দুই-তৃতীয়াংশ (৬৫.৪%) পুরুষ সদস্য এবং এক-তৃতীয়াংশ (৩৪.৬%) মহিলা ।




লেখচিত্র-১: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যের সংখ্যা

লেখচিত্র-২: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের বয়স

গবেষণা কার্যক্রমে অংশগ্রহণকারী ব্যক্তিদের বয়স ১৮ এবং তদূর্ধ্ব। অধিকাংশের বয়স ৩৬ থেকে ৪৫ বছর (২৫৩ জন), তবে পঞ্চাশ বছরের বেশি বয়সী মানুষও রয়েছে।


৩.১.১.২ শিক্ষাগত যোগ্যতা



লেখচিত্র-৩: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের শিক্ষাগত যোগ্যতা

বর্তমানে বাংলাদেশে জনগণের স্বাক্ষরতার হার ৭৮.৮% (বিবিএস ২০২৩)। জরীপে অংশগ্রহণকারী ৮০.৯০% (২৯৫ জন) মাধ্যমিক (এসএসসি) পর্যন্ত পড়াশুনা করেছে। মাধ্যমিকের নিচে অংশগ্রহণকারীর সংখ্যা ২৪.৮০% (১৬৮ জন) এবং কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষা আছে এমন লোকের সংখ্যা ২৩.৮০% (১৬০ জন) এবং লক্ষ্য করা যায় যে অংশগ্রহণকারীদের মধ্যে যেমন স্নাতকোত্তর ডিগ্রিধারী ব্যক্তি রয়েছেন (৫০ জন) তেমনি এমন ব্যক্তিও রয়েছেন যাদের কোন প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই (২১ জন)।


৩.১.১.৩ বৈবাহিক অবস্থা



লেখচিত্র-৪: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের বৈবাহিক অবস্থা

জরীপে অংশগ্রহণকারী সমবায় সমিতির অধিকাংশ সদস্য বিবাহিত (৯৩%)। মাত্র ৬% সদস্য অবিবাহিত। অবশিষ্ট এক শতাংশ সদস্য বিধবা বা তালাকপ্রাপ্ত।

৩.১.১.৪ পেশা




লেখচিত্র-৫: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের পেশা

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় সমবায় সমিতির অর্ধেকের বেশি সদস্য অর্থাৎ ৫৬.৫% পেশায় ব্যবসায়ী (৩৯৮ জন)। কৃষি কাজ ও চাকুরীজীবী সদস্যের সংখ্যা যথাক্রমে ১৫.১% ও ১১.৯%। এছাড়াও অংশগ্রহণকারীর মধ্যে ২ জন বেকার এবং ৫ জন ছাত্রও রয়েছে। এছাড়াও অংশগ্রহণকারীদের ১৫% অন্যান্য পেশায় নিয়োজিত যেমন টেইলারিং, গাড়ি বা রিক্সাচালক, গৃহিণী, ইত্যাদি।


৩.১.১.৫ মাসিক আয়

বর্তমানে বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় ২৭৬৫ ইউএস ডলার (সূত্র: প্রথম আলো, ২১ ফেব্রুয়ারী ২০২৪)। জরীপে অংশগ্রহণকারী অধিকাংশ সমবায়ী সদস্যদের মাসিক আয় ৫ হাজার থেকে ১০ হাজারের মধ্যে (১৮৪ জন অথবা ২৭.৮%)। অর্থাৎ এ জনগোষ্ঠীর অধিকাংশই মাথাপিছু গড় আয় থেকেও কম আয় করে। ২২.৪% সদস্যের আয় ১০ হাজার থেকে ১৫ হাজারের মধ্যে।



লেখচিত্র-৬: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের মাসিক আয় (ঋণ গ্রহণের পূর্বে ও পরে)


৩.১.১.৬ আয়ের উৎস



লেখচিত্র-৭: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের আয়ের উৎস

সবচেয়ে বেশি সংখ্যক সমবায় সমিতির সদস্যের (৩৬৮ জন বা ৫৬.৫%) আয়ের উৎস ব্যবসা (৩৬৮ জন)। এরপরেই দ্বিতীয় সর্বোচ্চ আয়ের উৎস কৃষি (২৪.১%), যা ১৬১ জন সদস্যের আয়ের উৎস। অন্যান্য আয়ের উৎসের মধ্যে রয়েছে ক্ষুদ্র ব্যবসা, গাড়ি চালনা, টেইলারিং, গাড়ির ব্যবসা, বাড়ি ভাড়া, ইত্যাদি।

৩.১.১.৭ সদস্যদের স্থাবর অস্থাবর সম্পদ



লেখচিত্র-৮: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের সম্পদ

৩৬২ জন সদস্যের নিজস্ব জমি আছে যার পরিমাণ ০.০৫ শতক থেকে ২০০০ শতকের মধ্যে। ১৯৬ জন সদস্যের নিজস্ব পুকুর আছে যার পরিমাণ ০.০২ থেকে ১৫০ শতকের মধ্যে। এছাড়া ৪৪৩ জন সদস্যের নিজের বাড়ি এবং ১৪৮ জন সদস্যের নিজস্ব বাগান রয়েছে। এছাড়াও ১৫৬ জন সদস্যের অন্যান্য সম্পদ যেমন আসবাবপত্র, গাড়ি, স্বর্ণ ইত্যাদি রয়েছে।

প্রায় অধিকাংশ সদস্যের (৫২.৭%) স্থাবর সম্পদ ঋণ গ্রহণের পূর্বে অর্জিত। ঋণ গ্রহণের পরে ১৬.৩% সদস্যের সম্পদ অর্জিত। এছাড়া আরও ৩১ শতাংশ সদস্য রয়েছেন যাদের স্থাবর সম্পদ ঋণ গ্রহণের আগে এবং পরে উভয় সময়ই অর্জিত হয়েছে।


৩.১.১.৮ ব্যাংক একাউন্ট

সমবায় সমিতির সদস্যদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায় প্রায় এক-তৃতীয়াংশ সদস্যদের নিজ নামে ব্যাংক অ্যাকাউন্ট রয়েছে।

৩.১.২. সঞ্চয় ঋণদানকারী সমবায় সমিতির পরিচিতি ও সাধারণ সদস্যদের সমিতি সংক্রান্ত তথ্যাবলী

জরীপে অংশগ্রহণকারী ৯১.৪% সদস্য বার্ষিক সভায় যোগদান করেন এবং ৯৬% সদস্য নিয়মিতভাবে নিজের শেয়ার সঞ্চয় জমা দেন।

৩.১.২.১. সদস্যদের উন্নয়নে সমিতির ভূমিকা




লেখচিত্র-৯: সদস্যদের জন্য সমিতি যে ধরনের কাজ করে থাকে

সমবায় সমিতি বেশিরভাগ ক্ষেত্রে সদস্যদের জন্যে ঋণ বা আর্থিক সহায়তা প্রদানমূলক (৯৭.১%) কাজ করে থাকে। সেই সাথে কিছু সমবায় সমিতি প্রশিক্ষণ প্রদান (২৮.৭%) ও উপকরণ সহায়তা (৯.৬%) প্রদান করে থাকে। এছাড়া সমিতির অন্যান্য কাজের মধ্যে রয়েছে বাজারজাতকরণে সহায়তা, শিক্ষা চিকিৎসা সহায়তা, গৃহ নির্মাণ সহায়তা ইত্যাদি।

সমবায় সমিতির সদস্যগণ সমিতির মাধ্যমে বিভিন্নভাবে উপকৃত হয়েছেন। সর্বাধিক সদস্য উপকৃত হয়েছেন ঋণ পেয়ে (৯৭%)। সেই সাথে কিছু সংখ্যক সদস্য প্রশিক্ষণ (২৬.৪%) ও উপকরণ পেয়ে (১০.৩%) উপকৃত হয়েছেন।

৩.১.২.২ ঋণ প্রাপ্তির অভিজ্ঞতা

বিগত ৩ বছরে সমবায় সমিতির সদস্যবৃন্দ সমবায় সমিতি হতেই সবচেয়ে বেশি (৯৩.৪%) ঋণ গ্রহণ করেছেন। এর পাশাপাশি এনজিও হতে কিছু সদস্য (১০.৮%) ঋণ গ্রহণ করেছেন। গৃহীত ঋণের পরিমাণ গড়ে ১ লক্ষ টাকার বেশি। ঋণের সুদের হার সর্বনিম্ন ১০% থেকে সর্বোচ্চ ২৪% পর্যন্ত। ঋণ পরিশোধের সময়সীমা সর্ব নিম্ন ৩ মাস থেকে সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত।



লেখচিত্র-১০: সদস্যদের ঋণ প্রাপ্তির উৎস


৩.১.২.৩ বিগত ৩ বছরের ঋণের তথ্য

সাল	ঋণের উৎস/প্রতিষ্ঠানের নাম	ঋণের পরিমাণ (টাকা)	ঋণের সুদের হার	ঋণ পরিশোধের মেয়াদ (মাস)
২০২১	গড় পরিমাণ	১০৮৪০৪.১৪	১৪%	১২.৮৮
	সর্বনিম্ন	৪০০০	১০%	৩
	সর্বোচ্চ	৫০০০০০০	২৪%	৬০
২০২২	গড় পরিমাণ	৯৪৭১৮.২০	১৩.৯%	১২.৮৪
	সর্বনিম্ন	৪০০০	১০%	৩.৩
	সর্বোচ্চ	৩০০০০০০	২৪%	১২০
২০২৩	গড় পরিমাণ	১১৭৩১৬.০৮	১৩.৯৪%	১২.৭৭
	সর্বনিম্ন	৪০০০	১০%	৩
	সর্বোচ্চ	৩০০০০০০	২৪%	৮৪

সারণী-১: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের বিগত তিন বছরের ঋণের তথ্য


৩.১.২.৪ ঋণ গ্রহণের প্রাথমিক উদ্দেশ্য

সমবায় সমিতির সদস্যদের মধ্যে ব্যবসা শুরুর উদ্দেশ্যে ঋণ গ্রহণের প্রবণতা সবচেয়ে বেশি লক্ষণীয়। শতকরা ৭২ ভাগ সদস্য ব্যবসা শুরুর উদ্দেশ্যে ঋণ গ্রহণ করেছেন। এছাড়া কৃষি সহ অন্যান্য কাজ যেমন পশুপালন, হাঁসমুরগি পালন, মৎস্য চাষ, ব্যবসা, হস্তশিল্প, সিএনজি ক্রয় বা মেরামত, গৃহনির্মাণ, চিকিৎসা, পারিবারিক, ক্ষুদ্র ব্যবসা, গবাদি পশু ক্রয়, হস্ত শিল্প, ইত্যাদির জন্যে ২৫.৭ শতাংশ সদস্য ঋণ গ্রহণ করেছেন।



লেখচিত্র-১১: গবেষণায় অংশগ্রহণকারী সদস্যদের ঋণ গ্রহণের প্রাথমিক উদ্দেশ্য

৩.১.২.৫. যে উদ্দেশ্যে ঋণ নিয়েছেন সে উদ্দেশ্যে ঋণের পুরো অর্থ ব্যয় করেছেন কিনা




লেখচিত্র-১২: যে উদ্দেশ্যে ঋণ নেয়া হয়েছে সে উদ্দেশ্যে ঋণের পুরো অর্থ ব্যয় হয়েছে কিনা

প্রায় সব সদস্যই (৭৮%) যে উদ্দেশ্যে ঋণ নিয়েছেন সে উদ্দেশ্যে ঋণের পুরো অর্থ ব্যয় করেছেন। যারা পুরো অর্থ সে উদ্দেশ্যে ব্যবহার করেননি, তাঁরাও গড়ে ঋণের ৬৮.৮৫% যে উদ্দেশ্যে ঋণ নিয়েছেন সে উদ্দেশ্যে ব্যয় করেছেন। অবশিষ্ট অংশগ্রহণকারীগণ গাড়ি/সিএনজি/রিকশা ক্রয় বা মেরামত, ব্যবসায় বিনিয়োগ, স্বামী বা সন্তান কে বিদেশে পাঠানো, স্বামীর ব্যবসা, ইত্যাদি কাজে ঋণের অর্থ ব্যয় করেছেন।

৩.১.২.৬ যে কাজে ঋণ নিয়েছে সে কাজে ব্যয়িত সময়

সমিতির সদস্যগণ যে কাজে ঋণ নিয়েছেন সে কাজে দিনের সর্বনিম্ন ১ থেকে সর্বোচ্চ ১৭ ঘণ্টা পর্যন্ত (গড়ে ৮.৫ ঘণ্টা) ব্যয় করেন।

৩.১.২.৭ ঋণের অবশিষ্ট অর্থ যে কাজে ব্যয় করেছেন




লেখচিত্র-১৩: ঋণের অবশিষ্ট অর্থ যে কাজে ব্যয় করা হয়েছে

যেসকল সদস্যরা ঋণের সম্পূর্ণ অর্থ প্রাথমিক উদ্দেশ্যে ব্যয় করেননি তাদের মধ্যে ৪৫ জন অবশিষ্ট অর্থ সন্তানের শিক্ষা (২৬.৮%) ও ৪৬ জন গৃহ মেরামতে ব্যয় করেছেন (২৭%)। এদতব্যতীত অবশিষ্ট অর্থ প্রায় সমহারে (১৭%) চিকিৎসা ও স্বামীর ব্যবসাসহ অন্যান্য ক্ষেত্রে ব্যয় করেছেন। চিকিৎসায় ২৬ জন, স্বামীর ব্যবসায় ২৯ জন এবং অন্য ঋণ পরিশোধে ৫ জন ব্যক্তি অবশিষ্ট অর্থ ব্যয় করেছেন। এছাড়াও ৩৭ জন সদস্য অন্যান্য কাজ যেমন গাড়ি ক্রয় বা মেরামত, ব্যবসায় বিনিয়োগ, সিএনজি বা রিকশা ক্রয় বা মেরামত, স্বামী বা সন্তান কে বিদেশে পাঠানো, স্বামীর ব্যবসা, ইত্যাদি কাজে অবশিষ্ট অর্থ ব্যয় করেছেন।


৩.১.২.৮ ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কে ধারণা

বেশিরভাগ সদস্য ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কে ধারণা পেয়েছেন সমিতির অন্য সদস্যদের থেকে (৮৩.১%)। ক্রমান্বয়ে প্রতিবেশী, অন্য সমবায় সমিতির সদস্য এবং আত্মীয় স্বজন হতে অল্প সংখ্যক সদস্য ধারণা পেয়েছেন।



লেখচিত্র-১৪: ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কে ধারণা প্রাপ্তি


৩.১.২.৯ অন্যান্য প্রতিষ্ঠানের ঋণের তুলনায় সমবায় সমিতির ঋণের সুবিধাসমূহ



লেখচিত্র-১৫: সমবায় সমিতির ঋণের সুবিধা


জরীপে অংশগ্রহণকারী সদস্যদের প্রদত্ত তথ্য মতে সমবায় সমিতির মূল সুবিধাগুলো হচ্ছে দ্রুত ঋণ পাওয়া যায়, পদ্ধতিগত জটিলতা কম, পরিশোধ পদ্ধতি সহজ। অন্যান্য সুবিধার হিসেবে তারা উল্লেখ করেছেন সহজে ঋণ পাওয়া যায় এবং তা কাজে লাগানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও পাওয়া যায়।

৩.১.২.১০. অন্যান্য প্রতিষ্ঠানের ঋণের তুলনায় সমবায় সমিতির ঋণের অসুবিধাসমূহ



লেখচিত্র-১৬: সমবায় সমিতির ঋণের অসুবিধা


৩.১.২.১১. মহিলাদের ঋণের ব্যবহার



লেখচিত্র-১৭: মহিলাদের ঋণের অর্থের ব্যবহার

গবেষণায় অংশগ্রহণকারী মহিলা সমবায়ীর মধ্যে অধিকাংশ ঋণ গ্রহীতা (৬৭.৯%) নিজেই ঋণের অর্থ ব্যয় করেছেন। প্রায় এক তৃতীয়াংশ মহিলা সমবায়ী জানিয়েছেন তাদের নেয়া অর্থ ব্যয় করেছেন তাদের স্বামী, বাবা অথবা পরিবারের অন্য সদস্য।

৩.১.৩. সঞ্চয় ও ঋণদানকারী সমবায় সমিতিগুলোর ভূমিকা




লেখচিত্র-১৮: সঞ্চয় ও ঋণদানকারী সমিতিগুলোর ভূমিকা

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, অধিকাংশ সদস্যের মতে (৮৫.৪%) ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

৩.১.৩.১. সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা

ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে যে ধরনের ভূমিকা রাখে	সদস্য সংখ্যা	%
আয় বৃদ্ধি	৫০০	৮১%
উদ্যোক্তা তৈরী/ স্বকর্মসংস্থান	৪৯৪	৮০.৬%
অন্যে কর্মসংস্থান	১৬২	২৬.৪%
অন্যান্য	৯	১.৫%


সারণী-২: সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা



লেখচিত্র-১৯: সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে সমিতির ভূমিকা

গবেষণায় প্রাপ্ত তথ্য অনুযায়ী ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে সবচেয়ে বড় ভূমিকা রাখে আয় বৃদ্ধিতে (৮১.৬%) এবং উদ্যোক্তা তৈরি বা স্বকর্মসংস্থান সৃষ্টিতে (৮০.৬%)। এছাড়াও ১.৫% সদস্যের মতে সমবায় সমিতি সদস্যদের স্বাবলম্বী করে, গৃহ নির্মাণ সহায়তা হয়, ছেলেমেয়ের শিক্ষা দান সহজ হয়, ইত্যাদি।

৩.১.৩.২. প্রশিক্ষণ




লেখচিত্র-২০: প্রশিক্ষণ প্রাপ্তি

সমবায় সমিতির সদস্যদের মধ্যে তিন ভাগের দুই ভাগ সদস্যই ঋণের অর্থ ব্যবহারের জন্য কোন প্রকার প্রশিক্ষণ পাননি। মাত্র একভাগ সদস্য প্রশিক্ষণ পেয়েছেন।


৩.১.৪. ঋণ প্রাপ্তি ও পরিশোধ

৩.১.৪.১. ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা/ঝুঁকি



লেখচিত্র-২১: সদস্যদের ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা/ঝুঁকি রয়েছে কিনা


৯৬ শতাংশ সদস্য মনে করেন ঋণ গ্রহণের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা/ঝুঁকি নেই।



লেখচিত্র-২২: সদস্যদের ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ

যেসকল সদস্য মনে করেন ঋণ গ্রহণে প্রতিবন্ধকতা/ ঝুঁকি রয়েছে তাদের মতে ঋণ গ্রহণের অন্যতম প্রতিবন্ধকতাসমূহ হলো উচ্চ সুদের হার, জামিনদার না পাওয়া, যে ট্রেডে ঋণ দেয়া হচ্ছে সে সম্পর্কে সঠিক জ্ঞান না থাকা। কিছু ক্ষেত্রে কিস্তির পরিমাণ বেশি হওয়াও প্রতিবন্ধকতা হিসেবে অংশগ্রহণকারীগণ উল্লেখ করেছেন।

৩.১.৪.২. ঋণ পরিশোধের পদ্ধতি



লেখচিত্র-২৩: সদস্যদের ঋণ পরিশোধের পদ্ধতি


ঋণ পরিশোধের পদ্ধতি	সদস্য সংখ্যা	%
নিজে গিয়ে ঋণের অর্থ পরিশোধ	২৪৫	৩৬.৮%
সমিতি থেকে বাড়ি বাড়ি গিয়ে ঋণ আদায়	৪৬৩	৬৯.৫%
ব্যাংকের মাধ্যমে পরিশোধ	৩	০.৫%
নগদ/বিকাশ/রকেট এর মাধ্যমে পরিশোধ	১০	১.৫%
দলীয় নেতা /ব্যক্তির মাধ্যমে	২৯	৪.১%
অন্যান্য (উল্লেখ করুন)	১	০.২%

সারণী-৩: সদস্যদের ঋণ পরিশোধের পদ্ধতি

সমিতির সদস্যদের ঋণ পরিশোধের পদ্ধতির মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য হল সমিতি থেকে বাড়ি বাড়ি গিয়ে ঋণ আদায় (৬৯.৫%)। ৩৬.৮% সদস্য নিজে গিয়ে ঋণের অর্থ পরিশোধ করেন। ঋণ পরিশোধের ক্ষেত্রে ব্যাংক বা

মোবাইল ফিন্যানশিয়াল সার্ভিস (MFS) খুব কম সদস্যই ব্যবহার করেন। এছাড়াও পরিবারের অন্য সদস্যকে সমবায় কেন্দ্রে পাঠিয়েও কেউ কেউ (০.২%) ঋণ পরিশোধ করেন।

৩.১.৪.৩. ঋণ পরিশোধের ক্ষেত্রে পছন্দের প্রক্রিয়া



লেখচিত্র-২৪: ঋণ পরিশোধের ক্ষেত্রে পছন্দের প্রক্রিয়া

জরীপে প্রাপ্ত তথ্য অনুযায়ী ঋণ পরিশোধের পদ্ধতি হিসেবে সর্বাধিক পছন্দের প্রক্রিয়া হিসেবে সমিতি থেকে বাড়ি বাড়ি গিয়ে ঋণ আদায়ের কথা বলেছেন (৬৩.৯%) এবং ২৫.৩% এর পছন্দ নিজে গিয়ে ঋণের অর্থ পরিশোধ। মোবাইল বা ব্যাংকের মাধ্যমে ঋণ পরিশোধ এর জনপ্রিয়তা অতি নগণ্য। স্বামী, সন্তান বা পরিবারের কোন সদস্যের মাধ্যমে ঋণ পরিশোধ করাও কোন কোন সদস্যের কাছে পছন্দনীয়।


৩.১.৪.৪. ঋণ পরিশোধের উৎস

কোন উৎস থেকে ঋণের কিস্তি ও সুদ পরিশোধ করেন	সদস্য সংখ্যা	%
নিজ আয় থেকে	২৯৬	৪৩.৫%
পরিবার/আত্মীয় স্বজন থেকে ধার করে	৩	০.৪%
অন্য প্রতিষ্ঠান/ব্যক্তি থেকে ঋণ নিয়ে	২	০.৩%
ঋণের অর্থ বিনিয়োগের মাধ্যমে প্রাপ্ত আয় থেকে	৩০৬	৪৪.৯%
অন্যান্য (উল্লেখ করুন)	১১	১.৬%

সারণী-৪: ঋণ পরিশোধের উৎস

জরীপে প্রাপ্ত তথ্য অনুযায়ী সমিতির সদস্যরা মূলত নিজ আয় থেকে (৪৩.৫%) ও ঋণের অর্থ বিনিয়োগের মাধ্যমে প্রাপ্ত আয় থেকে(৪৪.৯%) ঋণের কিস্তি ও সুদ পরিশোধ করে। ঋণ পরিশোধের অন্যান্য উৎসগুলি হচ্ছে অন্য ব্যবসার আয়, দোকানের আয়, ইত্যাদি।

৩.১.৪.৫. ঋণ গ্রহণ ও পরিশোধে আইন/বিধি/নীতিমালা/পদ্ধতি/চুক্তিপত্রের অনুসরণ




লেখচিত্র-২৫: ঋণ গ্রহণ ও পরিশোধে আইন/বিধি/নীতিমালা/পদ্ধতি/চুক্তিপত্র অনুসরণ

সমিতির সদস্যদের ৯১.৮০ শতাংশ ঋণ গ্রহণ ও পরিশোধে চুক্তিপত্র অনুসরণ করেন।


৩.১.৪.৬. একটি প্রতিষ্ঠান/ব্যক্তি থেকে ঋণ নিয়ে অন্য প্রতিষ্ঠানের/ব্যক্তির ঋণ পরিশোধ

সমিতির সদস্যদের মাঝে কয়দংশ (৫%) একটি প্রতিষ্ঠান/ব্যক্তি থেকে ঋণ নিয়ে অন্য প্রতিষ্ঠানের/ব্যক্তির ঋণ পরিশোধ করেছেন।



লেখচিত্র-২৬: এক উৎস হতে ঋণ নিয়ে অন্য উৎসের ঋণ পরিশোধ


৩.১.৪.৭. ঋণের সুদ নির্ধারণ



লেখচিত্র-২৭: বার্ষিক সভায় সমিতির ঋণের সুদ নির্ধারণ

৯২ শতাংশের মতে বার্ষিক সভায় সমিতির ঋণের সুদ নির্ধারণ করা হয়।


৩.১.৪.৮. ঋণের কিস্তি প্রদান



লেখচিত্র-২৮: ঋণের কিস্তি প্রদান

সমিতির ৯৮.৩০% সদস্যদের অভিমত অনুযায়ী তাদের ঋণের কিস্তি প্রদান কখনো ব্যহত হয়নি।


৩.১.৪.৯. ঋণ পরিশোধের সমস্যা



লেখচিত্র-২৯: সদস্যদের ঋণ পরিশোধে সমস্যা

সমিতির সদস্যদের বৃহত্তর অংশ (৮৭.৯০%) বলেছেন ঋণ পরিশোধের ক্ষেত্রে কোন সমস্যা হয়নি।

৩.১.৪.১০. ঋণ প্রদান ও পরিশোধ প্রক্রিয়া মনিটরিং



লেখচিত্র-৩০: সদস্যদের ঋণ কার্যক্রম মনিটরিং হয় কি না

সমিতির সদস্যদের অধিকাংশের (৯৯.৫০%) মতে ঋণ প্রদান ও পরিশোধ প্রক্রিয়া নিয়মিত মনিটরিং করা হয়।

ঋণ প্রদান ও পরিশোধ প্রক্রিয়া কীভাবে মনিটরিং করা হয়?	সদস্য সংখ্যা	%
খাতাপত্রের মাধ্যমে হিসাব সংরক্ষণ	৫৯৯	৯৩%
সফটওয়্যার ব্যবহার	৪৪	৭%

সারণী-৫: সমিতির ঋণ প্রদান ও পরিশোধ মনিটরিং পদ্ধতি

জরীপে অংশগ্রহণকারী সমিতির সদস্যদের ৯৩ শতাংশ বলেন সংশ্লিষ্ট সমিতিতে ম্যানুয়াল হিসাব সংরক্ষণের মাধ্যমে ঋণ প্রদান ও পরিশোধ প্রক্রিয়া নিয়মিত মনিটরিং করা হয়। মনিটরিং এর ক্ষেত্রে সফটওয়্যারের ব্যবহার অত্যন্ত সীমিত।

৩.১.৫. ক্ষুদ্রঋণের প্রভাব

৩.১.৫.১. এলাকার অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে / পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ক্ষুদ্র ঋণের প্রভাব

ঋণ প্রাপ্তির সুযোগ এলাকার অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে / আপনার পরিবারের আর্থ-সামাজিক অবস্থায় যে ধরনের প্রভাব ফেলেছে	সদস্য সংখ্যা	%
ইতিবাচকভাবে	৬২৯	৯৪.৪%
নেতিবাচকভাবে	১০	১.৫%
কোন প্রভাব নেই	২৭	৪.১%


সারণী-৬: আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ক্ষুদ্র ঋণ প্রাপ্তির প্রভাব

সমিতির সদস্যদের মতে ঋণ প্রাপ্তির সুযোগ এলাকার অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে / সমিতির সদস্যদের পরিবারের আর্থ-সামাজিক অবস্থায় ইতিবাচকভাবে (৯৪.৪%) প্রভাব ফেলেছে।

৩.১.৫.২. ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল

ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল	সদস্য সংখ্যা	%
ঋণের অর্থ ব্যবহারের মাধ্যমে আয় বেড়েছে	৬১০	৯৫%
স্থায়ী সম্পদ বেড়েছে	১৫৪	২৪%
সামাজিক ক্ষমতা ও মর্যাদা বেড়েছে	২৯৬	৪৬.১%
শিক্ষার প্রসার বেড়েছে	১১৪	১৭.৮%
অন্যান্য (উল্লেখ করুন)	১০	১.৬%

সারণী-৭: সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল



লেখচিত্র-৩১: সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল

সমিতির সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফলের মধ্যে ঋণের অর্থ ব্যবহারের মাধ্যমে আয় বাড়ার (৯৫%) সাড়া সবচেয়ে বেশি। এছাড়া স্থায়ী সম্পদ বৃদ্ধি (২৪%), সামাজিক ক্ষমতা ও মর্যাদা বৃদ্ধি (৪৬.১%), শিক্ষার প্রসারের বৃদ্ধিও (১৭.৮%) লক্ষ্যণীয়। অন্যান্য সুফলের মধ্যে রয়েছে ঋণ নিয়ে কেউ বেকারির ব্যবসা করেছেন, কেউ হস্তশিল্প ব্যবসা করেছেন, কেউ হাস মুরগি বা গরু ছাগলের খামার করেছে, কেউ গাছের ব্যবসা করেছেন, এর ফলে পরিবারে মতামত দেয়ার ক্ষমতা বেড়েছে। পাশাপাশি এলাকার অনেকের কর্ম সংস্থান হয়েছে, অর্থনৈতিক উন্নতি হয়েছে।


৩.১.৫.৩. ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত কুফল

ঋণ গ্রহণের মাধ্যমে সংঘটিত কুফল	সদস্য সংখ্যা	%
প্রকৃত আয় কমে গিয়েছে	৩১	১৫.৫%
ঋণ নির্ভরতা বেড়েছে	১৬০	৮০%
সামাজিক অবস্থান দুর্বল হয়েছে	১২	৬%
স্থায়ী সম্পদ হ্রাস পেয়েছে	৪	২%
অন্যান্য (উল্লেখ করুন)	১১	৫.৫%

সারণী-৮: সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত কুফল


সমিতির সদস্যদের ঋণ গ্রহণের মাধ্যমে সংঘটিত কুফলের মাঝে ঋণ নির্ভরতা বাড়ার (৮০%) ঘটনা সর্বাধিক। তাছাড়াও সামাজিক অবস্থান দুর্বল হওয়া বা স্থায়ী সম্পদ হ্রাস পাওয়ার পাশাপাশি সদস্যদের কেউ কেউ ঋণগ্রস্থ হয়ে পড়ছেন।

৩.১.৫.৪. ঋণ গ্রহণের পূর্বে এবং ঋণ গ্রহণের পরে আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন



লেখচিত্র-৩২: ঋণ গ্রহণের ফলে আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন হয়েছে কিনা

জরীপে অংশগ্রহণকারী সদস্যের অধিকাংশ (৯৮.২০%) সদস্যের ঋণ গ্রহণের পরে আর্থ সামাজিক অবস্থার পরিবর্তন হয়েছে।



লেখচিত্র-৩৩: ঋণ গ্রহণের ফলে আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন

জরীপে প্রাপ্ত ফলাফল অনুযায়ী ঋণ গ্রহণের ফলে বেশিরভাগ সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটেছে যেমন আয় বেড়েছে ৯৪.১% সদস্যের। এছাড়াও স্থায়ী সম্পদ (২৮.৬%), সামাজিক মর্যাদা (৫৩.২%), পরিবারে শিক্ষার প্রসার (২৫.৫%) ও উন্নত চিকিৎসা সেবায় (১৫.৬%) ইতিবাচক পরিবর্তন বৃদ্ধি লক্ষণীয়। সমিতির সদস্যদের অধিকাংশ (৯১.৯০%) মনে করেন ঋণ গ্রহণের পর তাদের পরিবারের পুষ্টির ঘাটতি পূরণ হয়েছে। সমবায় সমিতির সদস্যদের গৃহীত ঋণ বিনিয়োগ করে শতকরা ৮১.৫০ ভাগের কর্মসংস্থান হয়েছে। সমবায় সমিতির সদস্যদের অধিকাংশের ক্ষেত্রে (৬৬.০৪%) গৃহীত ঋণ বিনিয়োগে পরিবারের সদস্যদের কর্মসংস্থান হয়েছে। এছাড়াও অন্যান্য পরিবর্তনের মধ্যে রয়েছে পরিবারে সম্মান/ মতামত দেয়ার ক্ষমতা বেড়েছে, সন্তানদের উন্নত খাদ্যের যোগান দিতে পারছেন, ইত্যাদি।

৩.১.৬. ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলোর সমস্যা

ক্ষুদ্র ঋণ গ্রহণ ও পরিশোধের ক্ষেত্রে প্রধান সমস্যাগুলি	সদস্য সংখ্যা	%
ঋণের জন্য জামিনদার লাগে	৩৭৯	৬৫.৭%
উচ্চ সুদের হার	২১১	৩৬.৬%
ঋণের শর্তাবলী	২১৮	৩৭.৮%
ব্যাংক হিসাবের বিপরীতে ব্ল্যাংক চেক প্রদান	১৫৮	২৭.৪%
ঋণের কিস্তির পরিমাণ বেশি	৯৪	১৬.৩%
জামানত/সম্পত্তি মর্টগেজ দিতে হয়	৫৪	৯.৪%
অন্যান্য	৭	১.২%

সারণী-৯: ক্ষুদ্রঋণ গ্রহণ ও পরিশোধের ক্ষেত্রে প্রধান সমস্যা

সমিতির সদস্যদের মতে ক্ষুদ্র ঋণ গ্রহণ ও পরিশোধের ক্ষেত্রে প্রধান সমস্যা হল ঋণের জন্য জামিনদার লাগে। এছাড়া ঋণের শর্তাবলী ও উচ্চ সুদের হার ও ব্যাংক হিসাবের বিপরীতে ব্ল্যাংক চেক প্রদান অন্যতম সমস্যা হিসেবে জরীপে অংশগ্রহণকারীগণ উল্লেখ করেছেন। অন্যান্য সমস্যা হিসেবে উল্লেখ করা হয়েছে ৪০ শতাংশ শেয়ার জমা রাখতে হয়।


৩.১.৭. ক্ষুদ্রঋণদানকারী সমিতিগুলো এ সমস্যা সমাধানে যে ধরনের ভূমিকা পালন করতে পারে

ক্ষুদ্রঋণদানকারী সমিতি গুলো এ সমস্যা সমাধানে কী ভূমিকা পালন করতে পারে	সদস্য সংখ্যা	%
সদস্যদের শেয়ার/সঞ্চয় আদায় নিশ্চিতকরণ এবং সঞ্চয়ের বিপরীতে ঋণ প্রদান	৩৮০	৬৪%
কঠিন শর্তাবলী সহজ করা	৩২৪	৫৪.৫%
উচ্চ সুদের হার কমানো	২৮২	৪৭.৫%
ব্ল্যাংক চেক গ্রহণ পরিহার	১৩৮	২৩.২%
অন্যান্য	১২	২%

সারণী-১০: ক্ষুদ্রঋণদানকারী সমিতিগুলো এ সমস্যা সমাধানে যে ধরনের ভূমিকা পালন করতে পারে


জরীপে অংশগ্রহণকারীগণ উল্লিখিত সমস্যা সমাধানে ঋণের শর্তাবলী সহজীকরণ এবং উচ্চ সুদের হার কমানোর প্রতি গুরুত্ব দিয়েছেন। এছাড়াও অন্যান্য পরামর্শের মধ্যে আইন সহজীকরণের বিষয়ে কোন কোন সদস্য মত দিয়েছেন।

৩.১.৮. প্রকল্প থেকে সহায়তা প্রাপ্তি




লেখচিত্র-৩৪: প্রকল্প ঋণ কার্যক্রম থেকে সহায়তা

৮২.৮০% উত্তরদাতা প্রকল্প কার্যক্রম থেকে কোন সহায়তা পাননি। ১৭.২% কেবল প্রকল্প ঋণ কার্যক্রম থেকে সহায়তা পেয়েছেন। প্রকল্প থেকে প্রাপ্ত সহায়তার মধ্যে সর্বাধিক পেয়েছেন ঋণ সহায়তা (৮১.৫%)। তাছাড়া প্রশিক্ষণ (৪২.৯%) ও দক্ষতা তৈরিতেও (১৫.১%) উল্লেখযোগ্য সহায়তা প্রদান করা হয়েছে।



লেখচিত্র-৩৫: প্রকল্প কার্যক্রম থেকে প্রাপ্ত সহায়তা

৩.১.৯. সার্বিক ধারণা



লেখচিত্র-৩৬: অর্থনৈতিক উন্নতিতে ক্রেডিট ইউনিয়ন ও ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা

সার্বিকভাবে বলতে গেলে সমিতির ৯৬.৪% সদস্য মনে করেন যে ক্রেডিট ইউনিয়ন ও অন্যান্য সঞ্চয়সঞ্চাদান সমিতিগুলো ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে সদস্যদের অর্থনৈতিক উন্নতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তবে সদস্যদের খুব কমসংখ্যক (১.৭০%) ভাবেন এতে সমিতিগুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা নেই বা ভূমিকা অনিশ্চিত (২%)।

৩.১.১০. ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতিতে শক্তিশালী করার উপায়


ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতিতে যেভাবে শক্তিশালী করা যায়	সদস্য সংখ্যা	%
সমিতির শেয়ার, সঞ্চয় ও সদস্য সংখ্যা বৃদ্ধি	৫৩৪	৭৯.৯%
বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বল্প সুদে ঋণ সহায়তা প্রদান	৫০১	৭৫%
নির্দিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান	৪৮০	৭১.৯%
সমিতির জন্য প্রকল্প গ্রহণ	৪০৫	৬০.৬%
সমিতির হিসাবরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন	৩৬৫	৫৪.৬%
সমিতিতে আইনগত সহায়তা প্রদান	৩৫৭	৫৩.৪%
সুনির্দিষ্ট ঋণ নীতিমালা থাকা প্রয়োজন	৩১০	৪৬.৪%
অন্যান্য (উল্লেখ করুন)	৭	১%

সারণী-১১: ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতিতে শক্তিশালী করার উপায়

জরীপে অংশগ্রহণকারী ৭৯.৯% উত্তরদাতার পরামর্শ হল সমিতির শেয়ার, সঞ্চয় ও সদস্য সংখ্যা বৃদ্ধি। তাছাড়া বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বল্প সুদে ঋণ সহায়তা প্রদান(৭৫%), সুনির্দিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান (৭১.৯%), সমিতির জন্য প্রকল্প গ্রহণ (৬০.৬%), সমিতির হিসাবরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন(৫৪.৬%), সমিতিতে আইনগত সহায়তা প্রদান(৫৩.৪%) এবং সুনির্দিষ্ট ঋণ ও নীতিমালার প্রয়োজনীয়তার বিষয়ে (৪৬.৪%) উত্তরদাতাগণ পরামর্শ দিয়েছেন। অন্যান্য পরামর্শের মধ্যে রয়েছে ঋণ আদায়ে আইনগত সহযোগিতা সহজীকরণ।

৩.১.১১. উন্নতির জন্য পরামর্শ


সদস্যদের চাহিদা পূরণে ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা



লেখচিত্র-৩৭: ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির নিকট সদস্যদের চাহিদা

সমিতির অধিকাংশ (৯২.৬%) সদস্যই সহজ শর্তে ঋণ প্রদানের অভিমত পোষণ করেন। তাছাড়া প্রশিক্ষণ প্রদান (৬৯.৪%) ও ব্যবসার উপকরণ প্রদান (৩৯.৪%) সম্পর্কেও সদস্যদের যথেষ্ট আগ্রহ রয়েছে। অন্যান্য চাহিদার মধ্যে রয়েছে শিক্ষা, চিকিৎসা ইত্যাদির ব্যবস্থা গ্রহণ ও উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সাহায্য করা।


৩.১.১২. ক্ষুদ্রঋণ সেবা সম্পর্কে সন্তুষ্টি



লেখচিত্র-৩৮: ক্ষুদ্রঋণ সেবা সম্পর্কে সন্তুষ্টির মাত্রা

ঋণ গ্রহণের অভিজ্ঞতা অনুযায়ী ৪৫.৮% উত্তরদাতা ক্ষুদ্রঋণ সেবা নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন। এছাড়া ৪২.৯% মোটামুটি সন্তুষ্ট এবং ৯.৯% খুবই সন্তুষ্ট বলে মত প্রকাশ করেছেন। সদস্যদের মাঝে অসন্তুষ্টির মাত্রা অতি নগণ্য।

৩.১.১৩. ক্ষুদ্রঋণ সেবা গ্রহণের সুপারিশ



লেখচিত্র-৩৯: ক্ষুদ্রঋণ গ্রহণে অন্যকে সুপারিশ

সমবায় সমিতির সিংহভাগ সদস্যই (৯০.৮%) পরিবার আত্মীয়স্বজন বা প্রতিবেশীদেরকে ক্ষুদ্র ঋণ সেবা গ্রহণের জন্য সুপারিশ করবেন বলে মত প্রকাশ করেছেন যা ক্ষুদ্রঋণের গুরুত্ব ও ইতিবাচক দিককে নির্দেশ করে।

৩.১.১৪. স্ট্যাটিস্টিক্যাল টেস্ট

এ গবেষণার একটি প্রধান উদ্দেশ্য ছিল অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে জড়িত সমবায় সমিতিসমূহের ভূমিকা ও ইতিবাচক প্রভাব ও সম্ভাবনা চিহ্নিতকরণ। এই উদ্দেশ্যটি পূরণ করার জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে ঋণ গ্রহণের ফলে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন হয়েছে কিনা, এবং তা তাঁদের

আয়ের উপর কী ধরনের প্রভাব ফেলেছে, তা পরিমাপ করা হয়। নিচের টেবিলে ঋণ গ্রহণের পূর্বে এবং পরের আয়ের একটি তুলনা দেয়া হলঃ

	ঋণ গ্রহণের পূর্বে আয় (টাকা)	ঋণ গ্রহণের পরে আয় (টাকা)
গড় (স্ট্যান্ডার্ড ডেভিয়েশন)	১৪১৮৪.৭৫ (১৩১০২.৬০)	২১৯১১.৮৬ (২৬৪৪১.০২)
মধ্যক (Median)	১১০০০.০০	১৭৫০০.০০
প্রচুরক (Mode)	১০০০০	১৫০০০
সর্বনিম্ন (Minimum)	০	১০০০
সর্বোচ্চ (Maximum)	২০০০০০	৫০০০০০
২৫তম পারসেন্টাইল (Q ₁)	৭৫০০.০	১২০০০.০
৫০তম পারসেন্টাইল (Q ₂)	১১০০০.০	১৭৫০০.০
৭৫তম পারসেন্টাইল (Q ₃)	১৭৫০০.০	২৫০০০.০


H_0 : ঋণ গ্রহণের পূর্বে এবং পরের আয়ের মধ্যে কোন পার্থক্য নেই (বা, ঋণ গ্রহণের পূর্বে এবং পরের গড় আয়ের পার্থক্য = ০ টাকা)

H_1 : ঋণ গ্রহণের পরের আয় ঋণ গ্রহণের পূর্বের আয়ের চেয়ে বেশি

উপরোক্ত হাইপোথিসিস এর জন্য একটি Paired t-test করে দেখা যায় ঋণ গ্রহণের পূর্বে এবং পরের আয়ের মধ্যে তাৎপর্যপূর্ণ পার্থক্য আছে ($p\text{-value} < 0.001$) এবং ঋণ গ্রহণের পরে সদস্যদের আয় উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে।

এছাড়াও আরও গভীরে বিশ্লেষণ করে দেখা গেছে যে প্রায় ১৭% সদস্যের ঋণ গ্রহণের পূর্বের মাসিক আয় ৫০০০ টাকা বা তার কম ছিল। ঋণ গ্রহণের পরে এ সংখ্যা কমে ৭.২% হয়েছে। একইভাবে প্রায় ২৭ শতাংশ সদস্যের ঋণ গ্রহণের পূর্বের মাসিক আয় ৫০০১ থেকে ১০০০০ টাকা। ঋণ গ্রহণের পরে এমন সদস্যের সংখ্যা ১৫.৭% হয়েছে। এভাবে দেখা যায় যে ২০,০০০ টাকা থেকে ২৫,০০০ টাকা পর্যন্ত এবং ২৫০০১ টাকা বা তার বেশি মাসিক আয়, এমন সদস্যের সংখ্যা যথাক্রমে ৯% ও ৮% থেকে বৃদ্ধি পেয়ে প্রায় ১৬% এবং ১৯% হয়েছে। সুতরাং নিশ্চিত ভাবেই বলা যায়, ঋণ গ্রহণ এবং তার সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে ঋণ গ্রহীতা সদস্যদের আর্থিক অবস্থার উন্নতি হয়েছে।

মাসিক আয়	ঋণ গ্রহণের আগে মাসিক আয়		ঋণ গ্রহণের পরে মাসিক আয়	
মাসিক আয়	ঋণ গ্রহণের আগে মাসিক আয়	ঋণ গ্রহণের আগে মাসিক আয়	ঋণ গ্রহণের পরে মাসিক আয়	ঋণ গ্রহণের পরে মাসিক আয়
৫,০০০ বা এর কম	১১২	১৬.৯০%	৪৭	৭.২
৫০০১ থেকে ১০০০০	১৮৪	২৭.৮০%	১০৩	১৫.৭
১০০০১ থেকে ১৫০০০	১৫৮	২৩.৯০%	১৪৭	২২.৪
১৫০০১ থেকে ২০০০০	৯৬	১৪.৫০%	১২৯	১৯.৬
২০০০০ থেকে ২৫০০০	৫৮	৮.৮০%	১০৭	১৬.৩
২৫০০০ এর উর্ধ্বে	৫৩	৮.০০%	১২৪	১৮.৯




H_0 : শতকরা ৮০ জন বা তার কম সদস্য মনে করেন যে সঞ্চয় ঋণ দানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে ($P \geq 0.8$)

H_2 : শতকরা ৮০ জনের বেশি সদস্য মনে করেন যে সঞ্চয় ঋণ দানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্ব পূর্ণ ভূমিকা রাখে ($P > 0.8$)

নমুনা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী সঞ্চয় ঋণ দানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্ব পূর্ণ ভূমিকা রাখে এমন মতামত প্রদানকারী দের অনুপাত হল ০.৮৫।

অনুপাতসংক্রান্ত হাইপথিসিসটির জন্য প্রযোজ্য একটি **z-test** এর মাধ্যমে দেখা যায় শতকরা ৮০ জনের বেশি সদস্য মনে করেন যে সঞ্চয় ঋণ দানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্ব পূর্ণ ভূমিকা রাখে ($Z=৩.৪৯৯৬$ এবং $p\text{-value} < ০.০০১$)। অর্থাৎ শতকরা ৮০ জনের বেশি সদস্য ভাবছেন যে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখে।

এই বিষয়টি আরও গভীর ভাবে বিশ্লেষণের জন্য আমরা নিচের চিত্রের সাহায্য নিতে পারি। যে সদস্যগণ ভাবেন যে সঞ্চয় ও ঋণদানকারী সমবায় সমিতিগুলি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখে, তাঁরা এই ভূমিকাগুলিকে চিহ্নিত করেছেন। তাঁদের মতে সঞ্চয় ও ঋণদানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে সবচেয়ে বড় ভূমিকা রাখে আয় বৃদ্ধিতে (৮১.৬%) এবং উদ্যোক্তা তৈরি বা স্বকর্মসংস্থান সৃষ্টিতে(৮০.৬%)। ক্ষেত্রবিশেষ অন্যের কর্মসংস্থান সৃষ্টিতে (২৬.৪%) ভূমিকা রাখে।



৩.২ সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ

৩.২.০. সাংগঠনিক তথ্য

সারা বাংলাদেশ থেকে দৈবচয়ন ভিত্তিতে ২৪০টি সমিতির প্রতিটি থেকে ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক হতে জরীপ প্রশ্নমালা এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়। সর্বমোট ২৪০টি কমিটি থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়।

৩.২.১. সমবায় সমিতির সদস্য সংখ্যা

	মহিলা	পুরুষ	মোট
মোট	৭১৮৭৯	৭১২৬৯	১৪২৮৪৫
শতকরা	৫০.৩%	৪৯.৭%	
গড়	৩০৯.৮২৩	৩০৭.১৯৪	

সারণি-১২: সমবায় সমিতির সংখ্যা


জরীপে অন্তর্ভুক্ত সমিতি গুলির সদস্য সংখ্যা বিশ্লেষণ করে দেখা যায় যে, সমিতি গুলিতে সর্বনিম্ন সদস্য সংখ্যা ২০ থেকে শুরু করে সর্বোচ্চ সদস্য সংখ্যা ৮৩৬৯ জন। জরীপে অন্তর্ভুক্ত সমিতি গুলির মোট সদস্য সংখ্যা ১,৪২,৮৪৫ এবং সমিতি গুলির নারী-পুরুষ সদস্যের অনুপাত সমান।

৩.২.২. সমবায় সমিতি ব্যবস্থাপনা

প্রায় সবগুলি (৯৭.৯%) সমিতিতে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন নিয়মিত হয়।

ব্যবস্থাপনা কমিটির ধরণ	ব্যবস্থাপনা কমিটির সংখ্যা	শতকরা
ক) নিয়োগকৃত	২	০.৮%
খ) এডহক	৫	২.১%
গ) নির্বাচিত	২৩৩	৯৭.১%

সারণি-১৩: সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির ধরণ



লেখচিত্র-৪০: ব্যবস্থাপনা কমিটির ধরণ

প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় অধিকাংশ (৯৯.১%) সমিতিতে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান, ২.১% সমিতিতে এডহক এবং ০.৮% সমিতিতে নিয়োগকৃত কমিটি রয়েছে।

৩.২.৩. সমিতিতে নিয়মিত মাসিক ও বার্ষিক সভা অনুষ্ঠান

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৯১.৪ ভাগ সদস্য জানিয়েছেন সমিতিতে ব্যবস্থাপনা কমিটির নিয়মিত মাসিক সভা হয়। এছাড়াও ৯১.১% সদস্য জানিয়েছেন যে তাঁদের সমিতির নিয়মিত বার্ষিক সাধারণ সভা হয়। বাকি ৮.৯% সমিতির নিয়মিত বার্ষিক সাধারণ সভা হয় না। বিগত এক বছরে কোন কোন সমিতিতে মাত্র একটি মাসিক সভা অনুষ্ঠিত হলেও গড়ে সমিতিগুলিতে ১০টির বেশি সভা অনুষ্ঠিত হয়েছে।

৩.২.৪. সমিতিতে নিয়মিত অডিট সম্পাদন

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৯৪.৭ শতাংশ সদস্য জানিয়েছেন সমিতিতে ব্যবস্থাপনা কমিটির নিয়মিত অডিট সম্পাদিত হয় এবং তারা সর্বশেষ অডিট সম্পাদনের তারিখও জানিয়েছেন।

৩.২.৫. তদন্ত ও মামলা

খুব অল্প সংখ্যক (১.৩%) সমিতির বিরুদ্ধে কোনো অভিযোগ সমবায় অধিদপ্তর বা অন্য কোনো সংস্থায় তদন্তাধীন আছে এবং ১.২ শতাংশ সমিতির বিরুদ্ধে কোনো মামলা আছে।

৩.২.৬. সমিতির ব্যাংক একাউন্ট

অধিকাংশ সমিতির (৮৮.৬%) নিজস্ব ব্যাংক একাউন্ট থাকলেও প্রতি ১০টি সমিতির মধ্যে একটি সমিতির (১১.৪%) কোনো ব্যাংক একাউন্ট নেই।

৩.২.৭. কর্মসংস্থান

জরীপে অংশগ্রহণকারী সমিতিগুলোর মাধ্যমে মোট কর্মসংস্থান হয়েছে ১৭৬৫৪ জন পুরুষ ও ১৬২৪০ জন নারী।


পুরুষ	মহিলা	মোট
১৭৬৫৪	১৬২৪০	৩৩৮৯৪
৫২.০৯%	৪৭.৯১%	

সারণি-১৪: কর্মসংস্থান

৩.২.৮. কর্মসংস্থানের ধরণ

	বেতনভুক্ত	স্ব-কর্মসংস্থান	উদ্যোক্তা
মোট	১৩১৫	২৭৬৪৩	৪৯৩৬
শতকরা	৩.৮৮	৮১.৫৬	১৪.৫৬
গড়	৫.৮১৮৬	১৩১.৬৩৩	২৭.২৭০৭
সর্বনিম্ন	০	০	০
সর্বোচ্চ	৩৫	২২০০	৭৬৫

সারণি-১৫: কর্মসংস্থানের ধরণ



লেখচিত্র-৪১: কর্মসংস্থানের ধরণ


সমিতিগুলোর মাধ্যমে মোট কর্মসংস্থান ১৩১৫ জন বেতনভুক্ত, ২৭৬৪৩ জন স্ব-কর্মসংস্থান এবং ৪৯৩৬ জন উদ্যোক্তা।

৩.২.৯. ঋণ প্রদান ও পরিশোধে আইন বিধির অনুসরণ

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৭৫.৮ শতাংশ সদস্যের মতে সমিতিতে ঋণ প্রদান ও পরিশোধে সুনির্দিষ্ট আইন/বিধি/নীতিমালা অনুসরণ করা হচ্ছে এবং বাকি ২৪.২% মনে করেন সুনির্দিষ্ট আইন/বিধি/নীতিমালা অনুসরণ করা হচ্ছে না।

৩.২.১০. ঋণ প্রদান ও আদায়ের ক্ষেত্রে প্রতিবন্ধকতা/ঝুঁকি:

৭২.৬% উত্তরদাতা মনে করেন ঋণ প্রদানের ক্ষেত্রে নানা ধরনের ঝুঁকি আছে এবং ২৭.৪% কোনো ধরনের ঝুঁকি আছে বলে মনে করেন না।




লেখচিত্র-৪২: ঋণ ঝুঁকির ধরণ

জরীপে অংশগ্রহণকারীদের মতে ঋণ প্রদানের ক্ষেত্রে সবচেয়ে বড় ঝুঁকি হল ঋণ পরিশোধে অনীহা (৭২.৬% উত্তরদাতার মতে)। এছাড়া ৫০.৩% উত্তরদাতার মতে ঋণ যে কাজে দেয়া হচ্ছে সে কাজে ব্যবহার হচ্ছেনা, ২৬.৮% উত্তরদাতা ঋণের বিপরীতে সম্পত্তি মর্টগেজ না নেওয়াকে ঝুঁকি হিসেবে দেখেছেন এবং যে ট্রেডে ঋণ দেয়া হচ্ছে সে সম্পর্কে ঋণ গ্রহীতার সঠিক জ্ঞান নেই বলে মত দিয়েছেন ২২.৯% উত্তরদাতা। অন্যান্য ঝুঁকির মধ্যে রয়েছে ঋণ গ্রহণকারী স্থান পরিবর্তন করলে তাকে আর খুঁজে পাওয়া যায় না।

৩.২.১১. ঋণের কিস্তি পরিশোধ

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৫৭ শতাংশ সদস্য জানিয়েছেন সমিতিতে ঋণের কিস্তি যথাসময়ে আদায় হয়।


৩.২.১২. ঋণের সঠিক ও কার্যকরভাবে ব্যবহারের ক্ষেত্রে সুপারিশ



লেখচিত্র-৪৩: প্রদত্ত ঋণ সঠিক ও কার্যকরভাবে ব্যবহারের ক্ষেত্রে সুপারিশ

সমবায় সমিতি হতে প্রদত্ত ঋণ সঠিক ও কার্যকরভাবে ব্যবহারের ক্ষেত্রে ৯৫.৪% উত্তরদাতার সুপারিশ হল ঋণ যে কাজে দেওয়া হয়েছে সে কাজেই ব্যবহার করা, এছাড়া ৬৫.৫% সুপারিশ করেন জামিনদারকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসার, ৬৩% সদস্য ঋণ প্রদানের পূর্বে প্রস্তাবিত প্রকল্প পরিদর্শন করার মতামত দেন, ব্যক্তিগত চাহিদা পূরণের জন্য সমিতি হতে প্রদত্ত ঋণ ব্যবহার না করার সুপারিশ করেন ৬২.২% , সমবায় অধিদপ্তর কর্তৃক ফ্রেডিট ইউনিয়ন সহ সকল সমবায় সমিতির সদস্য ও কর্মীদের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান ও উজ্জীবন সভা করার সুপারিশ করেন ৬১.৬% উত্তরদাতা। ৫৭.৬% সদস্য মনে করেন ঋণের কিস্তি পরিশোধে ঋণগ্রহীতা সদস্যকে আইনগতভাবে বাধ্য থাকার প্রবিধান সৃষ্টি করা একটি ভাল সমাধান। এছাড়াও ৫১.৩ শতাংশ অংশগ্রহণকারী ঋণ প্রদানের পর নির্দিষ্ট মেয়াদ পরপর ব্যবসা/প্রকল্পের কর্মকান্ড পরিদর্শন করার পরামর্শ দেন।

৩.২.১৩. সদস্যদের আর্থিক উন্নয়নের ক্ষেত্রে সমবায় সমিতির প্রভাব



লেখচিত্র-৪৪: সদস্যদের আর্থিক উন্নয়নের ক্ষেত্রে সমবায় সমিতির প্রভাব


৯৪.৬% উত্তরদাতা মনে করেন সমিতি ঋণ প্রদানের মাধ্যমে সদস্যদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন করে, জরীপে অংশ নেয়া ৪৪.৬% মনে করেন সমিতি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সদস্যদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের ক্ষেত্রে ভূমিকা রাখে। এছাড়া ৩১.৯% এর মতে কারিগরি পরামর্শ প্রদান, ১৮.৮% এর মতে সদস্যদের নানা উপকরণ সরবরাহের মধ্য দিয়ে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের উদ্যোগ গ্রহণ করে থাকে। এছাড়াও গবাদি পশুর খামার, হাস মুরগীর খামার, মৎস্য চাষ, হস্ত শিল্প, শিশু সঞ্চয় আমানত, দীর্ঘমেয়াদি আমানত, উৎসব সঞ্চয়, ডি পি এস, ইত্যাদি নানা উদ্যোগ সদস্যদের আর্থিক উন্নয়নের ক্ষেত্রে ভূমিকা রাখে।

৩.২.১৪. সমিতি কর্তৃক সদস্যদের জন্য গৃহীত প্রকল্প

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ২৪.৯ শতাংশ সদস্য জানিয়েছেন সমিতি হতে সদস্যদের জন্য আয়বর্ধক কর্মসূচি/প্রকল্প গ্রহণ করা হয়েছে। তবে তিন চতুর্থাংশের মতে সমিতি হতে সদস্যদের জন্য আয়বর্ধক কর্মসূচি/প্রকল্প গ্রহণ করা হয়নি।

৩.২.১৫. কাজের ক্ষেত্রে প্রতিবন্ধকতা

ব্যবস্থাপনা কমিটির সদস্যদের কাছে জানতে চাওয়া হয়েছিল সমবায়ের মাধ্যমে ব্যবসা করার ক্ষেত্রে সদস্যদের বড় বাধা কোনটি বলে মনে করেন।



লেখচিত্র-৪৫: সমবায়ের মাধ্যমে ব্যবসায় বাধা


৮৪.৭% উত্তরদাতা বলেছেন সমবায়ের মাধ্যমে ব্যবসা করার ক্ষেত্রে সদস্যদের বড় বাধা অপর্যাপ্ত মূলধন। ৩৪.৯% উত্তরদাতার মতে অপর্যাপ্ত প্রায়োগিক জ্ঞান, ২০.৯% এর দাবি বিপণনে জটিলতা সমবায়ের মাধ্যমে ব্যবসায় বড় বাধা। এছাড়াও ব্যবসা চালানায় উচ্চ ব্যয় (১৮.৭%), নিয়ম সংক্রান্ত জটিলতা (১৮.৭%), পরিবহণ সমস্যা (১৭%), কাঁচামালের অভাব (৬.৮%), ক্রেতার অভাব (৫.৫%) ইত্যাদিও সমবায়ের মাধ্যমে ব্যবসায় বড় বাধা বলে মনে করেন ব্যবস্থাপনা কমিটির সদস্যরা।

সমিতির মাধ্যমে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সমস্যা আছে কিনা জানতে চাইলে ৪০.২% অংশগ্রহণকারী মনে করেন সমবায় সমিতির মাধ্যমে কোনো ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে সমস্যা আছে, ৫৯.৮ শতাংশ সমিতির ক্ষেত্রে সমস্যা নেই।

৩.২.১৬. বাজারজাতকরণ

জরীপ অনুযায়ী মাত্র ১০.৯ শতাংশ সমিতিতে সদস্যদের উৎপাদিত পণ্য/ সেবা সমিতির মাধ্যমে বাজারজাত/বিক্রয় করা হয়, বাকি ৮৯.১% সমিতিতে হয় না।


৩.২.১৭. ঋণ সহায়তা প্রাপ্তি ও ব্যবহার



লেখচিত্র-৪৬: সমিতি থেকে গৃহীত ঋণের ব্যবহার

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৯৩.৪ শতাংশ সদস্য জানিয়েছেন তাঁদের সমিতির সদস্যরা ঋণ নিয়ে ব্যবসার কাজে ব্যবহার করে, ৬৬% কৃষি, ১৪.৫% চিকিৎসা, ১৩.৭% অকৃষি এবং ১৩.৩% অন্যান্য খাতের (যেমন বিবাহ, বিদেশযাত্রা, জমি ক্রয়, ঋণ পরিশোধ, স্বামীকে প্রদান, ইত্যাদি) উল্লেখ করেন। সুতরাং, সমিতি থেকে নেয়া ঋণ ব্যবসা ও কৃষি খাতে সর্বাধিক বিনিয়োগ হয়।

৩.২.১৮. ঋণ আদায়/বিতরণ কার্যক্রম মনিটরিং পদ্ধতি



লেখচিত্র-৪৭: ঋণ আদায়/বিতরণ মনিটরিং

শতকরা ৯২.১ ভাগ সমিতিগুলোর ঋণ আদায়/ বিতরণ কার্যক্রম মনিটরিং করা হয় খাতাপত্রের মাধ্যমে। এছাড়া সফটওয়্যারের মাধ্যমে ১৩% এবং অন্যান্য মাধ্যমে (সফটওয়্যার এবং খাতাপত্র উভয় মাধ্যম এবং নিয়মিত পরিদর্শন করে) ৩.৮% ।

৩.২.১৯. ঋণ গ্রহণের উদ্দেশ্য ও ঋণের ব্যবহার


৮৪.৫ শতাংশ উত্তরদাতা জানান যে উদ্দেশ্যে সদস্যরা সমিতিতে হতে ঋণ নেয় সে উদ্দেশ্যে সেই ঋণ ব্যবহার করা হয়, বাকি ১৫.৫% সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য জানান ঋণ অন্য কাজে (যেমন বিবাহ, বিদেশযাত্রা, জমি ক্রয়, ঋণ পরিশোধ, স্বামীকে প্রদান, ইত্যাদি কাজে) ব্যয় করে সদস্যরা।

৩.২.২০. সমিতি হতে ঋণ গ্রহণকারীর সংখ্যা

জরীপে অংশগ্রহণকারী ২৪০টি সমিতি হতে মোট ঋণ গ্রহণকারী সদস্য সংখ্যা ১,০০,৭৮৯ জন।

৩.২.২১. অন্য প্রতিষ্ঠান হতে সমিতির ঋণ গ্রহণ

৬.৩% সমিতি অন্য কোন দপ্তর/সংস্থা হতে ঋণ গ্রহণ করেছে, তবে ৯৩.৭% সমিতি কোনো ঋণ গ্রহণ করেনি। জরীপে অংশগ্রহণকারী যে সকল সমিতি অন্য কোন দপ্তর/সংস্থা হতে ঋণ গ্রহণ করেছে, সে সকল সমিতির ৪২.৯% ব্যবস্থাপনা কমিটির সদস্য জানিয়েছেন সমিতি এনজিও হতে ঋণ গ্রহণ করেছে, ১৪.৩% সমিতি ব্যাংক হতে, এবং অন্যান্য সংস্থা (যেমন অপর কোন সমিতি) থেকে ৪২.৯% সমিতি ঋণ গ্রহণ করেছে।



লেখচিত্র-৪৮: যেসকল সংস্থা হতে ঋণ গ্রহণ করা হয়েছে

৩৮.২% উত্তরদাতা বলেছেন সমিতির নামে ব্যাংক থেকে ঋণ গ্রহণের ক্ষেত্রে সমস্যা রয়েছে যেখানে ৬১.৮% সমিতির নামে ব্যাংক থেকে ঋণ গ্রহণের ক্ষেত্রে সমস্যা নেই বলে মতামত দিয়েছেন।

৩.২.২২. সমিতি কর্তৃক ঋণ বিতরণ ও আদায়ের তথ্য


	ঋণ বিতরণের পরিমাণ	ঋণের সুদের হার	আদায়ের পরিমাণ	বকেয়ার পরিমাণ
গড়	২০১৯২৩০৮.৯৭১	১৩.৭%	২৩৬৬০৪৩১.৩	৪৬২২৫৭৪.১০৫৫
সর্বনিম্ন	৭০০০	৮%	৭০০০	৭০০০
সর্বোচ্চ	২১৬৫৫২৮৪৩	২৫%	১০৩৮০২২৮৫৩	৭৫১০৪১০৬

সারণি-১৬: ঋণ আদায় ও বিতরণ

বিগত এক বছরে সমিতির গড় ঋণ বিতরণের পরিমাণ ছিল ২,০১,৯২,৩০৮.৯৭১ টাকা এবং আদায়ের পরিমাণ ছিল ২,৩৬,৬০,৪৩১.৩ টাকা, যা সমিতির কার্যক্রমের সফলতা নির্দেশ করে। তবে, বকেয়ার পরিমাণ ৪৬,২২,৫৭৪.১০৫৫ টাকা, যা ঋণ আদায়ে আরও মনোযোগ দেওয়ার প্রয়োজনীয়তা নির্দেশ করে।


৩.২.২৩. ঋণের সুদের হার নির্ধারণ

জরীপে অংশগ্রহণকারী ৮৪.১% উত্তরদাতা জানিয়েছেন সমিতির ঋণের সুদ নির্ধারিত হয় বার্ষিক সাধারণ সভায়, অন্যদিকে ১৬.৭ শতাংশ সদস্য জানান ব্যবস্থাপনা কমিটির সভায় সমিতির ঋণের সুদ নির্ধারিত হয়। স্বল্প-সংখ্যক কিছু সমিতির ঋণের সুদ নির্ধারিত হয় প্রধান নির্বাহীর নির্দেশে (১.৭%)।



লেখচিত্র-৪৯: ঋণের সুদ নির্ধারণ

৩.২.২৪. আমানত সংগ্রহ



লেখচিত্র-৫০: ঋণের পুঁজির উৎস

৯৫% উত্তরদাতা পুঁজি প্রাথমিকভাবে সমবায়ীদের শেয়ার ও সঞ্চয় আমানত থেকে আসে। ৪০% উত্তরদাতার মতে সমিতির নিজস্ব তহবিল হতে পুঁজি গঠন হয় বলে মতামত দিয়েছেন এছাড়াও কেন্দ্রীয় সমিতি (১.৩%), প্রকল্পভিত্তিক সমবায় সমিতি (১.৭%), তফসিলি ব্যাংক (.৮%) এবং অন্যান্য সূত্র (৫.৮%) যেমন সরকার কর্তৃক আর্থিক সহায়তা যেমন ঋণপত্র ইস্যু, সমিতির শেয়ার ক্রয় ইত্যাদি থেকে পুঁজি সৃষ্টি হয় বলে অংশগ্রহণকারীগণ মনে করেন।

৩.২.২৫. সমিতির সম্পদ

	জমি (শতাংশ)	পুকুর (শতাংশ)	বিল্ডিং (শতাংশ)	বাগান (শতাংশ)	মেশিনারিজ
সমিতির সংখ্যা	৩৪	৬	২০	৬	১
শতকরা	৫০.৭	৮.৯	২৯.৯	৯.০	১.৪৯
গড় পরিমাণ	৩৪.৬	২০.৮৩	৫.৬	২১.৭৫	৫
সর্বোচ্চ	২০৫.৫৮	৪২	৪০	৬২	৫
সর্বনিম্ন	.১২	২	.৪	০	৫

সারণি-১৭: সমিতির সম্পদ

জরীপে প্রাপ্ত তথ্যমতে, ৩৪টি সমিতির স্থাবর সম্পদের মধ্যে রয়েছে জমি এবং প্রতিটি সমিতির গড়ে ৩৪.৬ শতাংশ জমি রয়েছে, ৬টি সমিতির গড়ে ২০.৮৩ শতাংশ পুকুর রয়েছে, ২০টি সমিতির স্থাবর সম্পদের মধ্যে রয়েছে ৫.৬ শতাংশ বিল্ডিং (গড় পরিমাণ), ৬টি সমিতির গড়ে ২১.৭৫ শতাংশ বাগান রয়েছে।

৩.২.২৬. বিগত ৩ বছরের সমিতির নীট মুনাফার ও নীট ক্ষতির পরিমাণ


	২০২০	২০২১	২০২২
গড়	১৫৯৭১২.৪০৬৭	১৯৬৩১৪.৮০৪৪	২১৩৩১৬.৮৬৮১
সর্বোচ্চ	২১৯৪৯৮০	২৭৩৫৩০০	৩১৮৪৭৯০
সর্বনিম্ন	৬০০	০	০

সারণি-১৮: সমিতির ৩ বছরের নীট লাভের পরিমাণ

৩.২.২৭. বিগত ৩ বছরের সমিতির নীট ক্ষতির পরিমাণ

	২০২০	২০২১	২০২২
গড়	২৬৯৯৯০.৫	১৪৪৫১.৫	৪৩৮৫০
সর্বোচ্চ	১৯৯১২১৬	৩০২০৯	৭৮৪০০
সর্বনিম্ন	৫০৮	৯১৯৯	২০৬০৭

সারণি-১৯: সমিতির নীট ক্ষতির পরিমাণ



লেখচিত্র-৫১: সমিতির নীট লাভ ও ক্ষতির পরিমাণ


জরীপে অংশগ্রহণকারী সমবায় সমিতিগুলোর আর্থিক অবস্থার চিত্র বিশ্লেষণ করে দেখা যায় ২০২০ সালে সমিতিগুলোর গড় নীট মুনাফার পরিমাণ ছিল ১৫৯৭১২.৪০৬৭ টাকা, যা ২০২১ ও ২০২২ সালে বৃদ্ধি পেয়ে নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৯৬৩১৪.৮০৪৪ টাকা ও ২১৩৩১৬.৮৬৮১ টাকা।

জরীপে অংশগ্রহণকারী সমবায় সমিতিগুলোর আর্থিক অবস্থার চিত্র বিশ্লেষণ করে দেখা যায় ২০২০ সালে সমিতিগুলোর গড় নীট ক্ষতির পরিমাণ ছিল ২৬৯৯৯০.৫ টাকা, যা ২০২১ ও ২০২২ সালে নীট ক্ষতির পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৪৪৫১.৫ টাকা ও ৪৩৮৫০. টাকা।

৩.২.২৮. ক্ষমতায়ন

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৭৭.১ শতাংশ সদস্য মনে করেন সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে পরিবার/সমাজে ক্ষমতায়িত হয়েছেন। তবে ২২.৯% সদস্য মনে করেন তাদের ক্ষমতা বাড়েনি।

৩.২.২৯. ক্ষমতায়নের ধরণ



লেখচিত্র-৫২: ক্ষমতায়নের ধরণ

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির যেসব সদস্য মনে করেন তারা সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়াতে তাঁদের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে, তাঁদের মধ্যে ৮৩ শতাংশ সদস্য মনে করেন সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে স্থানীয় এলাকায় সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে, ৬৫.৮ শতাংশ সদস্য মনে করেন সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে পরিবারের অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন, ৬৪.৩% সদস্য মনে করেন স্থানীয় এলাকার কোন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে তার মতামত গ্রহণ করা হয়। ৫১.১ শতাংশের দাবি পরিবারের সিদ্ধান্ত যেমন সন্তানের পড়াশোনা, বিবাহ ইত্যাদি) সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। এছাড়া ১.৬ শতাংশ সদস্য জানিয়েছেন পরিবারে সম্মান বা গুরুত্ব বৃদ্ধি পেয়েছে এবং পাশাপাশি এলাকাতেও পরিচিতি বেড়েছে।

৩.২.৩০. সমিতি কর্তৃক প্রকল্প গ্রহণ


২২.২ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন সমিতির সদস্যগণের জন্য আয়বর্ধক কর্মসূচি/প্রকল্প গ্রহণ করা হয়েছে। আয়বর্ধক কর্মসূচি/প্রকল্প গুলির মধ্যে রয়েছে খামার, ক্যাফেটেরিয়া, বেকারি, দরজির দোকান, ডিলারশিপ, ক্ষুদ্রঋণ প্রকল্প, ইত্যাদি। কিন্তু বেশিরভাগ সমিতি (৭৭.৮%) কোনো কর্মসূচি/প্রকল্প গ্রহণ করেনি।

৩.২.৩১. সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন

জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৯৮.৩ শতাংশ সদস্য মনে করেন সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে পরিবারের আর্থিক অবস্থার উন্নতি হয়েছে হয়েছে। তবে ১.৭% সদস্য মনে করেন তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হয়নি। জরীপে অংশগ্রহণকারী ব্যবস্থাপনা কমিটির ৯৬.৭ শতাংশ সদস্য মনে করেন সমিতি থেকে ঋণ প্রাপ্তির ফলে তাঁদের সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে। তবে ৩.৩% সদস্য তা মনে করেন না।

৩.২.৩২. প্রযুক্তির ব্যবহার

সমিতির ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা অধিকাংশ ক্ষেত্রেই (৮১.৯%) ডিজিটালাইজড না এবং তাদের মধ্যে ৭৩.৮% আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে অবগত হয়েও তার বাস্তবায়ন করছে না। ২০% এর কিছু কম সমিতির ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা ডিজিটালাইজড।




লেখচিত্র-৫৩: প্রযুক্তির ব্যবহারের ধরণ

ডিজিটালাইজড ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা বিদ্যমান এমন সমিতিগুলির মধ্যে সফটওয়্যার ব্যবহার করে ৮১.৯% সমিতি, ২.২% অনলাইন ব্যাংকিং, এবং ৮.৯% অন্যান্য প্রযুক্তি ব্যবহার করে।

৩.২.৩৩. প্রশিক্ষণ


৬০.৩ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন সমিতির সদস্যগণ দক্ষতা বৃদ্ধি/আয়বর্ধক খাতে প্রশিক্ষণ পেয়েছেন, কিন্তু ৩৯.৭% উত্তরদাতা জানান তাদের সমিতির সদস্যগণ কোন প্রশিক্ষণ পান নি।

৩.২.৩৪. প্রশিক্ষণের ধরণ



লেখচিত্র-৫৪: প্রশিক্ষণের ধরণ

জরীপের তথ্য হতে দেখা যায় জরীপে অংশগ্রহণকারীদের মধ্যে ৭৩.৮% সমিতির সদস্যগণ দক্ষতা বৃদ্ধি/আয়বর্ধক খাতে প্রশিক্ষণ পেয়েছেন, এবং তাদের মধ্যে ৪৫.৯% সেলাই, ৪৫.৯% পশুপালন, ৩৯.২% কৃষি, ২৯.১% কম্পিউটার ২১.৬% হস্তশিল্প, ৫.৪% ড্রাইভিং, ১২.২% মোবাইল রিপেয়ারিং এবং ২৫% অন্যান্য (খাদ্য সংরক্ষণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, বেকারি, বিউটি পার্লার, ইত্যাদি) প্রশিক্ষণ পেয়েছেন।



লেখচিত্র-৫৫: প্রশিক্ষণ প্রদানকারী দপ্তর/ সংস্থা

প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের মধ্যে ৯৩.২% সমবায় অধিদপ্তর হতে প্রশিক্ষণ পেয়েছেন। খুব অল্প সংখ্যক উত্তরদাতা এনজিও (২.৭%) ও যুব উন্নয়ন অধিদপ্তর (৪.১%) হতে প্রশিক্ষণ পেয়েছেন। এছাড়া ১২.২% অন্যান্য ব্যবস্থাপনায় (মূলত সমিতির উদ্যোগে প্রশিক্ষণ কর্মসূচীতে) প্রশিক্ষণ পেয়েছেন।

৩.২.৩৫. প্রত্যাশা

‘সমিতির অবস্থার উন্নয়নে সমবায় অধিদপ্তর থেকে কি ধরনের সহযোগিতা প্রত্যাশা করেন?’ এর উত্তরে সদস্যগণ জানিয়েছেন ট্রেড অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ, ব্যাংক ঋণ সহজকরণ, আর্থিক সহায়তা, উন্নততর প্রশিক্ষণ, খেলাপি ঋণ আদায়, আইনগত সহযোগিতা, আর্থিকভাবে দুর্বল সদস্যদের জন্য সহজশর্তে ঋণ দান, এককালীন আর্থিক অনুদান, সঠিক পরামর্শ প্রদান, সদস্যদের লিডারশিপ এবং মোটিভেশন বিষয়ে প্রশিক্ষণ, মনিটরিং বাড়ানো ইত্যাদি।

৩.৩ ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) এর মাধ্যমে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ

গবেষণা কার্যক্রমকে আরও ফলপ্রসূ করার জন্য সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সাধারণ সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, ঋণ কার্যক্রমের সাথে জড়িত সমবায়ী সদস্য/ কর্মচারী এবং সরকারী কর্মকর্তা সমন্বয়ে ৩টি বিভাগে (ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল) ৩টি FGD সম্পাদন করা হয়। উক্ত FGD হতে আলোচনা ও মতবিনিময়ের প্রেক্ষিতে প্রাপ্ত পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

৩.৩.১. ক্ষুদ্রঋণের ইতিবাচক প্রভাব

- ✓ ব্যাংক বা এনজিও'র তুলনায় সমবায় সমিতি থেকে লোন নেয়া সহজ, সমবায় সমিতি জামিনদার থাকলেই ঋণ প্রদান করে অন্যদিকে ব্যাংক উপযুক্ত মর্টগেজ এর বিপরীতে ঋণ প্রদান করে থাকে এবং ব্যাংকিং সিস্টেমে অনেক কাগজপত্র ও শর্ত পূরণ করতে হয় যা সমবায় সমিতি ও সদস্য সবার জন্য ভোগান্তি;
- ✓ সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য হয়ে সামাজিক মর্যাদা বেড়েছে;
- ✓ প্রায় সকল অংশগ্রহণকারী বলেছেন সমবায় সমিতি হতে ঋণ নিয়ে উপকৃত হয়েছেন বিশেষ করে ক্ষুদ্র ব্যবসায় উন্নতি করেছেন;
- ✓ ঋণ নিয়ে পরিশোধ না করার হার কম;
- ✓ ঋণ চাহিদা মাফিক সহজ শর্তে পাওয়া যায়;
- ✓ অর্থনৈতিক কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে এবং নেতৃত্বের বিভিন্ন পর্যায়ে মহিলাদের অবস্থান তৈরী হচ্ছে;
- ✓ মহিলাদের ঋণ পরিশোধের হার ভালো।

৩.৩.২. ক্ষুদ্রঋণের নেতিবাচক প্রভাব

- ✓ এক কাজের জন্য ঋণ নিয়ে আরেক কাজে ব্যবহার;
- ✓ এক উৎস থেকে ঋণ নিয়ে আরেক উৎসের ঋণ পরিশোধ করা যার ফলে কোন কোন ক্ষেত্রে সদস্যরা ঋণজালে জড়িয়ে পড়ে এবং দেউলিয়া হয়ে যায়;
- ✓ সমবায় সমিতি সম্পর্কে নেতিবাচক ধারণার কারণে ব্যাংক লোন পাওয়া যায়না;
- ✓ সমিতির টাকা নিয়ে পালিয়ে যাওয়ার ঘটনা জনমনে অনাস্থা ও অবিশ্বাস তৈরী করে।

৩.৩.৩. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- ✓ সমবায় সমিতির প্রধান সমস্যা মূলধন ঘাটতি ও তহবিল স্বল্পতা;

- ✓ ঋণের তহবিল বৃদ্ধির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান, ব্যাংক এবং অর্থসংস্থানকারী কোনো প্রতিষ্ঠান হতে আর্থিক সংস্থান না থাকা;
- ✓ ঋণের অর্থের পরিমাণ অল্প হওয়ায় তা ব্যবহার করে আর্থিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি করা সম্ভব হয় না;
- ✓ গৃহীত ঋণ শেয়ারের ৪০ গুণ হওয়ায় স্বল্প পরিমাণ ঋণ নিয়ে তেমন কোন কাজে লাগে না;
- ✓ সুদের হার বেশি (১২%-২৪%);
- ✓ সমবায় সমিতি ইমেজ সংকটের কারণে ব্যাংক হতে লোন পায় না;
- ✓ মাঠ পর্যায়ে সমবায় সমিতির ইমেজ সংকট রয়েছে বিশেষ করে সমবায় সমিতির ভালো কাজ প্রচার না হওয়া, সমিতির টাকা নিয়ে পালিয়ে যাওয়া, সমিতির প্রতি আস্থার অভাব মূল কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে;
- ✓ ঋণের অর্থ সঠিক ও কার্যকরভাবে ব্যবহারের কোন প্রশিক্ষণ নেই;
- ✓ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম খাতাপত্রের মাধ্যমে হয়, প্রযুক্তির (সফটওয়্যার) ব্যবহার কম;
- ✓ মহিলারা নিজে ঋণ নিয়ে বেশিরভাগ ক্ষেত্রে স্বামীকে দেন ব্যবসা করার জন্য;
- ✓ আইনী সহায়তার অভাব।

৩.৩.৪. ঋণ আদায় ও পরিশোধ

- ✓ ঋণ আদায়ে সাধারণত যেসব সমস্যা দেখা যায় তা হল একাধিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়;
- ✓ ঋণ পরিশোধের ক্ষেত্রে সমবায় সমিতিকে স্থানীয় প্রতিষ্ঠান মনে করে যথাযথভাবে ঋণ পরিশোধে উদাসীনতা প্রদর্শন করে। অন্যদিকে ব্যাংক বা এনজিওকে জাতীয় প্রতিষ্ঠান ভেবে ঋণ পরিশোধে গুরুত্ব দেয়;
- ✓ ঋণ গ্রহীতার কোন মাসে আয় বেশি হয় কোন মাসে কম হয়, ফলে নিয়মিত সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ পরিশোধে সমস্যা হয়;
- ✓ দ্রব্যমূল্যের উর্ধ্বগতি/অর্থনৈতিক মন্দার কারণে আয় কম ফলে ঋণ আদায় যথাসময়ে হয় না;
- ✓ ঋণ আদায়ে প্রশিক্ষিত জনবল ও লজিস্টিকস (মটরসাইকেল ইত্যাদি) এর অভাব।

৩.৩.৫. সুপারিশ

- ✓ ঋণ প্রাপ্তির ক্ষেত্রে শেয়ার ও সঞ্চয়ের ৪০ গুণ সংক্রান্ত আইন পরিবর্তন করে ৮০ গুণ বা ১০০ গুণ ঋণ প্রদানের ব্যবস্থা করা;
- ✓ স্বল্প সুদে সরকারী ঋণ/অনুদান প্রাপ্তির ব্যবস্থা করা;

- ✓ সকল সমবায় সমিতির একক নেটওয়ার্ক স্থাপন যার ফলে ঋণ প্রদান ও আদায় কার্যক্রমে স্বচ্ছতা আসবে এবং একই ব্যক্তি একাধিক উৎস থেকে ঋণ গ্রহণ থেকে বিরত থাকে;
- ✓ উপজেলা পর্যায়ে স্বল্প সুদে ঘূর্ণায়মান তহবিল হতে ঋণ প্রদানের ব্যবস্থা করা;
- ✓ ত্রিপক্ষিও চুক্তি (ব্যাংক, সমিতি ও সরকার) করে ঋণ প্রদানের ব্যবস্থা করা (যেমন বিআরডিবি সোনালী ব্যাংক থেকে স্বল্প সুদে ঋণ নিয়ে সমবায় সমিতিকে ঋণ দেয়);
- ✓ যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- ✓ উপজেলা নির্বাহী কর্মকর্তার সহায়তায় খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ।

৩.৪ কী-ইনফরমেন্ট সাক্ষাৎকার (KII) এর মাধ্যমে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ

আলোচ্য গবেষণায় ক্ষুদ্রঋণ কার্ক্রমের সাথে সম্পৃক্ত দপ্তর, সংস্থা, এনজিও, ব্যাংক এবং এতদ্বিষয়ে বিশেষজ্ঞ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অর্থনীতিবিদ হতে কী-ইনফরমেন্ট সাক্ষাৎকার গ্রহণ করা হয়। তদপ্রেক্ষিতে প্রাপ্ত তথ্য পর্যালোচনাপূর্বক পর্বেক্ষণসমূহ নিম্নে তুলে ধরা হল:

৩.৪.১. আর্থিক উন্নয়ন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠান এর ভূমিকা এবং প্রভাব

- প্রান্তিক পর্যায়ে ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে যথাসময়ে চাহিদা মাফিক ঋণ সরবরাহের মাধ্যমে উৎপাদন বৃদ্ধিতে অবদান রাখা;
- সহজে ঋণ প্রাপ্তির মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে নতুন নতুন উদ্যোক্তা তৈরী;
- পারিবারিক পর্যায়ে আয় বৃদ্ধি, ভোগ ব্যয় বৃদ্ধির মাধ্যমে অর্থনীতিতে ইতিবাচক প্রবাহ সৃষ্টি করা;
- তৃণমূল পর্যায়ে অর্থ প্রবাহ (money flow) নিশ্চিত হয় ও অর্থনীতিতে গতিশীলতা আসে;
- সহজলভ্য অর্থ প্রবাহ নিশ্চিত করা সম্ভব বিধায় উচ্চতর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করা যায়;
- ক্ষুদ্র উদ্যোক্তাদের নির্বাচন, ঋণ প্রদান ও সক্ষমতা বৃদ্ধিতে কাজ করে;
- উৎপাদনশীল খাতে তাদের শ্রম ও মূলধনকে সময়মত কাজে লাগাতে পারে;
- অভীষ্ট জনগোষ্ঠীর স্ব-কর্মসংস্থান, মজুরিভিত্তিক কর্মসংস্থান ও উৎপাদনশীল আর্থিক কর্মকাণ্ডে প্রয়োজনীয় ঋণ সহায়তা প্রদান করে টেকসই কর্মসংস্থান ও ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়তা প্রদান করে;
- ঋণ প্রদান ছাড়াও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান অন্যান্য আর্থিক সেবা যেমন ব্যবসায় দক্ষতা প্রশিক্ষণ, বিপণন কৌশল, হিসাবরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করে।

৩.৪.২. নিম্ন আয়ের জনগণের অর্থনৈতিক অবস্থার পরিবর্তনে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানের ভূমিকা

- ক্ষুদ্রঋণের কারণে সাধারণ মানুষ আর্থিকভাবে স্বাবলম্বী হয় এবং তাদের সামাজিক ক্ষমতায়ন হয়;
- জামানতবিহীন ঋণ গ্রহণের ফলে ক্ষুদ্র আয়ের মানুষের আয় বৃদ্ধি পায়;
- নিম্ন আয়ের জনগণকে সহজ শর্তে প্রয়োজনীয় ঋণ প্রদানের মাধ্যমে তাদের কর্মসংস্থান সৃষ্টি ও সম্পদ বৃদ্ধিতে সহায়তা প্রদান করার মাধ্যমে অর্থনৈতিক পরিবর্তনে কাজ করে;
- ঋণ চাহিদা মাফিক, সময়মত পাওয়া যায় বলে গ্রাহক ঋণের যথাযথ অর্থনৈতিক ব্যবহার করতে সক্ষম হয়;
- নারী উদ্যোক্তাগণ ক্ষুদ্র উদ্যোগ ঋণ নিয়ে স্ব-কর্মসংস্থানের পাশাপাশি মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি করছে।

৩.৪.৩. ক্ষুদ্রঋণের সামাজিক প্রভাব

- সমবায় সমিতির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে সংগঠিত করে সামাজিক পুঁজি গঠনে ভূমিকা রাখে;
- ক্ষুদ্রঋণ প্রাপ্তির ফলে নারীদের অর্থনৈতিক কর্মকাণ্ড ও সামাজিক ক্ষেত্রে অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে নারীদের অর্থনৈতিক সক্ষমতা ও সামাজিক ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে;
- পরিবারের আয় বৃদ্ধির ফলে সন্তানদের শিক্ষা খরচসহ অন্যান্য সামাজিক খরচ করার সামর্থ্য সৃষ্টি হয়;
- ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো কর্তৃক আর্থিক পরিষেবার পাশাপাশি অভিষ্ঠ জনগোষ্ঠীর স্বাস্থ্য, সুপেয় পানি, স্বাস্থ্যসম্মত স্যানিটেশন, জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবিলাসহ বিভিন্ন সামাজিক কর্মসূচী বাস্তবায়ন;
- আয় বৃদ্ধিজনিত কারণে সামাজিক অস্থিরতা, পারিবারিক দ্বন্দ্ব, কলহ, হতাশা হ্রাস পায়;
- বিভিন্ন অধিকার ও কুসংস্কার সম্পর্কে সদস্যদের সচেতন করা যায়।

৩.৪.৪. ঋণের দিক থেকে এবং গ্রাহকদের পরিষেবা প্রদানের ক্ষেত্রে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলির ভূমিকা এবং প্রচলিত ব্যাংকিং সিস্টেমের সাথে পার্থক্য

কী-ইনফরমেন্ট সাক্ষাৎকারে অংশগ্রহণকারীগণ মনে করেন আর্থিক লেনদেন করে থাকলেও ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানগুলো কোনো ব্যাংকিং প্রতিষ্ঠান নয়। আর্থিক লেনদেনের ক্ষেত্রে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কেবলমাত্র ঋণের অর্থ প্রদান, ঋণের কিস্তি অর্থ গ্রহণ, সদস্যদের সঞ্চয়ের অর্থ গ্রহণ, বিভিন্ন আর্থিক প্রোডাক্টের প্রিমিয়াম গ্রহণ, সার্ভিস চার্জ গ্রহণ সংক্রান্ত কাজ করে থাকে। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কেবল দলভুক্ত সদস্য আর্থিক লেনদেনের সঙ্গে জড়িত। কারণ দীর্ঘ ও অপরিহার্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এসকল সদস্য স্বল্প অর্থ নিয়ে ব্যাংকের সঙ্গে সম্পৃক্ত হতে আগ্রহী নয়। এ অর্থে ব্যাংক শতভাগ প্রাতিষ্ঠানিক ভিত্তিতে চলে। অন্যদিকে, মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানগুলো অনেকটাই সহজ পন্থায় মোটামুটি আনুষ্ঠানিকতা বর্জিত অবস্থায় পরিচালিত হয়। বছর শেষে অর্জিত মুনাফার অংশও সদস্যরা ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির নিকট থেকে পেয়ে থাকে। ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের ঋণ কার্যক্রম ব্যাংকের আদলে পরিচালিত না হলেও দরিদ্র ও অল্প আয়ের লোকেদের কাছে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো **bank for the unbankable people** রূপে গণ্য। ব্যাংক এবং ক্ষুদ্রঋণদান প্রতিষ্ঠানের মধ্যে তারা নিম্নবর্ণিত পার্থক্য তুলে ধরেন:

- প্রচলিত ব্যাংকসমূহের ঋণ প্রক্রিয়াকরণ সময়সাপেক্ষ এবং অনেক ধরণের কাগজ ও বন্ধকীর প্রয়োজন হয় কিন্তু ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ হতে ঋণ প্রাপ্তির ক্ষেত্রে এধরণের জটিলতা কম;
- প্রচলিত ব্যাংকিং প্রতিষ্ঠানগুলো গ্রাহকদেরকে সাধারণভাবে পূর্ব নির্ধারিত হারে ও পরিমাণে মৌসুমভিত্তিক ঋণ দিয়ে থাকে এক্ষেত্রে গ্রাহক/উদ্যোক্তাদের নিজ নিজ চাহিদাকে আলাদা আলাদা ভাবে মূল্যায়ন করা সম্ভব হয়না। কিন্তু ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো গ্রাহকদের চাহিদানুযায়ী স্বল্প সময়ের মধ্যে ঋণ প্রদান করে;

- ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণে Tax বা Tin লাগে না;
- ক্ষুদ্রঋণ জামানতবিহীন অন্যদিকে ব্যাংক ঋণের জন্য মর্টগেজ দিতে হয়;
- ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠান ক্ষুদ্রপরিমাণ ঋণ প্রদান করে;
- ঋণগ্রহীতাদের ঋণ ব্যবহারের খাতের উপর কিস্তি করে ঋণ পরিশোধের সময় সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক/ এককালীন করে থাকে।

৩.৪.৫. দেশের অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালনের ক্ষেত্রে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানগুলোর প্রধান সমস্যাসমূহ ও সম্ভাবনা

কী-ইনফরমেন্ট সাক্ষাৎকারে অংশগ্রহণকারীগণ মনে করেন নিম্নবর্ণিত কারণে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানসমূহ অনেক ক্ষেত্রেই যথাযথ অবদান রাখতে সমর্থ হচ্ছে না:

- প্রাতিষ্ঠানিক মূলনীতি হতে বিচ্যুতি ঘটা;
- সুদ হারের পাশাপাশি Hidden Charge আদায়;
- ঋণ গ্রহীতার কার্যক্রম যথাযথভাবে মনিটরিং না করা;
- এক উৎস হতে ঋণ নিয়ে অন্য উৎসে ঋণ পরিশোধ;
- সঠিক এবং স্বতঃস্ফূর্ত ভাবে সদস্য নির্বাচিত না হওয়া;
- ঋণের অর্থ নির্দিষ্ট খাতে বিনিয়োগ না হওয়া;
- হিসাব সংরক্ষণে প্রযুক্তির ব্যবহারে অনীহা;
- ঋণের অর্থের সদ্ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় সামর্থ্য সৃষ্টির জন্য যেসকল প্রশিক্ষন দরকার সেধরনের প্রশিক্ষণ সহযোগিতা না পাওয়া;
- ক্ষুদ্রঋণ পরিচালনার সাথে জড়িত ব্যক্তিবর্গের উপযুক্ত প্রশিক্ষণের অভাব;
- ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বিশেষ করে সমবায় সমিতির মতো কোনো কোনো সমিতিকে কোম্পানী আইনের আওতায় বিবেচনা করা;
- ঋণের তহবিল বৃদ্ধির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান, ব্যাংক এবং অর্থসংস্থানকারী কোনো প্রতিষ্ঠান হতে আর্থিক সংস্থান না করা;
- অনেকক্ষেত্রে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানগুলো তাদের কর্ম বিস্তারে বিশেষ জনগোষ্ঠী, দুর্যোগ ও দারিদ্র্য প্রবণ এলাকাগুলোতে কাজ করতে অনাগ্রহ দেখিয়ে থাকে;
- তহবিল স্বল্পতার কারণে বিভিন্ন দুর্যোগে ঋণ গ্রহীতার উদ্যোগসমূহ ক্ষতিগ্রস্ত হলে যথেষ্ট আর্থিক ও কারিগরি সহায়তা দিতে পারেনা;

- অনেক ক্ষেত্রে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানগুলো নিজেদের মধ্যে অসম প্রতিযোগিতা সৃষ্টি করে। ফলে স্থানীয় পর্যায়ে প্রচুর অর্থের সরবরাহ বৃদ্ধি ও অপচয় হয়। এ সকল অর্থ উৎপাদনশীল খাতে ব্যয় না হয়ে অনুৎপাদনশীল খাতে ব্যয় হলে স্থানীয় পর্যায়ে মুদ্রাস্ফীতির সৃষ্টি হতে পারে;
- ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলোর দক্ষতাজনিত দুর্বলতার কারণে এখনো অনেকক্ষেত্রে সনাতনী খাতে ঋণ প্রদান করে যার ফলে উদ্যোগগুলো হতে সর্বোচ্চ আর্থিক লাভ পাওয়া যাচ্ছে না এবং অনেক ক্ষেত্রে কাঙ্ক্ষিত মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি সম্ভব হচ্ছে না;
- সমবায় বা যৌথভাবে ক্ষুদ্রঋণ পরিচালনা করা কঠিন। কারণ মানুষ ব্যক্তি স্বাধীনতায় বিশ্বাস করে। তাই যৌথ দায়িত্বে কোন কাজ করতে নানারকম সমস্যা তৈরি করে।

এছাড়াও ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠান কোন ব্যক্তি বা গোষ্ঠীর অর্থনৈতিক উন্নতিতে অবদান রাখেনি এরূপ কোন উদাহরণ রয়েছে কিনা জানতে চাইলে সাক্ষাৎকারে অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণ মনে করেন অর্থনৈতিক উন্নতিতে অবদান রাখেনি এরূপ নজির রয়েছে যার মূল কারণ হিসেবে তারা উপরোক্ত সমস্যগুলোকে চিহ্নিত করেছেন।

৩.৪.৬. সম্ভাবনা

গবেষণায় অংশগ্রহণকারীগণের মতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো বর্তমানে তাদের আর্থিক পরিষেবা বহুমুখীকরণ করছে। ফলে নিম্ন আয়ের মানুষের বিচিত্র ধরনের আর্থিক সংকট বা ঋণ প্রাপ্তির চ্যালেঞ্জ দূর করা সম্ভব হচ্ছে। বর্তমানে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো তাদের সংগঠিত সদস্যদের নিকট হতে নানান ধরনের সঞ্চয় আদায় করছে এবং স্থানীয়ভাবে এই সঞ্চয় বিনিয়োগ করছে। এ ধরনের সঞ্চয় বৃদ্ধি স্থানীয় পর্যায়ে পুঁজি গঠনে সহায়তা করছে ফলে স্থানীয় পর্যায়ে পুঁজি স্থানীয় পর্যায়ের অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে। এছাড়াও, মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানগুলো তাদের ঋণ কর্মসূচির সাথে আত্ম উন্নয়নমূলক কর্মসূচিগুলো প্রত্যন্ত দুর্যোগপ্রবণ অঞ্চলে ধীরে ধীরে বিস্তৃত করছে। সমাজের বিভিন্ন পেশা ও নৃ-গোষ্ঠীকে তাদের এ সকল কর্মসূচিতে অন্তর্ভুক্ত করছে। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের এসব কর্মসূচি সুষম অর্থনৈতিক ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন এবং বহুমাত্রিক দারিদ্র্য দূরীকরণ ও টেকসই উন্নয়নে বিশেষভাবে সহায়তা করতে সক্ষম হবে। তাঁরা মনে করেন, মাইক্রো ক্রেডিট প্রতিষ্ঠানসমূহ সকল আইনি কাঠামো যথাযথভাবে অনুসরণ করে প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবদিহিতা অনুযায়ী পরিচালিত হলে সমাজের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন সম্ভব। ঋণ প্রদানের ক্ষেত্রে যথাযথভাবে প্রকল্প বাছাই, নিবিড় পরিবীক্ষণ নিশ্চিত করা সম্ভব হলে এবং ঋণ আদায়ের ক্ষেত্রে উত্তম চর্চার দৃষ্টান্ত অনুসরণ করলে এ সকল প্রতিষ্ঠান সামাজিক এবং অর্থনৈতিক সমৃদ্ধি আনয়নে সক্ষম হবে। এছাড়াও সমবায়ের সাথে সম্পৃক্ত অংশগ্রহণকারীগণের মতে বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে সমবায় মালিকানা ভিত্তিক ক্রেডিট ইউনিয়ন, সঞ্চয় ঋণদান এবং ক্রেডিট সোসাইটির প্রয়োজনীয়তা এবং মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানের অস্তিত্ব আরও জোরদার করা প্রয়োজন। এতদক্ষেত্রে

যেসকল বাধাগুলো বর্তমানে বিরাজমান তা দূর করা জরুরী এবং ক্রেডিট সোসাইটিগুলোর জন্য সমবায় বিধিমালায় আলাদা অনুচ্ছেদ সন্নিবেশিত করা প্রয়োজন।

৩.৪.৭. ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা ও ফলাফল প্রাপ্তির ক্ষেত্রে আইন ও রেগুলেটরি কাঠামোর প্রভাব

সাক্ষাৎকার প্রদানকারীদের মতে যেহেতু ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এক ধরনের আর্থিক প্রতিষ্ঠান তাই এ ধরনের প্রতিষ্ঠান পরিচালনায় আইনি ও রেগুলেটরি কাঠামোর গুরুত্ব অপরিসীম। শক্তিশালী আইনি ও রেগুলেটরি কাঠামো থাকলে প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয় এবং গ্রাহকগণ যে কোন আইনি প্রতিকার প্রাপ্তির ক্ষেত্রে সুরক্ষিত থাকেন। সাক্ষাৎকারে অংশগ্রহণকারীগণ আইন ও রেগুলেটরি কাঠামোগুলোর নিম্নবর্ণিত ইতিবাচক ও নেতিবাচক প্রভাবসমূহ উল্লেখ করেন:

ইতিবাচক প্রভাব

- গ্রাহক সুরক্ষা: শক্তিশালী নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে গ্রাহকদের স্বার্থরক্ষা যেমন-অতিরিক্ত ঋণ, অযৌক্তিক ঋণের সুদের হার, আমানতের মুনাফা প্রাপ্তি এবং অন্যান্য আর্থিক অপব্যবহার থেকে রক্ষা করে;
- স্থিতিশীলতা ও আস্থা সৃষ্টি: সুষ্ঠু আইন ও নিয়ন্ত্রণ ব্যবস্থা ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানের জন্য একটি স্থিতিশীল পরিবেশ তৈরি করতে পারে, যা তাদের দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও বিনিয়োগের জন্য আস্থার জায়গা তৈরি করতে সক্ষম হবে। মাইক্রোক্রেডিট সেক্টরের অনাকাঙ্ক্ষিত প্রতিযোগিতা যেমন-শাখা সম্প্রসারণ, একজন ঋণ গ্রহীতাকে একাধিক ঋণ প্রদান ইত্যাদি আর্থিক অনিয়ম ও অসম প্রতিযোগিতা রোধে সহায়তা করতে পারে;
- জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি: নিয়ন্ত্রক কর্তৃপক্ষ বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধির সুযোগ প্রদান করে, যা ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক;
- জবাবদিহিতা বৃদ্ধি: নিয়ন্ত্রক কর্তৃপক্ষ মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানগুলিকে তাদের কর্মকাণ্ডের জন্য জবাবদিহিতা নিশ্চিত করে, যা সুশাসন ও স্বচ্ছতা বৃদ্ধিতে সহায়ক করে এবং মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানগুলোর আসল উদ্দেশ্য বাস্তবায়ন নিশ্চিত করতে পারে।

নেতিবাচক প্রভাব

- নতুন উদ্ভাবনে বাঁধা: কঠোর নিয়ন্ত্রণ নতুন প্রতিষ্ঠানের বাজারে প্রবেশকে বাধাগ্রস্ত করতে পারে, যা প্রতিযোগিতা হ্রাস করে এবং গ্রাহকদের জন্য পছন্দের সুযোগ কমিয়ে দেয়। এছাড়াও কঠোর নিয়ন্ত্রণ ব্যবস্থা নতুন ধরনের দরিদ্রবান্ধব আর্থিক পরিষেবা উদ্ভাবনের গতি মন্থর করে দেয়;

- অতিরিক্ত নিয়ন্ত্রণ: অতিরিক্ত নিয়ন্ত্রণ কাজের স্বাভাবিক গतिकে বাধাগ্রস্ত করতে পারে, যা প্রতিষ্ঠানের জন্য সহজাত উত্তরণের পথে প্রতিবন্ধক হতে পারে।
- সামগ্রিকভাবে নীতি নির্ধারকদের একটি ভারসাম্যপূর্ণ নিয়ন্ত্রণ ব্যবস্থা তৈরি করা উচিত যা মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানগুলোর স্বচ্ছতা, স্থিতিশীলতা ও গ্রাহক স্বার্থ সুরক্ষা নিশ্চিত করবে। পাশাপাশি নতুন প্রতিষ্ঠানের বাজারে প্রবেশ করার পথ উন্মুক্ত করবে ও নতুন নতুন দারিদ্র্য বান্ধব উদ্ভাবন সৃষ্টিতে সহায়ক পরিবেশ সৃষ্টি করবে।

সার্বিকভাবে সাক্ষাৎকারে অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণ মনে করেন সমাজে বঞ্চিত, অবহেলিত ও দূরবর্তী অঞ্চলে বসবাসকারী অল্প আয়ের মানুষদেরকে অর্থনৈতিক ও সামাজিকভাবে ক্ষমতায়নের ক্ষেত্রে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানগুলো শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করে। ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠান নিজেদের প্ল্যাটফর্ম হিসাবে ক্ষুদ্রঋণ গ্রহীতার সামাজিক, আর্থিক, পারিবারিক, মানবিক শক্তিসহ নিজস্ব উদ্যোগ, ইচ্ছাশক্তি, চিন্তাভাবনা এবং **Peer-group** এর সহযোগিতার সমাহার ঘটিয়ে এবং সমন্বিত সকল শক্তিকে ছোট ছোট বিনিয়োগের ক্ষেত্রে কাজে লাগিয়ে ক্ষুদ্রঋণ গ্রহীতাকে আর্থিকভাবে সয়ম্বর করে তোলে। ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের তদারকিভিত্তিক বিনিয়োগের মাধ্যমে ঋণগ্রহীতার সঞ্চয়, আয় ও বিনিয়োগ ক্রমান্বয়ে বাড়তে থাকে। ফলে ঋণগ্রহীতাদের দরিদ্রতা দূর হয়, আত্মকর্মসংস্থান সৃষ্টি হয় এবং পুঁজি বৃদ্ধি হতে থাকে। দরিদ্র ও স্বল্পপুঁজির লোকেরা যখন এলাকায় ছোট ছোট উদ্যোক্তায় পরিণত হয় তখন তাদের সামাজিক মর্যাদা বৃদ্ধি পায় এবং শিক্ষা, স্বাস্থ্যসহ জীবনমান বৃদ্ধি পায়।

৩.৫. SWOT Analysis: অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা, প্রতিবন্ধকতা ও করণীয়

অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্র ঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা, প্রতিবন্ধকতা ও করণীয় সংক্রান্ত বিষয়াদি গবেষণা ওয়ার্কশপ, জরীপে প্রাপ্ত মতামত, এফজিডি ও কী ইনফরমেন্ট সাক্ষাৎকারের মাধ্যমে বিশ্লেষণ করা হয়। এ বিশ্লেষণে দেখা যায় অর্থনীতিতে ইতিবাচক ভূমিকা পালনে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির যেমন অনেক সম্ভাবনা রয়েছে তেমনি কিছু চ্যালেঞ্জ ও ঝুঁকি রয়েছে। এসকল বিষয় বহুল পরিচিত SWOT ম্যাট্রিক্স ব্যবহার করে ছক আকারে নিম্নে উপস্থাপন করা হ'ল।

Strength (সবল দিক)	Weakness (দুর্বল দিক)
<ul style="list-style-type: none"> ● শক্তিশালী আইনী ভিত্তি ● সহায়ক রেগুলেটরি কাঠামো ● প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবদিহিতা ● প্রান্তিক ও নিম্নআয়ের জনগোষ্ঠীকে সংগঠিত করে পুঁজি গঠন ও সম্পদ সৃষ্টিতে সহায়তা করে; ● সহজ শর্তে ঋণ প্রাপ্তি ও সহজলভ্য অর্থ প্রবাহ নিশ্চিত করে; ● নিম্নআয়ের মানুষের ঋণ পাওয়ার অধিকার নিশ্চিত করে; ● জনগণের দৌরগোড়ায় আর্থিক পরিষেবা পৌঁছে দেয়ার মাধ্যমে অধিক জনগোষ্ঠীকে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে সম্পৃক্ত করছে; ● ঋণ চাহিদামাফিক, সময়মত পাওয়া যায় বিধায় ঋণগ্রহীতা তার শ্রম ও মূলধনের যথাযথ অর্থনৈতিক ব্যবহার করতে পারে। ● ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিতে কাজ করে। 	<ul style="list-style-type: none"> ● মূলধন স্বল্পতা ● সুনির্দিষ্ট নীতিমালার অনুপস্থিতি ● তথ্যের অভিজগ্যতা কম ● বিষয়ভিত্তিক প্রশিক্ষণের অভাব ● দক্ষ জনবলের ঘাটতি ● প্রযুক্তি ব্যবহারে দুর্বলতা/অনীহা ● সঠিক মনিটরিং এর অভাব ● সমবায়ভিত্তিক ঋণদানকারী প্রতিষ্ঠানের উল্লেখ কাঠামো (কেন্দ্রীয় ও জাতীয় সমবায় সমিতি) শক্তিশালী নয় ● ঋণের ডকুমেন্টেশন ও সিকিউরিটিজ নির্ধারিত না থাকা ● ঋণ রিপেমেন্ট শিডিউল না থাকা ● অযৌক্তিক ইকুইটি রেশিও ● সনাতনী খাতে ঋণ প্রদানের ফলে ক্ষুদ্র উদ্যোগগুলো low technology trap এর মধ্যে দীর্ঘ সময় পড়ে থাকে ফলে কাঙ্ক্ষিত মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি সম্ভব হয়না ● ব্যবস্থাপনা ও পরিচালনা পৃথক না থাকা। ● ঋণের তহবিল বৃদ্ধিতে ব্যাংক বা অন্য কোন প্রতিষ্ঠান হতে আর্থিক সংস্থান না থাকা; ● ক্ষুদ্র উদ্যোক্তার উৎপাদিত পণ্যের মানোন্নয়ন ও

	বাজারজাতকরণে পর্যাপ্ত সহায়তার অভাব।
<p>Opportunity (সম্ভাবনা)</p> <ul style="list-style-type: none"> ● প্রান্তিক পর্যায়ে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে অংশগ্রহণ বৃদ্ধি ● অধিকতর জনগোষ্ঠীকে সমবায়ের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত করা সম্ভব ● জামানত ছাড়া বড় ঋণ প্রদান ● কৃষি ও অকৃষি খাতে উৎপাদনদীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন ● এসএমই খাতে উদ্যোক্তা তৈরীর মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। ● চড়া সুদে ব্যাংক ঋণ ছাড়াই সমিতির অর্থায়নে সেবা প্রতিষ্ঠান গড়ে তোলা ● ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির আর্থিক পরিষেবা বহুমুখীকরণ ● সমবায়ের মাধ্যমে স্থানীয় পর্যায়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও উদ্যোক্তা তৈরী ● নারীর ক্ষমতায়নে সরাসরি ভূমিকা পালন; 	<p>Threat (ঝুঁকি)</p> <ul style="list-style-type: none"> ● ঋণের উচ্চ সুদের হার ● অনুৎপাদনশীল খাতে বিনিয়োগ ● একই ব্যক্তির একাধিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ ● যে উদ্দেশ্যে ঋণ নেয়া হয় সে উদ্দেশ্যে তা ব্যবহার না করা ● খেলাপি ঋণ আদায়ে সমবায় আইন ও বিধিতে স্পষ্ট বিধি বিধানের অনুপস্থিতি; ● সমবায় সমিতিতে কোম্পানী আইনের আওতায় বিবেচনা করা। ● সমবায় পেশাদারিত্বের অনুপস্থিতি ● ক্ষুদ্রঋণের সেবার বৈচিত্র্যহীনতা ● পুঁজি সংগ্রহে মাত্রাতিরিক্ত মুনাফা প্রদান ● পকেট ব্যাংকিং। মাঠকর্মীরা অনেকসময় হালনাগাদ হিসাব পদ্ধতি না থাকার সুযোগে আদায়কৃত অর্থ সমিতিতে জমা করেনা এবং অনেক ক্ষেত্রে অর্থ আত্মসাৎ করে পালিয়ে যায় ● সমবায় সম্পর্কে নেতিবাচক ধারণা ● সদস্যদের আমানত নিয়ে নিখোঁজ/পালিয়ে যাওয়া ● সমবায়ের সদস্য ব্যতীত অসদস্য হতে আমানত সংগ্রহ ও বিভিন্ন হারে ঋণ প্রদান ● মানবসৃষ্ট ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের জন্য আর্থিক ও কারিগরি সহায়তার অভাব; ● আর্থিক ঝুঁকি ও টেকসহিতা বিবেচনা করে অতি দরিদ্র ও দুর্যোগপ্রবণ এলাকায় কাজ করার অনাগ্রহ; ● ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলোর নিজেদের মধ্যে অসম প্রতিযোগিতার ফলে মাঠে অর্থের সরবরাহ বৃদ্ধি হয় ও অপচয় হয় অনুৎপাদনশীল খাতে ব্যয় হলে মুদ্রাস্ফীতির সৃষ্টি হতে পারি।

8.0 সার্বিক পর্যবেক্ষণ

নির্ধারিত প্রশ্নমালার মাধ্যমে প্রাপ্ত তথ্য এবং গবেষণা দল কর্তৃক গৃহীত KII, FGD ও সেকেন্ডারী উৎস হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা পূর্বক পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

- ✚ গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় জরীপে অংশগ্রহণকারী সমবায়ী সদস্যের অধিকাংশেরই বয়স ৩৬ থেকে ৪৫ এর মধ্যে এবং অধিকাংশই মোটামুটি শিক্ষিত (প্রাইমারি ও মাধ্যমিক পাশ)। গবেষণায় অংশগ্রহণকারীর পরিবারগুলো একক উপার্জনকারীর উপর নির্ভরশীল। অধিকাংশের প্রধান পেশা ব্যবসা। তবে অনেকেই এ পেশার পাশাপাশি কৃষি কাজে ও চাকুরিতে নিযুক্ত রয়েছেন। অধিকাংশ সমবায়ী সদস্যদের মাথাপিছু মাসিক আয় ৫,০০০ থেকে ২৫,০০০ টাকার মধ্যে। তবে ২৫,০০০ টাকার উর্ধ্বে উপার্জনকারী সমবায়ীর সংখ্যাও কম নয়। ঋণ গ্রহীতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে অধিকাংশই ঋণ নিয়ে ক্ষুদ্র ব্যবসা ও কৃষি খাতে ব্যবহার করেছেন।
- ✚ জরীপে অংশগ্রহণকারীগণের মাধ্যমে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির সাংগঠনিক অবস্থা পর্যবেক্ষণ করে দেখা যায় অধিকাংশ সমিতিতে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি রয়েছে যাদের বড় অংশই নিয়মিত মাসিক সভা করে থাকে। এ সকল সমিতির নামে মোটামুটি স্থাবর সম্পত্তি (জমি, পুকুর, বাগান) রয়েছে। অধিকাংশ সমিতিরই সমবায় অধিদপ্তর কর্তৃক নিয়মিত বাৎসরিক নীরিক্ষা সম্পাদিত হয়। বেশিরভাগ সমবায় সমিতির ব্যাংক একাউন্ট থাকলেও প্রতি ১০টি সমিতির মধ্যে ১টি সমবায় সমিতির কোন ব্যাংক একাউন্ট নেই। এছাড়াও সমিতির ঋণ আদায় ও বিতরণ সংক্রান্ত হিসাব সংরক্ষণ করা হয় খাতাপত্রের মাধ্যমে। সফটওয়্যার এর ব্যবহার খুবই কম পাশাপাশি ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম মনিটরিং এর জন্য শক্তিশালী কোন মনিটরিং টুল নেই।
- ✚ ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলো মূলত তাদের সদস্যদের ঋণ সহায়তার পাশাপাশি প্রশিক্ষণ ও কারিগরি/ব্যবসায়িক পরামর্শ দিয়ে সহায়তা প্রদান করে থাকেন। তবে তা খুব বেশী নয়। বেশিরভাগ সমিতি ঋণ বিতরণ ব্যতীত তেমন কোন সহায়তা প্রদান করেনা। ঋণের অর্থ সদ্ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় সামর্থ্য সৃষ্টির জন্য যেসকল প্রশিক্ষণ দরকার তা সাধারণত সদস্যগণ পান না। কিছু কিছু ক্ষেত্রে নিয়ন্ত্রনকারী সংস্থা হিসেবে সমবায় অধিদপ্তর প্রশিক্ষণ সহায়তা প্রদান করে থাকে যা পর্যাপ্ত নয়। সমিতির কাছ থেকে সদস্যগণ ঋণ সহায়তা পাশাপাশি প্রশিক্ষণ, উপকরণ ইত্যাদি বাবদ সহায়তা আশা করে থাকেন।
- ✚ পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে প্রশিক্ষণলব্ধ জ্ঞান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। জরীপে অংশগ্রহণকারী অধিকাংশ সমবায়ী আয়বর্ধক খাতে প্রশিক্ষণ সহায়তা অপ্রতুল বলে জানিয়েছেন। দুই-তৃতীয়াংশ সদস্য

বলেছেন তারা ঋণের অর্থ ব্যবহারের জন্য কোন প্রকার প্রশিক্ষণ পাননি। সমবায় অধিদপ্তর সমবায়ীদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণের আয়োজন করে থাকলেও সর্বোচ্চ মুনাফা নিশ্চিত করার জন্য তা পর্যাপ্ত নয়। আরো আধুনিক প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। সমবায় অধিদপ্তরের পাশাপাশি সমবায় সমিতির তত্ত্বাবধানে সদস্যদের প্রশিক্ষণ সহায়তার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে গবেষণায় অংশগ্রহণকারীগণ মতামত দেন।

✚ গবেষণায় প্রাপ্ত মতামতে দেখা যায় সমবায় সমিতির কার্যক্রম পরিচালনায় প্রযুক্তির ব্যবহার খুবই কম (যেমন ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম মনিটরিং, ক্যাশলেস ট্রানজাকশন, মোবাইল ফাইন্যান্সিয়াল সিস্টেম (এমএফএস) এর ব্যবহার ইত্যাদি)। সমবায়ীগণ আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে তেমন আগ্রহী নয়।

✚ ঋণ, প্রযুক্তি, প্রশিক্ষণ, তথ্য ইত্যাদি উপাদানের সুফল গ্রহণ করার জন্য বিনিয়োগ প্রয়োজন। সমবায় সমিতিগুলোর পক্ষে যা সম্ভব হয়না। বিনিয়োগের সামর্থ্য সমবায় সমিতি বা এর সদস্যদের নেই। জরীপে অংশগ্রহণকারী সমবায়ী সদস্যদের মতে পর্যাপ্ত পরিমাণ ঋণের ব্যবস্থা করতে হবে। ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলোকে সাংগঠনিক ও আর্থিকভাবে শক্তিশালী করা হলে সমিতিগুলো সমবায়ী সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহায়ক ভূমিকা পালনে সমর্থ হবে অংশগ্রহণকারীগণ মনে করেন। এ ক্ষেত্রে ঋণ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে পারে যে কোন ব্যাংক অথবা সমবায় প্রতিষ্ঠান। পাশাপাশি বাংলাদেশ সমবায় ব্যাংক অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠানের ভূমিকা পালন করতে পারে। সরকার, বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশ সমবায় ব্যাংক এর এ বিষয়ে ভূমিকা রাখার যথেষ্ট সুযোগ রয়েছে।

✚ গবেষণায় অংশগ্রহণকারী সমবায়ীদের বিগত ৩ বছরের ঋণ প্রাপ্তির অভিজ্ঞতা বিশ্লেষণ করে দেখা গেছে সর্বনিম্ন ৪ হাজার টাকা থেকে শুরু করে সর্বোচ্চ ৫০ লাখ পর্যন্ত সমিতিগুলো থেকে ঋণ দেয়া হয়েছে। ঋণের সুদের হার সর্বনিম্ন ১০% হতে সর্বোচ্চ ২৪% পর্যন্ত এবং ঋণ পরিশোধের সময়সীমা ৩ মাস থেকে সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত। প্রাপ্ত তথ্য মতে বেশিরভাগ সদস্যই ব্যবসার উদ্দেশ্যে সমিতি থেকে ঋণ গ্রহণ করেছেন এবং এদের মধ্যে সিংহভাগ যে উদ্দেশ্যে ঋণ নিয়েছেন সে উদ্দেশ্যেই ব্যয় করেছেন বলে মতামত দিয়েছেন। তবে অনেকেই ঋণের কিছু অংশ কিংবা অনেকক্ষেত্রে ঋণের সম্পূর্ণ অর্থ গৃহ মেরামত, সন্তানের শিক্ষা, চিকিৎসা, স্বামীর ব্যবসা এবং অন্য ঋণ পরিশোধে ব্যয় করেছেন। মহিলাদের ক্ষেত্রে দেখা গেছে এক-তৃতীয়াংশ মহিলাই ঋণ নিয়ে নিজে ব্যয় করেননি বরং তাদের অর্থ অধিকাংশই তাদের স্বামী ব্যয় করেছেন।

- ✚ জরীপে অংশগ্রহণকারীগণের স্বাবর অস্বাবর সম্পদ বিশ্লেষণ করে দেখা যায় তাদের সম্পদ অর্জনে ক্ষুদ্রঋণের ইতিবাচক প্রভাব রয়েছে। অর্ধেকের বেশি সদস্যের স্বাবর সম্পদ ঋণ গ্রহণের পূর্ব হতে থাকলেও ঋণ গ্রহণের পূর্বে এবং পরে উভয় সময়ে এক তৃতীয়াংশ অংশগ্রহণকারীর স্বাবর সম্পদ অর্জিত হয়েছে।
- ✚ গবেষণায় দেখা গেছে অন্যান্য প্রতিষ্ঠান এর তুলনায় সমবায় সমিতি থেকে ঋণ গ্রহণের ক্ষেত্রে সমবায়ীগণ বেশি স্বাচ্ছন্দ বোধ করেন কারণ অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় সমিতি হতে দ্রুত পাওয়া যায়, পরিশোধ পদ্ধতি সহজ এবং পদ্ধতিগত জটিলতা কম তবে উল্লেখযোগ্য সংখ্যক অংশগ্রহণকারী উল্লেখ করেছেন সমবায় সমিতির ঋণের সুদের হার বেশি এবং ঋণের পরিমাণ যথেষ্ট নয়।
- ✚ ঋণ গ্রহণ ও প্রদান এবং ঋণের ঝুঁকি নিয়ে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করা হয়। ফলাফলে দেখা যায়, অংশগ্রহণকারীগণ ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রধান ঝুঁকি হিসেবে ঋণের উচ্চ সুদের হার, ঋণ গ্রহণের জন্য জামিনদার না পাওয়া এবং যে ট্রেডে ঋণ দেয়া হচ্ছে সে সম্পর্কে সঠিক জ্ঞান না থাকার কথা বলেছেন। অন্যদিকে ঋণ প্রদানের ক্ষেত্রে প্রধান ঝুঁকি হিসেবে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ বলেছেন অনেক ক্ষেত্রেই ঋণ গ্রহীতা এক কাজে ঋণ নিয়ে আরেক কাজে ব্যবহার করে থাকেন এবং ঋণ পরিশোধে অনীহা থাকে ফলে ঋণ প্রদানের উদ্দেশ্য ব্যহত হয় এবং ঋণগ্রহীতাকে ঋণ পরিশোধ করতে গিয়ে হিমসিম খেতে হয়।
- ✚ গবেষণা থেকে দেখা গেছে ঋণ প্রদানকারী সমবায় সমিতিগুলো অনেক সময় ঋণ গ্রহীতা নির্বাচনে ভুল করে এবং গ্রাহক পর্যায়ে অনেক সময় ঋণের অর্থের অপব্যবহার হয়। যেমন ঋণগ্রহীতার বেশিরভাগই হয় নিম্নবিত্ত বা বিত্তহীন তাই তারা এই ঋণের অর্থ অনেক সময় মৌলিক চাহিদা মেটাতে ব্যবহার করে ফেলে আবার একই ব্যক্তির নিকট অনেক প্রতিষ্ঠানের ঋণ চলে যায় ফলে ঋণ পরিশোধ বা আদায় কষ্টসাধ্য হয়ে পড়ে এবং নিম্ন আয়ের মানুষ ঋণ চক্রে আবদ্ধ হয়ে পড়ে। এছাড়াও দেখা গেছে সঠিক ঋণ গ্রহীতা নির্বাচন ও বিনিয়োগযোগ্য ব্যবসা ও উদ্যোগকে কেন্দ্র করে উপযুক্ত অর্থায়ন না করার ফলে অনেক সময় এ অর্থ অনুপাদনশীল খাতে ব্যয় হয় ফলে ঋণ কার্যক্রমের মূল উদ্দেশ্য ব্যহত হয় এবং কাল্পিত ফলাফল পাওয়া যায়না।
- ✚ ঋণ পরিশোধ পদ্ধতি সংক্রান্ত প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা গেছে বেশিরভাগ ক্ষেত্রে বাড়ি বাড়ি গিয়ে ঋণ এর কিস্তি আদায় করা হয় পাশাপাশি সদস্যরা নিজে গিয়ে কিস্তি জমা দিয়ে আসেন। ব্যাংক বা মোবাইল ফাইন্যান্সিয়াল সিস্টেম ব্যবহার করে ঋণ পরিশোধের হার খুবই নগন্য এবং এটি তাদের পছন্দের

ঋণ পরিশোধ প্রক্রিয়া নয়। বেশিরভাগ সদস্যের পছন্দের শীর্ষে রয়েছে সমিতি কর্তৃক বাড়ি বাড়ি গিয়ে ঋণের অর্থ আদায়। এছাড়াও সমিতি কর্তৃক ঋণ বিতরণ ও আদায়ের হিসাব ম্যানুয়াল পদ্ধতিতে খাতাপত্রের মাধ্যমে সংরক্ষণ করা হয়। সফটওয়্যারের ব্যবহার খুব কম। এ থেকে প্রতীয়মান হয় প্রযুক্তি সম্পর্কে অজ্ঞতা এবং প্রযুক্তির সীমিত ব্যবহারের কারণে সমবায়ীগণ এ প্রক্রিয়ায় লেনদেনে স্বাচ্ছন্দ্যবোধ করেন না।

✚ গবেষণায় প্রাপ্ত তথ্য মতে অধিকাংশ সমবায় সমিতি ঋণ গ্রহণ ও পরিশোধে লিখিত চুক্তিপত্র অনুসরণ করলেও ঋণ আদায় ও বিতরণ সংক্রান্ত সমিতির কোন সুনির্দিষ্ট ঋণ নীতিমালা নেই।

✚ সমিতি কর্তৃক ঋণ বিতরণ ও আদায়ের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে ৯৫% সমিতি সদস্যদের জমাকৃত শেয়ার ও সঞ্চয় আমানত থেকে ঋণ প্রদান করে থাকে। এছাড়াও সমিতির নিজস্ব তহবিল থেকেও ঋণ প্রদান করা হয়। ঋণের কিস্তি আদায়ের হার ভাল। এছাড়াও জরীপে অংশগ্রহণকারী সমিতিগুলোর বিগত ৩ বছরের নিট মুনাফা পর্যালোচনা করে দেখা যায় প্রতিবছরই মুনাফার পরিমাণ বৃদ্ধি পাচ্ছে যা সমিতির কার্যক্রমের সফলতা নির্দেশ করে।

✚ গবেষণায় ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলোর সমস্যা এবং সমাধানে করণীয় বিষয়ে প্রাপ্ত মতামত বিশ্লেষণ করে দেখা যায় অংশগ্রহণকারীগণ তহবিল স্বল্পতা, জামানত/সম্পত্তি মর্টগেজ দেওয়া, ঋণের কঠিন শর্তাবলী, ব্যাংক হিসাবের বিপরীতে ব্ল্যাংক চেক গ্রহণ, উচ্চ সুদের হার, সঠিক ঋণ গ্রহীতা নির্বাচন না করা, ঋণের অর্থ নির্ধারিত খাতে বিনিয়োগ না হওয়া কে সমস্যা হিসেবে চিহ্নিত করেছেন। বর্ণিত এসকল সমস্যা সমাধানের জন্য সমিতি কর্তৃক সদস্যদের শেয়ার/সঞ্চয় আদায় নিশ্চিতকরণ ও সঞ্চয়ের বিপরীতে ঋণ প্রদান, কঠিন শর্তাবলী সহজ করা, ব্ল্যাংক চেক গ্রহণ পরিহার, যে কাজে ঋণ দেওয়া হয়েছে সে কাজেই ঋণের অর্থ ব্যবহার নিশ্চিত করা, ঋণ প্রদানের পূর্বে ঋণ গ্রহীতার প্রস্তাবিত প্রকল্প পরিদর্শনসহ ঋণ প্রদানের পর নির্দিষ্ট মেয়াদ অন্তর ব্যবসা/প্রকল্পের কার্যক্রম পরিদর্শন, এবং উচ্চ সুদের হার কমানোর বিষয়ে অংশগ্রহণকারীগণ সুপারিশ করেন।

✚ সমবায় সমিতি হতে প্রদত্ত ঋণ সঠিক ও কার্যকরভাবে ব্যবহারের ক্ষেত্রে কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের বিষয়ে গবেষণায় মতামত প্রদান করা হয়েছে। যেমন, জামিনদারকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসা, ঋণের কিস্তি পরিশোধে ঋণগ্রহীতা সদস্যকে আইনগতভাবে বাধ্য থাকার প্রবিধান সৃষ্টি এবং সমিতির সদস্যদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও উজ্জীবন সভা করার বিষয়ে গবেষণায় অংশগ্রহণকারীগণ মতামত

দেন। এ সুপারিশগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা হলে ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত সম্ভব হবে এবং ঋণগ্রহীতা সমবায়ীগণ নিজের অবস্থার উন্নতি করতে পারবে বলে জরীপে অংশগ্রহণকারীগণ মনে করেন।

✚ জরীপ প্রশ্নমালা এবং এফজিডি হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রায় সকল অংশগ্রহণকারী মনে করেন এলাকার অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে এবং পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি ইতিবাচক প্রভাব ফেলছে। গবেষণার নমুনা হতে **Z-test** হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী শতকরা ৮০ জনের অধিক সদস্য মনে করেন যে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অধিকাংশই আয় বৃদ্ধি, উদ্যোক্তা তৈরী ও স্বকর্মসংস্থান সৃষ্টিতে সমিতির ভূমিকার কথা বলেছেন। এছাড়াও ক্ষুদ্রঋণ কার্যক্রম সদস্যদের আয়ের উপর কী ধরনের প্রভাব ফেলেছে তা বিশ্লেষণের জন্য **Paired t-test** এর মাধ্যমে ঋণ গ্রহণের পূর্বের এবং ঋণ গ্রহণের পরের আয়ের পার্থক্য পরিমাপ করা হয়। ফলাফলে দেখা গেছে ঋণ গ্রহণ এবং তার সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে সদস্যদের আয় উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

✚ ঋণ গ্রহণের মাধ্যমে প্রাপ্ত সুফল ও কুফল বিশ্লেষণ করে দেখা যায় সুফল হিসেবে অংশগ্রহণকারীগণ আয় বৃদ্ধি, স্থায়ী সম্পদ বৃদ্ধি এবং সামাজিক মর্যাদা বৃদ্ধির কথা বলেছেন এবং ক্ষুদ্রঋণের কুফল হিসেবে ঋণ নির্ভরতা বৃদ্ধির কথা বলেছেন। এছাড়াও অধিকাংশ অংশগ্রহণকারী মনে করেন উদ্যোক্তা সৃষ্টি এবং স্বকর্মসংস্থান সৃষ্টিতে সমিতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ গবেষণায় প্রাপ্ত মতামত অনুযায়ী সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

✚ গবেষণায় প্রাপ্ত তথ্যমতে মহিলা ঋণ গ্রহীতার পারিবারিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে, পরিবারের অর্থনৈতিক কর্মকান্ডে বা গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে নারীদের অংশগ্রহণ উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পাচ্ছে। অর্থাৎ নারীর ক্ষমতায়নে সমবায় সমিতির ক্ষুদ্রঋণ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

✚ অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ভূমিকা আরও সম্প্রসারণ ও সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে এসকল সমিতির ইতিবাচক প্রভাব বৃদ্ধির জন্য সমিতিগুলোকে শক্তিশালী করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে অংশগ্রহণকারীগণ সমিতির শেয়ার, সঞ্চয় ও সদস্য সংখ্যা বৃদ্ধি, নির্দিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান, সমিতির হিসাব পদ্ধতি আধুনিকায়ন, সমিতির জন্য প্রকল্প গ্রহণ এবং সমিতি হতে

সদস্যদের জন্য আয়বর্ধক কর্মসূচী/প্রকল্প গ্রহণ, সুনির্দিষ্ট ঋণ নীতিমালা প্রণয়ন, বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বল্প সুদে ঋণ সহায়তা প্রদান এবং সমিতিতে আইনগত সহায়তা প্রদানের সুপারিশ করেছেন।

✚ ক্ষুদ্রঋণ সেবার সাথে ঋণগ্রহীতার অভিজ্ঞতা অনুযায়ী তাদের সন্তুষ্টির মাত্রা বিশ্লেষণ করে দেখা যায় বেশিরভাগ অংশগ্রহণকারী সন্তুষ্টি প্রকাশ করেছেন যেহেতু সমিতি হতে ঋণ নিয়ে তারা উপকৃত হয়েছেন। বিশেষ করে ক্ষুদ্র ব্যবসার সাথে জড়িত সমবায়ীগণ একাধিকবার ঋণ নিয়ে তাদের ব্যবসা সম্প্রসারণ করতে পেরেছেন। ক্ষুদ্রঋণের গুরুত্ব অনুধাবন করে প্রায় সকলেই মনে করেন পরিবার/আত্মীয়স্বজন বা প্রতিবেশীদেরকে ক্ষুদ্রঋণ সেবা গ্রহণের জন্য সুপারিশ করবেন যা তাদের সন্তুষ্টিরই বহিঃপ্রকাশ।

৫.০ সুপারিশ

প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র ঋণের ব্যাপক ভূমিকা রয়েছে। অন্তর্ভুক্তিমূলক অর্থনীতে বিভিন্ন শ্রেণি ও পেশার জনগোষ্ঠীর অধিকতর অংশগ্রহণ নিশ্চিতকল্পে সমবায়ের অবদান বৃদ্ধির ক্ষেত্রে কিছু প্রাতিষ্ঠানিক দুর্বলতা, প্রতিবন্ধকতা ও ঝুঁকি রয়েছে যা গবেষণা হতে বের হয়ে এসেছে এবং এতদ্বিষয়ে করণীয় সংক্রান্ত সুপারিশ পাওয়া গিয়েছে যা নিম্নরূপ:

- সমবায় অধিদপ্তর কর্তৃক সমন্বিত আমানত, বিনিয়োগ ও ঋণ নীতিমালা প্রণয়নসহ সকল সমবায় সমিতির জন্য তা অনুসরণ বাধ্যতামূলক করা;
- ঋণের সুদের হার যৌক্তিকিকরণ;
- সুদের হার ও মুনাফার সর্বোচ্চ সীমা নির্ধারণ;
- সমবায় ঋণের সিলিং অনুযায়ী মার্চগেজ পদ্ধতির প্রচলন;
- সমিতির ঋণ কার্যক্রম পরিচালনার জন্য একটি সমন্বিত একাউন্টিং ও রিপোর্টিং সফটওয়্যার তৈরী ও সকল সমিতির জন্য তা ব্যবহার নিশ্চিত করা;
- ঋণ কার্যক্রম তদারকির জন্য শক্তিশালী মনিটরিং ব্যবস্থা চালুকরণ;
- যে কাজে ঋণ দেয়া হচ্ছে সে কাজেই ব্যয় হচ্ছে কিনা তা ঋণদানকারী সমবায় সমিতি কর্তৃক যাচাই করা;
- ঋণ প্রদানের পূর্বে সমিতি কর্তৃক ঋণের আবেদনকারীর অন্য কোন অপরিশোধিত প্রাতিষ্ঠানিক ঋণ রয়েছে কিনা তা যাচাই করা;
- ঋণ গ্রহণের উদ্দেশ্য, ঋণ গ্রহীতার আয়ের উৎস ইত্যাদি বিবেচনায় এনে সমিতি কর্তৃক ঋণের কিস্তি/সার্ভিস চার্জ/পরিশোধের সময়সীমা নির্ধারণ;
- ঋণপ্রদানকারী সমবায় সমিতির ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য স্মার্ট প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ এবং সঠিক ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণের অর্থ প্রদান, ঋণের অর্থ ব্যবহার, কিস্তি পরিশোধ পদ্ধতি প্রযুক্তি নির্ভর করা;
- সমবায় সমিতি কর্তৃক প্রদত্ত ঋণের অর্থ আয়বর্ধক খাতে বিনিয়োগ নিশ্চিত করা;
- সমবায় অধিদপ্তর কর্তৃক সৃষ্ট আইন ও ভারসাম্যপূর্ণ নিয়ন্ত্রণ ব্যবস্থা তৈরীর মাধ্যমে ক্ষুদ্রঋণপ্রদানকারী সমবায় সমিতিগুলোর স্বচ্ছতা, স্থিতিশীলতা ও সদস্যদের সুরক্ষা নিশ্চিত করা এবং এ খাতে আর্থিক অনিয়ম ও অসম প্রতিযোগিতা রোধ করা;

- ঋণ পরিচালনাকারী সমবায় সমিতির ব্যবস্থাপনার সাথে জড়িত সদস্যদের জন্য নিয়মিত বিশেষায়িত প্রশিক্ষণ এবং ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণগ্রহীতার জন্য ট্রেডভিত্তিক ও ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধিকর জন্য সমবায়ভিত্তিক প্রকল্প গ্রহণ;
- বাংলাদেশ ব্যাংক, তফসিলি ব্যাংক, পিকেএসএফসহ দেশি বিদেশি উন্নয়ন সংস্থা হতে ক্ষুদ্রঋণ বিতরণকারী সমবায় সমিতির জন্য সহজ শর্তে মূলধন সরবরাহ নিশ্চিত করা;
- সমবায় সমিতিতে অর্থায়নের নিমিত্তে সমবায় ব্যাংককে শক্তিশালীকরণ ও সক্ষমতা বৃদ্ধি;
- সমবায় অধিদপ্তরের নিয়ন্ত্রণে আমানত সুরক্ষা তহবিল গঠন করে উক্ত তহবিল হতে সমিতিতে চাহিত মূলধন সরবরাহের ব্যবস্থা করা;
- একক ব্যক্তি সদস্য কর্তৃক ক্ষুদ্র ঋণের অর্থ দ্বারা স্থায়ী অবস্থার উন্নয়নের সুযোগ সীমিত বিধায় সমিতির সদস্যদের মধ্য থেকে গ্রুপ তৈরী করে স্থানীয় চাহিদার ভিত্তিতে তাদেরকে যৌথ ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে ঋণ বিতরণ। অর্থাৎ মাইক্রো ক্রেডিটিং এর পরিবর্তে মাইক্রো ফাইন্যান্সিং এর ব্যবস্থা গ্রহণ;
- ঋণ আদায়ে আইনী সহায়তা প্রদান ও ডিসপুট মামলা উৎসাহিতকরণ;
- ঋণ প্রদানে প্রাকৃতিক দুর্যোগ ও মৃত্যুবুঁকি বিবেচনা করা;
- নগদ তহবিল উদ্বৃত্ত রয়েছে এমন সমবায় সমিতিসমূহ হতে নগদ তহবিল ঘাটতি রয়েছে এমন সমিতিসমূহে স্বল্প সার্ভিস চার্জে কল মানি সরবরাহ করা;
- ঋণ গ্রহীতাকে তাঁর সঞ্চয়ের ৪০ এর পরিবর্তে ৮০ বা ১০০ গুণ ঋণ দেয়ার ব্যবস্থা করা;
- সঞ্চয়ের বিপরীতে বাধ্যতামূলকভাবে নির্ধারিত হারে তারল্য সংরক্ষণ;
- সংরক্ষিত তহবিল গঠন;
- উপজেলা পর্যায়ে স্বল্পসুদে ঘূর্ণায়মান তহবিল দেয়া;
- ঋণের তহবিল বৃদ্ধির জন্য সরকার, ব্যাংক বা অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে আর্থিক সংস্থান
- ত্রিপর্যায় চুক্তি (ব্যাংক, সমিতি ও সরকার) করে সমিতিতে ঋণ দেয়া;
- ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির দক্ষতা বৃদ্ধি ও প্রযুক্তি ব্যবহার করে পরিচালনা ব্যয় হ্রাস;
- ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির আর্থিক পরিষেবা বহুমুখীকরণ;
- সমবায় সমিতির সুবিধা তুলে ধরে প্রচারণা বৃদ্ধি করা;
- ঋণগ্রহীতার আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনের বিষয়ে পিরিওডিক্যাল মূল্যায়ন;
- সকল ঋণ প্রদানকারী সমবায় সমিতির পারফরমেন্স অডিট নিশ্চিত করা;

- ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতি কর্তৃক সাধারণ মানুষের তহবিল তহরুপের বিষয়ে সমবায় সমিতি আইন ও বিধির প্রয়োগ নিশ্চিত করা;
- ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধন প্রদান প্রক্রিয়া অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করা যাতে ভুঁইফোড় স্বার্থাশেষী সমবায় সমিতি গড়ে উঠতে না পারে;
- সমিতির ক্যাটাগরি পুনর্বিন্যাসকরণের মাধ্যমে একই কর্ম এলাকায় একই ক্যাটাগরির একাধিক সমিতির মধ্যে অশুভ প্রতিযোগিতা বন্ধ করা।

৬.০ উপসংহার

পরিশেষে বলা যায় দেশের বিপুল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, উদ্যোক্তা তৈরী ও কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন এবং সর্বোপরি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে বিভিন্ন পেশার, ধর্ম, বর্ণ, বয়স নির্বিশেষে সকল স্তরের জনগণের অংশগ্রহণ নিশ্চিতকল্পে সরকারের উন্নয়ন নীতি ও পরিকল্পনার অংশ হিসেবে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলো উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। স্বল্প আয়ের মানুষদেরকে অর্থনৈতিক ও সামাজিকভাবে ক্ষমতায়নের ক্ষেত্রে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠান একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠিত এবং প্রান্তিক পর্যায়ে সাধারণ উদ্যোক্তাদের প্রয়োজন অনুযায়ী স্থিতিশীল ও সহজলভ্য অর্থ প্রবাহের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ক্ষুদ্রঋণদানকারী প্রতিষ্ঠানসমূহের ইতিবাচক ভূমিকা অনস্বীকার্য। গবেষণায় প্রাপ্ত ফলাফলে দেখা গেছে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির মাধ্যমে ঋণগ্রহীতা সদস্যদের শেয়ার,সঞ্চয়, আয় ও বিনিয়োগ ক্রমান্বয়ে বাড়তে থাকে এবং ঋণের অর্থের সঠিক বিনিয়োগের মাধ্যমে ঋণগ্রহীতার ব্যবসা প্রসারিত হয়, পুঁজি বৃদ্ধি পায়, ঋণগ্রহীতার দারিদ্র্য দূর হয় এবং দরিদ্র ও স্বল্পপুঁজির মানুষেরা ছোট ছোট উদ্যোক্তায় পরিণত হয়। তবে এ গবেষণা হতে প্রাপ্ত ফলাফলে অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিতে ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতির শক্তিশালী ভূমিকা পালনের ক্ষেত্রে কিছু চ্যালেঞ্জ চিহ্নিত করা হয়েছে এবং করণীয় বিষয়ে সুপারিশ করা হয়েছে। প্রাপ্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ, সংস্কার, কর্মসূচি, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হলে সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের পাশাপাশি ক্ষুদ্রঋণদানকারী সমবায় সমিতিগুলো দেশের সামগ্রিক অর্থনীতিতে অধিকতর ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হবে।

গ্ৰন্থপঞ্জি

১. সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩), সমবায় অধিদপ্তর।
২. সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০), সমবায় অধিদপ্তর।
৩. বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন ২০২৩, সমবায় অধিদপ্তর।
৪. Armendáriz, B., & Morduch, J. (2010). *The Economics of Microfinance*. MIT Press.
৫. Bateman, M. (2010). *Why Doesn't Microfinance Work? The Destructive Rise of Local Neoliberalism*. Zed Books.
৬. Birchall, J. (2003). *Rediscovering the cooperative advantage-Poverty reduction through self-help*. International Labour Organisation.
৭. Birchall, J. (2013). *Resilience in a Downturn: The Power of Financial Cooperatives*. International Labour Office.
৮. Chagnon, S. (2012). *Desjardins: History and Impact of a Cooperative Financial Group*. Quebecor Media.
৯. Cheney, G., Santa Cruz, I., Peredo, A. M., & Nazareno, E. (2014). Worker cooperatives as an organizational alternative: Challenges, achievements and promise in business governance and ownership. *Organization*, 21(5), 591-603.
১০. Chowdhury, A. (2009). *Microfinance as a Poverty Reduction Tool: A Critical Assessment*. DESA Working Paper No. 89. United Nations.
১১. Cull, R., & Murdoch, J. (2017). *Microfinance and Economic Development*. Cambridge University Press.
১২. Cull, R., Demirgüç-Kunt, A., & Morduch, J. (2009). *Microfinance Meets the Market*. Journal of Economic Perspectives, 23(1), 167-192.
১৩. Datta, R. (2003). *From Development to Empowerment: The Self-Employed Women's Association in India*. International Journal of Politics, Culture, and Society, 16(3), 351-368.
১৪. Duflo, E., & Banerjee, A. (2011). *Poor Economics: A Radical Rethinking of the Way to Fight Global Poverty*. PublicAffairs.
১৫. Goddard, J., McKillop, D., & Wilson, J. O. S. (2014). *The Co-operative Bank Crisis: Lessons from the Failure of Co-operative Governance*. International Journal of Cooperative Management, 8(1), 7-17.
১৬. Guérin, I., Labie, M., & Morvant-Roux, S. (2015). *The Crises of Microcredit*. Zed Books.
১৭. Islam, M. A., & Mamun, Z. M. (2005). *Role of Micro-Credit in Poverty Alleviation in Bangladesh: A Study on Grameen Bank*. Journal of Socio-Economics, 34(4), 460-481.

১৮. Jack, W., & Suri, T. (2011). *Mobile money: The economics of M-Pesa*. NBER Working Paper No. 16721.
১৯. Johnson, H., & Shaw, L. (2014). Rethinking rural co-operatives In development: Introduction to the policy arena. *Journal of International Development*, 26(5), 668-682.
২০. Kabeer, N. (2001). *Resources, Agency, Achievements: Reflections on the Measurement of Women's Empowerment*. Sida Studies.
২১. Kabeer, N. (2005). *Is Microfinance a Magic Bullet for Women's Empowerment?* Economic and Political Weekly, 40(44-45), 4709-4718.
২২. Karim, L. (2011). *Microfinance and Its Discontents: Women in Debt in Bangladesh*. University of Minnesota Press.
২৩. Khalily, M. A. B., & Khaleque, M. A. (2013). *Institutional Sustainability of Microfinance Institutions in Bangladesh*. Dhaka University Journal of Business Studies, 34(1), 101-119.
২৪. Ledgerwood, J. (2013). *The New Microfinance Handbook: A Financial Market System Perspective*. World Bank Publications.
২৫. Morduch, J. (1999). *The Microfinance Promise*. Journal of Economic Literature.
২৬. Nair, T. S. (2011). *Microfinance: Lessons from a Crisis*. Economic and Political Weekly, 46(6), 23-26.
২৭. Nooteboom, B. (2006). *Trust and Innovation in Cooperative Banking: Lessons from Rabobank*. Journal of Institutional Economics, 2(1), 47-72.
২৮. Rahman, M. S., Rahman, S. M., & Haque, M. A. (2020). *Digital Financial Services in Bangladesh: Prospects and Challenges*. Journal of Business and Economics, 12(3), 101-119.
২৯. Robinson, M. S. (2001). *The Microfinance Revolution: Sustainable Finance for the Poor*. World Bank Publications.
৩০. Schicks, J. (2014). *Over-Indebtedness in Microfinance: An Empirical Analysis of Related Factors on the Borrower Level*. World Development, 54, 301-324.
৩১. Wanyama, F. O. (2009). *Surviving Liberalization: The Cooperative Movement in Kenya*. ILO Publications.
৩২. Yunus, M. (2007). *Creating a World Without Poverty: Social Business and the Future of Capitalism*. Public Affairs.

দৈবচয়নের ভিত্তিতে নির্বাচিত উপজেলার তালিকা

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত সমিতির সংখ্যা
রাজশাহী	জয়পুরহাট	আক্কেলপুল	১টি
		পাঁচবিবি	১টি
		জয়পুরহাট সদর	১টি
	নওগাঁ	বদলগাছী	১টি
		মান্দা	১টি
		নওগাঁ সদর	১টি
	সিরাজগঞ্জ	রায়গঞ্জ	১টি
		উল্লাপাড়া	১টি
		সদর	১টি
	চাঁপাইনবাবগঞ্জ	সদর	১টি
		নাচোল	১টি
		শিবগঞ্জ	১টি
	পাবনা	সদর	১টি
		ইশ্বরদী	১টি
		সুজানগর	১টি
	বগুড়া	কাহালু	১টি
		সদর	১টি
		আদমদিঘী	১টি
	নাটোর	বাগাতিপাড়া	১টি
		সদর	১টি
		লালপুর	১টি
	রাজশাহী	বাঘা	১টি

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত সমিতির সংখ্যা
		সদর	১টি
		বোয়ালমারী	১টি
	মোট		২৪ টি

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত সমিতির সংখ্যা
বরিশাল	বরিশাল	গৌরনদী	১টি
		বাকেরগঞ্জ	১টি
		মুলাদী	১টি
		সদর	৩টি
		মেহেন্দিগঞ্জ	১টি
		হিজলা	১টি
		বানারীপাড়া	২টি
		উজিরপুর	৩টি
		আগৈলঝাড়া	১টি
	পটুয়াখালী	কলাপড়া	২টি
		গলাচিপা	২টি
		দশমিনা	১টি
		দুমকী	১টি
		বাউফল	২টি
	পিরোজপুর	কাউখালী	১টি
		মঠবাড়িয়া	১টি
		সদর	৩টি
		ইন্দুরকানী	১টি
		ভান্ডারিয়া	১টি

		নাজিরপুর	১টি
		নেছারাবাদ	২টি
	ভোলা	সদর	১টি
		দৌলতখান	১টি
		বোরহানউদ্দিন	১টি
		তজমুদ্দিন	১টি
		লালমোহন	১টি
		চরফ্যাশন	২টি
		মনপুরা	১টি
	ঝালকাঠি	সদর	২টি
		রাজাপুর	১টি
		নলছিটি	২টি
		তালতলী	১টি
		বেতাগী	১টি
		বামনা	১টি
		আমতলী	১টি
	বরগুনা	পাথরঘাটা	২টি
		সদর	৩টি
	মোট		৫৪ টি

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত সমিতির সংখ্যা
সিলেট	সুনামগঞ্জ	সদর	১টি
		মধ্যনগর	১টি
		শাল্লা	১টি
	মৌলভীবাজার	সদর	১টি
		কুলাউড়া	১টি
		কমলগঞ্জ	১টি

	সিলেট	সদর	১টি
		বিশ্বনাথ	১টি
		গোপালগঞ্জ	১টি
	হবিগঞ্জ	চুনাবুঘাট	১টি
		বানিয়াচং	১টি
		মাধবপুর	১টি
	মোট		১২টি

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত সমিতির সংখ্যা
রংপুর	রংপুর	পীরগঞ্জ	১টি
		সদর	১টি
	গাইবান্ধা	সদর	১টি
		গোবিন্দগঞ্জ	১টি
	কুড়িগ্রাম	নাগেশ্বরী	১টি
		ফুলবাড়ী	১টি
	নিলফামারী	সদর	১টি
		সৈয়দপুর	১টি
	দিনাজপুর	সদর	১টি
		বোচাগঞ্জ	১টি
	ঠাকুরগাঁও	সদর	১টি
		পীরগঞ্জ	১টি
	পঞ্চগড়	বোদা	১টি
		তেতুলীয়া	১টি
	মোট		১৪টি

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত সমিতির সংখ্যা
-------------	-----------	-------------	-------------------------

চট্টগ্রাম	চট্টগ্রাম	ডবলমুরিং	১টি
		পাঁচালাইশ	১টি
		কোতয়ালী	১টি
		সন্দীপ	১টি
	কক্সবাজার	সদর	১টি
		চকরিয়া	১টি
		পেকুয়া	১টি
	রাংগামাটি	সদর	১টি
		রাজস্থলী	১টি
		নানিয়ারচর	১টি
	খাগড়াছড়ি	সদর	১টি
		মাটি রাংগা	১টি
		পানছড়ি	১টি
	ফেনী	সদর	১টি
		দাগনভূঁয়া	১টি
		পরশুরাম	১টি
	নোয়াখালী	সদর	১টি
		কবিরহাট	১টি
		কোম্পানীগঞ্জ	১টি
	লক্ষীপুর	রায়পুর	১টি
		রামগঞ্জ	১টি
		সদর	১টি
	কুমিল্লা	সদর	১টি
		হোমনা	১টি
		লাকসাম	১টি
		মুরাদনগর	১টি
	চাঁদপুর	সদর	১টি

		ফরিদগঞ্জ	১টি
		শাহরাস্তি	১টি
	ব্রাহ্মণবাড়িয়া	বাঞ্চারামপুর	১টি
		নবীনগর	১টি
		সদর	১টি
	মোট		৩২ টি

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত সমিতির সংখ্যা
ময়মনসিংহ	ময়মনসিংহ	গৌরীপুর	১টি
		ফুলবাড়ীয়া	১টি
		হালুয়াঘাট	১টি
	শেরপুর	সদর	১টি
		নকলা	১টি
		নালিতাবাড়ী	১টি
	নেত্রকোনা	সদর	১টি
		কমলাকান্দা	১টি
		পূর্বাধলা	১টি
	জামালপুর	সরিষাবাড়ী	১টি
		মাদারগঞ্জ	১টি
		সদর	১টি
	মোট		১২টি

